এমন জালেম শাসক, যারা মূর্তির পৃষ্ঠপোষক, ইবলিসী জীবনব্যবস্থার রক্ষক এবং আল্লাহর বান্দাদেরকে সেনাশক্তির জোরে ছিয়াশি বছর থেকে (খেলাফতে উসমানিয়ার পতনের পর থেকে) ইসলামী নিযাম ও জীবনব্যবস্থা থেকে দূরে রেখেছে, তারা কি করে ইমামুল মুসলিমনী হতে পারে?

বৈশ্বিক বাস্তবতা

এখানে সুরতহাল হল, সমস্ত কুফরি শক্তি মিলে প্রথমে খেলাফতে উসমানিয়াকে ভেঙ্গেছে । মুসলিম দেশগুলোতে বাস্তবায়িত পবিত্র শরীয়তকে ব্রিটেন এবং ফ্রান্সের সেনাবাহিনী আক্রমণ করে খতম করেছে। এরপর প্রবৃত্তির ভিত্তিতে প্রণীত গণতান্ত্রিক ব্যবস্থাকে মুসলিম বিশ্বের উপর চাপিয়ে দেয়া হয়েছে ।

এই পর্যায়ে ইহুদীদের সম্মুখে একটি জটিলতা দেখা দেয় । এই ব্যবস্থা পরিচালনা ও নিরাপত্তার জন্য স্থানীয় ব্যক্তির প্রয়োজন অনুভূত হয় । কারণ বাহির থেকে আসা সৈনিকরা এলাকা তো দখল করতে পারে, কিন্তু স্থানীয় লোকদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন সাধন করা তাদের জন্য সহজ কাজ ছিল না।

যাহোক, তারা এর সমাধান এভাবে করে যে, স্থানীয় লোকদের চিন্তা-ফিকির পরিবর্তনের জন্য মুসলিম কান্দ্রিগুলোতে আলীগড় স্টাইলে সেকুলার সিলেবাসের শিক্ষাব্যবস্থা তথা স্কুল কলেজের জাল বিছিয়ে দেয় । দাবি যদিও করা হয় যে, আমাদের (ইংরেজ ও ফ্রাঙ্গিদের) উদ্দেশ্য মুসলিম জাতিকে জ্ঞান-বিজ্ঞানে সমৃদ্ধ করে পৃথিবীতে সম্মান ও মর্যাদাবান করা, কিন্তু আল্লাহওয়ালাগণ তখনও এই “শ্রোগান'-এর হাকিকত ও তাৎপর্য সম্পর্কে এমনভাবেই অবগত ছিলেন, বর্তমানের মানুষ প্রতারিত হওয়ার পর যেমন অবগত হয়েছে । আর অনেকে তো এখনও এই মরীচিকাকে গন্তব্য মনে করে তার পিছনে দৌড়াচ্ছে।
মসলিম জাতির দুশমন শক্তি মুসলমানদেরকে জ্ঞান-বিজ্ঞানের কী দিবে? আধুনিক এই শিক্ষার দ্বারা তারা এমন এক শ্রেণীর ব্যক্তি তৈরি করে, যারা কথা-বার্তা ও নামে-ধামে তো মুসলমান ঠিকই, কিন্তু মন-মস্তিষ্কে পুরোপুরি তদের প্রভুর হয়ে যায়।
যাহোক, মুসলমান পরিবারে জন্মগ্রহণকারী এই প্রজন্মকে ইংরেজের গোলাম

বানানোর পর ইহুদীদের এই সমস্যার সমাধান হয়ে যায় । এরপর এই সেকুলার জীবনব্যবস্থা পরিচালনার জন্য এদের থেকেই ব্যুরোক্রেসি (Bureaucrcy) বা আমলা বানানো হয় । আসল বিষয় হল শক্তির মাধ্যমে এই ইবলিসি নিযামকে মুসলিম কান্দ্রগুলোতে বাস্তবায়ন করা এবং চালু রাখাই তাদের মূল টার্গেট । আর এর জন্য সেকুলার শিক্ষা প্রতিষ্ঠানগুলো থেকে শিক্ষাসমাপকারীদের নিয়ে পুলিশ ও সেনাবহিনী গঠন করা হয় । যাদের থেকে এ বিষয়ের শপথ নেয়া হয়েছে যে, তারা প্রত্যেকেই নিজ দেশের প্রচলিত জীবনব্যবস্থার (সেকুলারেজম বা গণতন্ত্র) আনুগত্য করবে এবং এর রক্ষক হবে ।

পূর্বেই বলা হয়েছে যে, ইংরেজভূষণ এই শ্রেণীর ভাষা, নাম এবং বংশ স্থানীয় জনবসতির মতই ছিল। সময়ের সাথে সাথে সাধারণ মুসলমান তাদেরকে নিজেদেরই মনে করতে থাকে । বিশেষত মুসলিম দেশগুলো হতে বিটেন ও ফ্রান্সের বিদায় হওয়ার পর এই অনুভূতি ও সঙ্কোচটুকুও শেষ হয়ে যায়, যা তাদের সম্পর্কে দখলদার শক্তির উপস্থিতিতে ছিল ।

ইংরেজ এবং ফ্রান্সিসিদের পিছনে মূল শক্তি ছিল যারা এই সেকুলার পদ্ধতি বানিয়েছিল । এ কারণে মুসলিম দেশগুলো থেকে বিটেন ও ফ্রান্স চলে যাওয়ার পরও সেকুলার ব্যবস্থার রক্ষণাবেক্ষণ এবং তা পরিচালনার জন্য ব্যুরোক্রেসি, পুলিশ এবং সেনাবাহিনী প্রস্তুত ছিল। পূর্বে ইংরেজ ও ফ্রান্সিসি সেনাবাহিনী যেমন এর. রক্ষণাবেক্ষণ করত, এখন একই কাজ এই পুলিশ ও সেনাবাহিনীর হয়। যাদের সদস্য ছিল স্থানীয় । এ কারণে মুসলিম দেশগুলো স্বাধীন হওয়ার পরও মারাকিশ থেকে ফিলিপাইন- ইসলাম কোথাও স্বাধীন হতে পারেনি । খেলাফতের পুনজীবনের জন্য হককানী ওলামায়ে কেরাম চেষ্টা করেছেন। কিন্তু সব চেষ্টা এই পুলিশ ও সেনাবাহিনী ব্যর্থ করে দিয়েছে । কোথাও শক্তির জোরে, কোথাও বা মিথ্যা প্রতিশ্রতির মাধ্যমে । কোথাও রাজতন্ত্রের মাধ্যমে, কোথাও বা গণতন্ত্রের কপটতার

মাধ্যমে ।

মারাকিশ থেকে ফিলিপাইন পর্যন্তের দীনদার শ্রেণী হয়ত এই বাস্তবতা আজ পর্যন্ত বোঝেইনি, কিংবা বুঝতেই চায় না যে, মুসলিম দেশগুলোর সেনাবাহিনী ও পুলিশবাহিনী আমাদের নয় । এরা হল এই সেকুলার ব্যবস্থার রক্ষক । ইংরেজরা যার সূচনা করেছিল, এরা তারই ধারাবহিকতা ।

এ কারণেই হয়ত এসব দেশের দীনদার শ্রেণী কঠিনভাবে পেরেশান হয়ে পড়েন, যখন তারা দেখতে পান যে, এই পুলিশ ও সেনাবাহিনী নামাযীদের উপর গুলি চালাচ্ছে । মসজিদগুলো তছনছ করছে, শহীদ করছে । হক কথা বলার কারণে এবং লেখার কারণে ওলামায়ে কেরামকে ফাঁসিকাষ্ঠে ঝুলানো হচ্ছে । কুরআন পড়ুয়া নিঃস্পাপ নিরাপরাধ মেয়েদেরকে জীবন্ত পুড়িয়ে ফেলা হচ্ছে এবং কালেমা পড়া ও কুরআনকে আল্লাহর কিতাব স্বীকার করা সত্তেও এই কুরআনের আইন বাস্তবায়ন হতে দিচ্ছে না । আর দিবেই বা কেন? এরা তো শপথই করেছে, যেকোনো ভাবে হোক তারা এই ইবলিসি নিজামের হেফাজত করবে । এর স্থলে অন্য কোনো নিজাম ও ব্যবস্থাই (হোক তা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আনীত জীবনব্যবস্থা) বাস্তবায়িত হতে দিবে না।

মুসলিম দেশগুলোর জনসাধারণও হয়ত এই পার্থক্য বুঝতে পারেনি যে, দেশ রক্ষা আর ইসলাম রক্ষার পার্থক্য কি? অনেকেই মনে করে, এ দুটো একই জিনিস । দেশ থকলেই তো ইসলাম থাকবে । দেশ না থাকলে ইসলাম থাকে কি করে?

এই ধারণাটাই একটা প্রবঞ্চনা । যা দেশপ্রতিমার ইবাদতের দিকে আহ্বানকারীরা এই উম্মতকে দিয়েছে। মুসলিম দেশগুলোর সেনাবাহিনী ও পুলিশ না দেশের রক্ষক না ইসলামের রক্ষক । এরা কেবল এই আন্তর্জাতিক ইবলিসি নিজাম ও বিশ্ব তাগুতি ব্যবস্থার রক্ষক, ইংরেজরা যার জন্য এদেরকে বানিয়েছে । বিষয়টি বোঝার জন্য কয়েকটি উদাহরণ দিচ্ছি, এতে বিষয়টি একদম স্পষ্ট হয়ে যাবে, ইনশাআল্লাহ ।

পাকিস্তানে পারভেজ মোশাররফের শাসনকালে ভারত পাকিস্তানী নদীর উপর ড্যাম নির্মাণ করতে থাকে । ব্যাপকহারে যুদ্ধসরাঞ্জাম বৃদ্ধি করতে থাকে । অথচ যে কোনো দেশের নদী বন্ধ হওয়া সেই দেশের জন্য মৃত্যুতুল্য । কিন্তু এখানে ভারতের হাত থেকে নিজেদের পানি রক্ষার জন্য যুদ্ধ করার পরিবর্তে তারা এ কাজে তাদেরকে সহযোগিতা করে যেতে থাকে । আর পাকিস্তানী সেনাবাহিনী তাদের সমস্ত লয়লশকর পূর্ব সীমান্ত হতে সরিয়ে সীমান্ত প্রদেশ ও উপজাতীয় অঞ্চলের সে সব মানুষদের বিরুদ্ধে যুদ্ধে লাগিয়ে দেয়, যারা দেশে প্রচলিত অনৈসলামিক ব্যবস্থার স্থলে শরীয়ত প্রতিষ্ঠার দাবি করছিল ।

এখন আপনারা ভাবুন, একদিকে দেশকে (পাকিস্তান) ভারতের হাত থেকে রক্ষা করার বিষয় সম্মুখে, অন্যদিকে সেনাবাহিনী উপলব্ধি করছিল যে, দেশে প্রচলিত ইবলিসি ব্যবস্থা ইসলামপ্রিয়দের দ্বারা হুমকির সম্মুখীন ।

লক্ষ্য করে দেখুন, সেনাবাহিনী কোন হুমকিকে নিয়ন্ত্রণ করাকে প্রাধান্য দিয়েছে? ভারতের ড্যাম নির্মাণে দেশের যেই ক্ষতি হচ্ছিল, সেদিকে কারও কোনো ভ্রুক্ষেপ নেই। বরং সব শক্তি এই ইবলিসি ইংরেজি ব্যবস্থা রক্ষার জন্য ব্যয় করেছে। পারভেজ মোশাররফের পরও একই সুরতহাল জারি থাকে । অন্যদিকে ভারতের জঙ্গি উন্মাদনা চরম. পর্যায়ে । এরপরও তারা ভারতের সাথে বন্ধুত্ব বজায় রাখতে গিয়ে দেশকে গৃহযুদ্ধের দিকে ঠেলে দিচ্ছে।

_ চিন্তা করুন, পাকিস্তানে বিদ্যমান শক্তি, যা সব সময় পাকিস্তানকে ভাঙ্গতে, পাকিস্তানের অস্তিত্ব নিশ্চিহ্ন করতে, অখণ্ড ভারতের স্বপ্ন পূরণ করতে এবং সর্বস্তরে ভারতের স্বার্থ রক্ষা করতে তৎপর । শুধু পাকিস্তানেই নয় বরং গোটা বিশ্বে পাকিস্তান এবং পাকিস্তানিদেরকে গালি দিচ্ছে । এদেরকে তো ক্ষমতা এবং বড় বড় পদ দেয়া হয়েছে । অথচ সীমান্ত ও উপজাতীয় অঞ্চলের লোকেরা, যারা সব সময় ভারতের বিপক্ষে নিজেদের যুবকদের রক্ত দিয়েছে, যারা কখনো পাকিস্তান থেকে আলাদা হওয়ার কথা বলেনি, না তাকে কখনো গালি দিয়েছে । এই অঞ্চলে ড্রোন হামলা,

সেনা অপারেশন এবং জেল ও নির্যাতনের বিভিষিকা নেমে এসেছে।

একই চিত্র আরব ও অন্যান্য মুসলিম দেশগুলোতেও । ক্ষমতাসীন শক্তিগুলো তো ব্রিটেন ও আমেরিকার দাসত্ব বরণ করেছে, কিন্তু মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাসের গোলামী কবুল করেনি । দেশকে টুকরা টুকরা করার দায়িত্ব তো গ্রহণ করেছে, কিন্তু দেশে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিজাম ও জীবনব্যবস্থা প্রতিষ্ঠা করে দেশকে রক্ষা করা মেনে নেয়নি । এর থেকেও অনুমান করা যায় যে, মুসলিম দেশগুলো ক্ষমতাসীনরা কার রক্ষক? দেশ ও জাতির নাকি ধর্মহীন জীবনব্যবস্থার?

এখন আপনি নিজেই চিন্তা করে দেখুন, এমন শ্রেণীকে নিজেদের ইমাম ও নেতা বানানো, যারা আমাদেরই নয়, চরম জুলুম ও অবিচার নয় কি? কুফরি করা যাদের জন্য বিনোদনের বিষয়, আল্লাহ এবং আল্লাহর রাসূলের বিরুদ্ধে যুদ্ধ করা হালাল (আইন সম্মত) এবং সুদি ব্যবস্থা রক্ষা করা ফরয, মদ যাদের কাঙ্খিত পানীয়, মুসলমানদেরকে হত্যা করা যাদের গর্বের বিষয়, বোন ও মেয়েদেরকে উন্নতির সোপান বানানো যাদের ফ্যাশন, এরাই কি ইমামুল মুসলিমীন? এরাই কি খলিফাতুল মুসলিমীন?

আলুাহর হে বান্দাগণ! একটু ভেবে দেখুন তো, এরাই কি সেই ইমাম, যারা তোমাদের বোন ও মেয়েদের বিয়েতে অলি (অভিভাবক) হবে, তোমাদের বড়দের জানাযা পড়াবে? হে আল্লাহর প্রিয় বান্দাগণ! আপনারা কি তাদেরকে এই উপযুক্ত মনে করেন যে, আপনারা তাদের ইমামতিতে এক ওয়াক্ত নামায আদায় করবেন? নিঃসন্দেহে করবেন না। তো আপনারা যখন তাদেরকে "ইমামাতে সুগরা'র (নামাযের ইমামতি) উপযুক্ত মনে করেন না, তাহলে "ইমামতের কুবরা'র (খেলাফত ও হুকুমাত) হকদার কেমনে প্রমাণ করেন?

সুতরাং এ বিষয়টি খুব ভালো করে বুঝে নেয়া দরকার যে, খুরুজ আনিল ইমাম–(ইমাম এর বিরুদ্ধাচারণ) এর আলোচনা সে সব আমির ও শাসকদের সাথে সম্পৃক্ত, যেখানে ইসলামী খেলাফত প্রতিষ্ঠিত রয়েছে। সরকার ব্যবস্থা কুরআনের । আদালত কুরআনের আইনের পরিপন্থি ফয়সালা দেয়াকে হারাম মনে করে। খলিফা নিজে হুদুদ এবং কিসাস বাস্তবায়ন ও জিহাদ-ফি সাবিলিল্লাহ পরিচালনা করছেন। এমতাবস্থায় যদি খলিফার ভেতর কোনো খারাবি প্রকাশ পায়, তখন শরীয়ত এটা দেখে যে, খলিফার ভেতর এমন কোনো কিছু পাওয়া যাচ্ছে কি না যার কারণে তার বিরুদ্ধে বিরুদ্ধাচারণ জায়েয হয়?

ইমাম (শাসক)-এর বিরুদ্ধাচরণ আলোচনার সম্পর্ক গণতন্ত্রের রক্ষীদের ক্ষেত্রে হতেই পারে না। কারণ এমন শাসক, যারা কেবল গণতন্ত্রের প্রতিমার রক্ষকই নয় বরং নিজের সেনাবাহিনী ও পুলিশি শক্তির মাধ্যমে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের গোলামদের দ্বারা জোরপূর্বক এই প্রতিমার পূজা করানো হয় । সেই শাসক ইমামুল মুসলিমীন কি করে হতে পারে? এমন শাসককে ইমামুল মুসলিমীন প্রমাণিত করা, ঈমানকে হুমকির ভেতর ফেলা । আল্লামা ইবনে আবিদীন শামী রহমাতুল্লাহি আলাইহি তো তার যুগে (তখনো খেলাফতে উসমানিয়া বিদ্যমান ছিল) বলতেন যে-

[এখানে আরবী ইবারত আছে]

যে ব্যক্তি আমাদের যুগের শাসকদেরকে ন্যায়পরায়ন শাসক বলেছে, সে কুফরি করেছে । কারণ সে জুলুমকে আদল বা ন্যায়পরয়নতা বলেছে [২৪]

তিনি যদি আজকের যুগের গণতান্ত্রিক সেকুলার ও ধর্মহীন শাসকদেরকে পেতেন

এবং তাদেরকে সম্মান ও ভজনাকারীদেরকে দেখতেন, না জানি তাদের সম্পর্কে তিনি কী মন্তব্যই করতেন?

আজকের হক্কানী আলেমদের সম্মুখে কি এই শাসক শ্রেণীর জীবন বিদ্যমান নেই? তাদের জেনারেল, মন্ত্রী, সুদখোর এবং বংশানুক্রমে শ্বেতপ্রভুদের দাসত্বকারীদের সম্পর্কে কি তারা অবগত নন? হক্কানী আলেমদের প্রভুর কসম! কোনো সুইপারও যদি তাদের জীবন সম্পর্কে জানে, মৃত্যুর আগ পর্যন্তও তাদেরকে নিজের ইমাম হিসেবে মেনে নিবে না।

সেই সাথে এ বিষয়টিও স্পষ্ট হোক যে, মুজাহিদদের জিহাদের ঘোষণা বিশেষ কোনো শাসক কিংবা শাসকদলের বিরুদ্ধে নয় । বরং জিহাদের এই ঘোষণা মুসলিম দেশগুলোতে চেপে থাকা কুফরি নিযাম ও ধর্মহীন জীবনব্যবস্থার বিরুদ্ধে । তারা এই কুফরি নিযামর বিরুদ্ধে ময়দানে নেমেছেন । বিশেষ কোনো ব্যক্তি বা শ্রেণী তাদের টার্গেট নয়। সুতরাং যে-ই এই নিযাম হেফাজতের জন্য তাদের মোকাবেলায় আসবে, তাকেই এই নিযামের মোহাফেজ মনে করা হবে । মোটকথা, মনে রাখতে হবে গণতন্ত্র তার মূল হিসেবে নিরেট কুফরি । সুতরাং এই নিযাম ও জীবনব্যবস্থা পরিচালনাকারী কখনোই মুসলমানদের ইমাম হতে পারে না। চাই তার বাহ্যিক ভূষণ-আকৃতি যেমনই হোক না কেন? যে ব্যক্তি আল্লাহর শরীয়তকে সংসাদে অনুমোদন করা ছাড়া আইনের অংশ বানাতে পারে না, সে কি করে মুসলমানদের ইমাম হতে পারে? যে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আনীত শরীয়তকে এ বিষয়ের মুখাপেক্ষী বানিয়েছে যে, আগে সংসদে অনুমোদন হোক, এরপর সেটা দেশে (নাউযুবিল্লাহ) বাস্তবায়নের উপযুক্ত হবে, সে কোনোভাবেই মুসলমানদের ইমাম ও শাসক হতে পারে না।

তৃতীয় অধ্যায়

আল্লাহর শরীয়ত ছাড়া অন্য কোনো আইনে ফয়সালা করা

আল্লাহর শরীয়ত ছাড়া অন্য কোনো আইনে ফয়সালা করা

আল্লাহ তায়ালা তাঁর বান্দাদেরকে সৃষ্টি করার উদ্দেশ্য বর্ণনা করেছেন যে, তারা কেবল আল্লাহরই ইবাদত করবে । কিন্তু আদালতে যদি কুরআন প্রতির্ষ্ঠিত না হয়, ব্যবসা-বাণিজ্য যদি আন্তর্জাতিক অর্থপ্রতিষ্ঠানগুলোর তৈরিকৃত আইনের অধীনে করা হয়, আর সরকার ব্যবস্থা যদি হয় গণতান্ত্রিক তাহলে আল্লাহর ইবাদত কিভাবে করা সম্ভব?

অথচ আল্লাহ তায়ালার লক্ষ্য তো এই, জমিনের বুক হতে সমস্ত বাতিল ধর্ম ও আদর্শ নিশ্চিহ করে আল্লাহর প্রেরিত দীন কায়েম করা । শুধু মুসলমানরাই নয় বরং কাফেররাও সেই দীনের দেয়া ব্যবস্থার অধীনে জীবন যাপন করবে । যাতে কোনো সামর্থ্যবান ব্যক্তি কোনো দুর্বল ব্যক্তির উপর জুলুম করতে না পারে । মজলুমরা . যেন ন্যায়বিচার লাভ করে । গরীবরা যেনো সম্মানের সাথে বেঁচে থাকার অধিকার পায়।

আল্লাহর কিতাব অনুযায়ী ফয়সালা করার নির্দেশ শুধু মুসলমানদের সমস্যার ক্ষেত্রেই নয় বরং কাফেরদের সমস্যা ও মামলাতেও (শুধু ব্যক্তিগত ও পারিবারিক বিষয় ছাড়া) এই ইলাহী সংবিধান ও আইনের আলোকে সমাধান করা হবে । কিন্তু চিন্তার নীচুতা ও আল্লাহর স্পষ্ট নির্দেশের প্রতি উদাসীনতার অনুমান করুন যে,

কাফেরদের মাঝে ফয়সালা করা তো দূরের কথা, মুসলমানদের আদালতে মুসলমানদের ফয়সালাই করা হচ্ছে কাফেরদের আইনে । এ অনুযায়ীই জীবন যাপন করতে বাধ্য করা হচ্ছে, ফয়সালা প্রয়োগের জন্য পুলিশ ও সেনাবাহিনী গঠন __ করা হয়েছে। যারা এই কুফরিকে জোরপূর্বক বাস্তবায়ন করে । এর রিটকে সুনিশ্চত করে । অথচ আল্লাহ তায়ালা পবিত্র কুরআনই একমাত্র আইন, যে অনুযায়ী ফয়সালা করা উচিত।

[এখানে আরবী ইবারত আছে]

সুতরাং আল্লাহ যা নাযিল করেছেন, তুমি তার মাধ্যমে ফয়সালা কর এবং তোমার নিকট যে সত্য এসেছে, তা ত্যাগ করে তাদের প্রবৃত্তির অনুসরণ করো না। (সূরা মায়েদা : ৪৮]

এই অধ্যায়ে আমরা গণতান্ত্রিক জীবনব্যবস্থার একটি মৌলিক স্তম্ভ অর্থাৎ গণতান্ত্রিক আদালত ও বিচার ব্যবস্থার পর্যবেক্ষণ করব এবং এ উদ্দেশ্যে এই বুনিয়াদি প্রশ্নের উত্তর জানার চেষ্টা করব যে, এসব আদালত ও বিচার ব্যবস্থায় আল্লাহর শরীয়তের স্থলে মানুষের প্রবর্তিত আইন অনুযায়ী ফয়সালা ও বিচার করার যেই ধারা জারি রয়েছে, শরীয়তের দৃষ্টিতে তার হুকুম কি?

আল্লাহর শরীয়ত ব্যাতীত অন্য কোনো আইনে ফয়সালা করা

[এখানে আরবী ইবারত আছে]

আর যারা আল্লাহর নাধিলকৃত (কুরআন) দ্বারা ফয়সালা করে না, তারাই কাফের ।[সূরা মায়েদা :88]

আল্লাহ তায়ালা আহলে সুন্নাত ওয়াল জামাতকে তীর দীন হেফাজতের জন্য নির্বাচন করেছেন । তীর দীনকে কম-বেশি করা থেকে নিরাপদ রাখার তাওফীক দিয়েছেন । কুরআন ও হাদীসকে তার সঠিক অর্থ-মর্মের সাথে বর্ণনা করা এবং তা সালফে

সালেহীনের ব্যাখ্যা-বিশ্লেষণ অনুযায়ী বোঝার তাওফীক দান করেছেন । যাতে এরা দীনে মুবিন তথা সুস্পষ্ট দীনকে সব ধরনের মিশ্রণ থেকে পবিত্র করেন । কঠোরতা ও সীমলঙ্ঘনের কন্টকাকীর্ণ পথ থেকে বাচিয়ে ভারসাম্যপূর্ণ রাজপথে চালান । যার কারণে এই উম্মত প্রত্যেক যুগেই ফিতনার ঘোর অমানিশাতেও সফলভাবে যাত্রা করেছে এবং সুম্ুখে অগ্রসর হয়েছে । শত্রদের পক্ষ হতে শত প্রোপাগাণ্ডার মাঝেও এরা হকের ভারসাম্যপূর্ণ পথ ছাড়েনি । আহলে সুন্নাত ওয়াল জামাতের ওলামায়ে কেরাম এই কাফেলাকে ডাকাত বুদ্ধিজীবী, ধর্মব্যবসায়ী দরবারি আলেম এবং ঈমানের ধূর্ত দুশমনদের কবল থেকে বাচিয়ে গন্তব্যপানে এগিয়ে নিয়ে যাচ্ছে।

প্রিয়তম নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন-

[এখানে আরবী ইবারত আছে]

থাকবে । হকের উপর বিজয়ী থাকবে । যারা এই দলকে ত্যাগ করল, তারা এই দলকে ক্ষতি করতে পারবে না। অবশেষে আল্লাহর ফয়সালা এসে যাবে

তাই অন্যান্য বিষয়ের মত এই মাসআলাতেও (আল্লাহর নাজিলকৃত বিধান অনুযায়ী ফয়সালা না করা) প্রত্যেক যুগের হককানী ওলামায়ে কেরাম নিজ নিজ যুগের প্রান্তিকতা ও কম-বেশি চিহ্নিত করে বর্ণনা করেছেন এবং মাসআলাকে শরীয়তের শিক্ষার আলোকে বুঝিয়েছেন ।

এজন্য এ যুগেও আহলে হক ওলামায়ে কেরামের জন্য জরুরি, সর্বপ্রথম নিজেদের সম্মুখে বিদ্যমান সমস্যার রূপকে গভীরভাবে বোঝা । শুধু এর জাহেরী অবস্থা ও প্রচলিত প্রচ্ছন্ন পরিভাষার (মুবহাম ইসতিলাহাত) উপরই শরয়ী হুকুম বর্ণনা না করা । যাতে কুরআন ও হাদীসের আলোকে উম্মতকে রাহনুমায়ী করা যায় । কোনো মাসআলাতে নিজের পক্ষ হতে কঠোরতাও আরোপ না করা । শরীয়ত অবকাশ দিয়ে থাকলে নিজের পক্ষ হতে এসব বিষয়ে কঠোরতা আরোপ ও চাপাচাপি না

করা । আবার সহজ করতে গিয়ে দীনের সীমানাও লঙ্ঘন না করা, যা কুফর ও ইসলামের মাঝে বৈশিষ্ট্য ও স্বকীয়তা দান করে ।

কিন্তু আফসোসের বিষয় হল, বর্তমান যুগে আলোচ্য বিষয়ে মানুষ অত্যন্ত উদাসীন ও চাটুকারিতায় লিপ্ত । এখন তো অবস্থা এই যে, সাধারণ মানুষ তো পরের কথা, ওলমায়ে কেরামের পরিবারেও এ বিষয়ের অনুভূতি নেই যে, আল্লাহর শরীয়ত ছাড়া উপর নিরব থাকা, খুশি থাকা– এটা যেনতেন অপরাধ নয়, সাধারণ কোনো গুনাহ নয় । আল্লাহ তায়ালা এটাকে বড় কঠিন শব্দে বর্ণনা করেছেন ।

এ বিষয়ে আল্লাহ তায়ালার কঠিন ধমকিকে নিজের পক্ষ হতে হান্কা করে পেশ করা, কোনো সাহাবীর উক্তিকে অজাগায় উপস্থাপন করা, এটা কী পরিমাণ অন্যায় কাজ, তা বলার অপেক্ষা রাখে না। আসমান ও জমিনের শাহানশাহ মানুষদেরকে ভীতিপ্রদর্শন করছে যে, যে ব্যক্তি আমার আইন ব্যাতিত অন্য আইনে ফয়সালা করল, সে কাফের । কিন্তু এমন মানুষও রয়েছে, যে আল্লাহর এই ধমকির সামনে দাড়িয়ে যায় । নিজেও কুফরি করে এবং অন্যদেরকেও সাহস যোগায় যে, না এতে কোনো সমস্যা নেই। তুমি যত বড় অপরাধ মনে করছ, বাস্তবে তা নয়। নাউযুবিল্লাহ ।
এমনিভাবে এ বিষয়টিও আহলে সুন্নাত ওয়াল জামাতের মাসলাকের খেলাফ যে, কুরআন ও হাদীসের বাহ্যিক অর্থ দেখে এমন ব্যাখ্যা করা যা আসলাফে উম্মত থেকে প্রমাণিত নেই।

গামনে হাজির হওয়া কোনো সমস্যায় আমরা তখনই ভুল করে বসি, যখন আমরা সমস্যার গভীরে না গিয়ে এবং সমস্যা সম্পর্কে সালফে সালেহীন কর্তৃক বর্ণিত বিস্তারিত বিবরণ আলোচনা না করে শুধু বাহ্যিক অবস্থার উপর ফয়সালা দেই। এমনিভাবে আরেকটি ভুল এই হয় যে, আসলাফে উম্মতের বর্ণনাকৃত বিস্তারিত

বিবরণকে আমরা এমন স্থানে প্রয়োগ করি, যেখানে সেটা কোনোভাই উপযোগী হয় না।

আলোচ্য বিষয়ও কুরআন ব্যতীত অন্য আইনে ফয়সালা করা) এ ধরনেরই একটি সমস্যা যাতে সমস্যার প্রকৃতির (সুরতে মাসআলা) গভীরে যাওয়া ছাড়াই প্রচলিত ব্যবস্থা সম্পর্কে শরয়ী হুকুম বর্ণনা করা হয়। অধম সমস্যার প্রকৃতিকে (সুরতে মাসআলা) স্পষ্টরূপে বর্ণনা করার চেষ্টা করেছে । যাতে হক্কানী ওলামায়ে কেরাম শরীয়তের আলোকে আমাদের রাহনুমায়ী করেন ।

সতর্কতা জ্ঞাপন

কুরআন ব্যতীত অন্য কোনো আইনে ফয়সালাকারী ব্যক্তি কাফের কি না? এই আলোচনায় একটি বিষয় মনে রাখতে হবে যে, পুরো আলোচনাটি একটি মাত্র শরয়ী হুকুমের সাথে সম্পৃক্ত । অর্থাৎ একজন জজ বা বিচারক কুরআনের সমস্ত ফয়সালা প্রদান করে। কিন্তু অকাট্যভাবে প্রমাণিত একটা মাত্র শররী হুকুম কুরআন ব্যাতীত অন্য আইনে ফয়সালা দেয় । (যেমন যেনার শরয়ী শাস্তির পরিবর্তে ইংরেজি আইনে শাস্তির ফয়সালা করে ।) তবে সে ইসলামের পুরোপুরি গণ্ডি থেকে বের হয়ে গিয়েছে কি না?

আয়াতের শানে নুযুল ও প্রেক্ষাপট

প্রথমে আয়াতটির শানে নুযুল ও প্রেক্ষাপট বুঝে নিন । এরপর আয়াতের তাফসীরে মশহুর মুফাসসিরীনদের (মতাকদ্দিমীন ও মুতাআখখিরীন) কথা ও মত বর্ণনা করা হবে। আমরা যদি এই আলোচনাটি- ভালোভাবে বুঝি, তা হলে ইনশাআল্লাহ, ইসলাম এবং কুফর- আধুনিক দাজ্জালি মস্তিস্ক যাকে একাকার করার চেষ্টা

করেছে- স্পষ্ট হয়ে যাবে।

[এখানে আরবী ইবারত আছে]

আর যারা আল্লাহর নাযিলকৃত (কুরআন) দ্বারা ফয়সালা করে না, তারাই কাফের। [সূরা মায়েদা : ৪৪]

মুফতী মুহাম্মাদ শফী রহমাতুল্লাহি আলাইহি তার মারেফুল কুরআনে ইমাম বাগবী রহমাতুল্্াহি আলাইহির উদ্্ৃতিতে আয়াতটির শানে নুযুল এভাবে বর্ণনা করেছেন- এটি একটি যেনার ঘটনা । খায়বারের ইহুদীদের মধ্যে এই ঘটনাটি ঘটে । তাওরাতের শাস্তি অনুযায়ী যেনাকারী নারী-পুরুষ উভয়কে প্রস্তারাঘাতে হত্যা করা আবশ্যক ছিল। কিন্তু এরা ছিল বড় একটি খান্দানের মানুষ । ইহুদীরা তাদের পুরাতন অভ্যাস অনুযায়ী এদের শাস্তি হৃস করতে চাচ্ছিল । আর তারা এ কথা জানত যে, ইসলাম ধর্মে অনেক সুযোগ সুবিধা দেয়া হয়েছে । তাই তারা এ কথা মনে করছিল যে, ইসলামে হয়ত এ শাস্তির ক্ষেত্রেও ছাড় আছে। খায়বারের লোকেরা তাদের মিত্র বনি কুরায়জার লোকদেরকে এই পয়গাম পাঠায় যে, বিষয়টি মুহাম্মাদের (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) দ্বারা ফয়সালা কর ।
যাহোক, কাআব বিন আশরাফ সহ একটি প্রতিনিধি তাদেরকে নিয়ে হযরত নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের খেদমতে হাজির হয় এবং জিজ্ঞাসা করে, বিবাহিত নারী পুরুষ ব্যাভিচারে লিপ্ত হলে তার শাস্তি কি?
নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে জিজ্ঞাসা করলেন, তোমরা কি আমার ফয়সালা মানবে?

তারা উত্তর দেয়, হ্যা, আমরা আপনার ফয়সালা মানব ।

হযরত জিবরাইল আমীন তখন আল্লাহর এই হুকুম নিয়ে নাযিল হন যে, এর শাস্তি হল প্রস্তারাঘাতে হত্যা করা । তারা যখন এই ফয়সালা শোনে, হতভম্ব হয়ে পড়ে

এবং ফয়সালা মানতে অস্বীকৃতি জানায় । হযরত জিবরাইল আমীন নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে পরামর্শ দিলেন, আপনি এদেরকে বলুন, আমার ফয়সালা মানা নামানার ক্ষেত্রে ইবনে সুরিয়াকে বিচারক বানাও । এরপর তিনি নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে ইবনে সুরিয়ার অবস্থা ও গুণ-বৈশিষ্ট্য বলে দেন। নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ওই প্রতিনিধদলকে বললেন, তোমরা কি ফিদাকে বসবাসকারী দৃষ্টিপ্রতিবন্ধি ইবনে সুরিয়াকে চেনোঃ সবাই স্বীকার করল, হ্যা চিনি। নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে জিজ্ঞাসা করলেন, তাকে তোমরা কেমন মনে কর? তারা বলল, পৃথিবীর বুকে ইহুদীদের মধ্যে তার চেয়ে বড় কোনো আলেম আর একজনও নেই । নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তাকে ডেকে আনো । এরপর তাকে ডেকে আনা হয় । নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে কসম দিয়ে জিজ্ঞাসা করলেন, এ সম্পর্কে তাওরাতের বিধান কি?

ইবনে সুরিয়া বলল, সেই সত্ত্বার কসম, যার কসম আপনি আমাকে দিয়েছেন, আপনি যদি কসম নাও দিতেন, আর আমার যদি এই ভয় না থাকত যে, ভুল বলার ক্ষেত্রে তাওরাত আমাকে জ্বালিয়ে ফেলবে, তবে আমি এই সত্য প্রকাশ করতাম না। সত্য হল, ইসলামের মত তাওরাতেও এই একই নির্দেশ রয়েছে । তাদের উভয়কে প্রস্তারাঘাতে হত্যা করতে হবে ।

নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তখন বললেন, তবে এমন কী আপদ এসেছে যে, তোমরা তাওরাতের নির্দেশের বিরোধিতা করছ?

ইবনে সুরিয়া তখন বলে, আসল বিষয় হল, আমাদের ধর্মেও যেনার শরয়ী শাস্তি এটাই, প্রস্তারাঘাতে হত্যা করা । কিন্তু একবার আমাদের এক শাহজাদা এই অপরাধ করে বসে । তার পক্ষপাতিত্ব করতে গিয়ে আমরা তাকে ছেড়ে দেই । তাকে

প্রস্তারাঘাতে হত্যা করা হয় না। কিছুদিন পর একই অপরাধ একজন সাধারণ মানুষও করে । দায়িতবশীলরা তাকে প্রস্তারাঘাতে হত্যা করতে চায় । অপরাধীর পরিবার তখন এর বিরোধিতা করে । তারা বলে, একে যদি শরয়ী শাস্তি দিতে চাও, তবে আগে শাহজাদাকে দাও । না হলে আমরা একেও এই শাস্তি দিতে দেব না।

এক সময় বিষয়টি অনেক বড় সমস্যায় রূপ নেয় । তখন সবাই মিলে এই সমঝোতা করা হয় যে, সবার জন্য একই শাস্তি নির্ধারণ করা হোক এবং তাওরাতের বিধান বাদ লঘু শাস্তির বিধান জারি করা হোক। এরপর থেকে তাওরাতের বিধানের পরিবর্তে সবার ক্ষেত্রে এই শাস্তিই প্রচলিত রয়েছে ।'

এই আয়াতের শানে নুযুলে ইমাম বুখারী রহামতুল্লাহি আলাইহি এবং ইমাম মুসলিম রহমাতুল্লাহি আলাইহিও এই ঘটনাই উল্লেখ করেছেন । অন্যান্য তাফসীরকারকগণ বর্ণনা করেছেন যে, তাওরাতে উল্লেখিত এই শাস্তি ছিল, মুখে কালি মাখিয়ে উভয়কে গাধার উপর উল্টা করে বসিয়ে শহরের অলিতে গলিতে ঘুরানো এবং বেত্রাঘাত করা।

কয়েকটি গুরুতপূর্ণ বিষয়

১. তাওরাতের সাদাকাত ও সততার উপর ওই ইহুদীর ঈমান দেখুন । সে ভুল কথা বলার ক্ষেত্রে ভয় পাচ্ছে যে, তাওরাত তাকে জ্বালিয়ে ফেলবে । সেই সাথে আল্লাহর ওয়াহদানিয়াতের উপর ইয়াকিনও লক্ষ্য করুন যে, কসম দেয়ার কারণে এমন সত্য কথা বলতে সে উদ্বুদ্ধ হয়েছে যার দ্বারা তার গোটা জাতি ও ধর্মের বেইজ্জতি হচ্ছিল ।

২. সে তাওরাতের প্রস্তারাঘাতের হুকুম এমনভাবে অস্বীকার করেনি যে, সে তা [এখানে আরবী ইবারত আছে] (আল্লাহর পক্ষ হতে নাযিলকৃত) হওয়ার মুনকির (অস্বীকারকারী) হয়ে গিয়েছিল। বরং সে তাওরাতের হুকুমের

মোকাবেলায় নিজেদের পক্ষ হতে আরেকটি আইন মন্ত্র করে নিয়েছিল এবং সেটা বাস্তবায়ন করত ।

৩. ইহুদী আলেমরা তাওরাতের রজমের হুকুম তুলে দিয়ে নিজেদের সংযোজিত আইন গেজট আকারে বা সাংবিধানিকরূপে প্রকাশ করেনি । তাওরাতের আইনের বিপরীতে কোনো সংবিধান লিখিতভাবেও প্রণয়ন করেনি । বরং তাওরাতে তখনো আল্লাহর নাযিলকৃত 'রজম আইন"ই বিদ্যমান ছিল । এই সংযোজন ছিল শুধু মৌখিক।
পক্ষান্তরে বর্তমানে আল্লাহর কুরআনের বিপরীতে লিখিতরূপে সংবিধান প্রণয়ন করা হয়েছে । যা নিয়মতান্ত্রিকভবে পড়ানো হয় এবং কুরআনের বিপরীতে তা দেশে জোরপূর্বক বাস্তবায়ন করা হয়। এর ভেতর অসংখ্য শরীয়ত পরিপন্থি সংযোজন রয়েছে । এরপরও এটাকে ইসলামী বলা হয় । যেন কুরআন ইসলামী নয়, ইসলামী বরং যে আইন পাকিস্তানে রয়েছে, সেটা । অথবা চোরের হাত কাটা ও বিবাহিত নারী-পুরুষকে প্রস্তারাঘাতে হত্যা করার যে আইন মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এনেছেন, সেটা ইসলামী নয় । ইসলামী বরং যা পাকিস্তানের আইনে রয়েছে ।

৪. এই ঘটনা থেকে জানা গেল, আল্লাহর নাযিলকৃত আইনে সংযোজনকারীদের বিরুদ্ধে কুফরির নির্দেশ দেয়া হয়েছে। অর্থাৎ যারা এমন আইন সংযোজন করে, তারা কাফের ।

এখন আপনিই একটু ভেবে দেখুন, বর্তমান গনতন্ত্রের ধর্মহীন ধবজাধারীরা এবং তাদের সশস্ত্র রক্ষীরাও তো এমনই করছে। তারা বরং ইহুদীদের থেকেও এক ধাপ এগিয়ে । তারা ইহুদীদের থেকেও অনেক বেশি ঘৃণ্য কাজ করছে । আপনারা বর্তমানের গণতন্ত্রের সাথে শরিক ধর্মনিরপেক্ষ দলগুলোকে দেখুন, তারা কেমন

উদ্ধত্যের সাথে কুরআনের বিধি-বিধানকে হিংস্রতা ও পাশবিকতা বলছে। কুরআনের আইনকে পশ্চাদপদ ও অন্ধকার যুগের আইন বলছে । ক্ষমতাবলে তা বাস্তবায়ন করতে বাধা দিচ্ছে । তাদের মধ্যে না ভদ্রতা রয়েছে না আল্লাহর ভয়ের কোনো পরোয়া রয়েছে।

[এখানে আরবী ইবারত আছে] সম্পর্কে মুফাস্সিরীনের মতামত

আসুন, আয়াতটি উম্মতের সেসব মুফাসিরদের তাফসির দ্বারা বুঝি,
যেই তাফসীরের উপর সবাই একমত ।
ইমামুল মুফাসসিরীন ইবনে জারীর তাবারী রহমাতুল্লাহি আলাইহি এই আয়াতের তাফসীরে বলেন-_

[এখানে আরবী ইবারত আছে]

আল্লাহ তায়ালা বলেন, যে ব্যক্তি আল্লাহর সেই হুকুমকে গোপন করল, যা তিনি তার কিতাবে নাযিল করেছেন এবং যেই হুকুমকে তার বান্দাদের জন্য আইন বানিয়েছেন । সুতরাং সে এই আইনকে গোপন করল এবং ইহুদীদের মত এই আইন ব্যতীত অন্য আইনে ফয়সালা করল ।

তারা কাফের- অর্থাৎ যারা আল্লাহর নাযিলকৃত (আইন) দ্বারা ফয়সালা করে না, বরং আল্লাহর শরীয়তকে উল্টিয়ে দেয় এবং সেই হককে গোপন করে যা আল্লাহ তায়ালা তার কিতাবে নাজিল করেছেন ।

এরা কাফের- যারা হককে গোপন করেছে, যা সুস্পষ্টভাবে বর্ণনা করা তাদের জন্য আবশ্যক ছিল। এবং অন্যদের দৃষ্টি হতে এই হককে আড়ালে রেখেছে । আর মানুষের সম্মুখে এই 'হক ব্যাতীত অন্যান্য বিষয় প্রকাশ করেছে এবং সেই অনুযায়ী ফয়সালা করেছে, ঘুষের কারণে । যা তারা নিয়েছিল।[২৬]

ফায়দা : ইমাম ইবনে জারীর তাবারী রহমাতুল্লাহি আলাইহি এই আয়াতের তাফসীরে যে বিবরণ উল্লেখ করেছেন, আজকের বিচার ব্যবস্থায় তা পুরোপুরিই পাওয়া যায় । আল্লাহর আইন গোপন করা । অর্থাৎ চলমান মামলার ক্ষেত্রে আল্লাহর আইন কি, মামলার সময় তা উল্লেখই না করা । বরং নিজেদের তৈরিকৃত আইনকে ইসলামী আইন বলা এবং এ কথা বলা যে, আমাদের আদালত ও বিচার ব্যবস্থা ইসলামী আইনের আলোকেই ফয়সালা করে । আল্লাহর আইনে পরিবর্তন-পরিবর্ধন করা (যেমন বিবাহিত নারী-পুরুষকে প্রস্তারাঘাতে হত্যা করার পরিবর্তে কয়েক বছরের জেলের শাস্তি ইত্যাদি)... এ সবই এমন কাজ যার কারণে আল্লাহ তায়ালা এই আয়াতে ইহুদীদেরকে কাফের ঘোষণা করেছেন ।

হযরত আবদুল্লাহ বিন আব্বাস রাযিয়াল্লাহু তায়ালা আনহুমা এই আয়াতের তাফসীরে বলেন_

[এখানে আরবী ইবারত আছে]

কোনো ব্যক্তি আল্লাহর “হুদুদ' প্রেস্তারাঘাত করা, বেত্রাঘাত করা ইত্যাদি) হতে

একটা আইনও যদি অস্বীকার করে, সে কাফের । আর যে ব্যক্তি এগুলো স্বীকার করে ঠিক, কিন্তু এ অনুযায়ী ফয়সালা করে না, সে জালেম এবং ফাসেক ।

হযরত ইকরামা রহমাতুল্লাহি আলাইহি বলেন_

[এখানে আরবী ইবারত আছে]

এর অর্থ হল, যে ব্যক্তি আল্লাহর আইন অস্বীকার করে এ অনুযায়ী ফয়সালা করে

না, সে ব্যক্তি সত্যিই কাফের । আর যে এই আইন স্বীকার করে কিন্তু এ অনুযায়ী ফয়সালা করে না, সে ব্যক্তি জালেম এবং ফাসেক

কুরআনের আইনের উপর ঈমান আনা

একটি সংশয় এবং তার ব্যাখ্যা

[এখানে আরবী ইবারত আছে] এর ব্যাপারে আসলাফগণ যে একথা বলেছেন [এখানে আরবী ইবারত আছে] (অর্থাৎ যে ব্যক্তি আল্লাহর আইন অস্বীকার করে, আল্লাহর আইন অনুযায়ী ফয়সালা

[এখানে আরবী ইবারত আছে]

এর দ্বারা মানুষের সম্ভবত এই সংশয় সৃষ্টি হয়েছে যে, এর দ্বারা উদ্দেশ্য সে এই আইনকে কুরআনের অংশ কিংবা আল্লাহর পক্ষ হতে নাধিলকৃত হওয়ার ইয়াকিন রাখে না । বিধায় কেউ যদি এর ঈমান রেখে কুরআনের আইন ব্যাতিত ফয়সালা করে, তো সেটা কুফরে আকবার নয় বরং

কুফরে মাজাধী অথবা [এখানে আরবী ইবারত আছে] অর্থাৎ ছোট কুফরি ।

ব্যাখ্যা

এমন বোঝা আসলাফের ভাষ্য বুঝার ক্ষেত্রে ক্রটি । খারেজীরা যেভাবে এই আয়াত থেকে সরাসরি কুফরে আকবার উদ্দেশ্য নিয়েছে এবং এতেদালের পথ থেকে সরে গিয়েছে, তেমনিভাবে এই আয়াতে বর্ণিত কুফরিকে সরাসরি [এখানে আরবী ইবারত আছে] বা ছোট কুফরি সাব্যস্ত করাও আহলে সুন্নাত ওয়াল জামাতের পথ হতে সরে যাওয়া । মনে

রাখবেন, সাইয়িদিনা হযরত আবদুল্লাহ বিন আব্বাস রাযিয়াল্লাহু তায়ালা আনহুমা
[এখানে আরবী ইবারত আছে] সরাসরি ব্যবহার করেননি । বরং সাহাবায়ে কেরামের মতামত খণ্ডন
করতে গিয়ে বর্ণনা করেছেন ।

আহলে সুন্নাত ওয়াল জামাতের ওলামায়ে কেরাম এ বিষয়ে তাফসিলের সাথে
আলোচনা করেছেন । পূর্বে যা উল্লেখ করা হয়েছে । আমাদের আসলাফ স্পষ্টভাবে
এ কথা বলে দিয়েছেন যে, এই বিচারক এ বিষয়ের ইয়াকিন রাখে যে, চলমান
মামলায় কুরআনের আইন দ্বারা ফয়সালা করা তার উপর ওয়াজিব । এর ব্যতিক্রম
করলে সে গুনাহগার হবে এবং শাস্তির উপযুক্ত বিবেচিত হবে । কিন্তু সে কুরআনের
আইন অনুযায়ী ফয়সালা করল না বরং শুধু এ কথা বিশ্বাস করল যে, এ আইনগুলো
কুরআনের অংশ– এতটুকু মনে করা তার জন্য যথেষ্ট হবে না। ইহুদীরাও এই
আয়াতকে, যা তাওরাতের অংশ ছিল, বিশ্বাস করত । কিন্তু ফয়সালার ব্যাপারে তারা
এর স্থলে আরেক আইন বানিয়ে নিয়েছিল এবং সেটাকেই শরয়ী আইন প্রমাণিত
করছিল । কুরআন তাদের এই আমলকে কুফরে আকবার ঘোষণা করেছে ।

এ বিষয়টিও ভাবার দাবি রাখে যে, কোনো ব্যক্তি যদি কোরআনের কোনো
আয়াতকে 4। [এখানে আরবী ইবারত আছে] অর্থাৎ আল্লাহর পক্ষ হতে নাধিলকৃত বিশ্বাস না করে,
সে
কেবল এই চিন্তাধারার কারণেই তাৎক্ষণাত কাফের হয়ে যাবে । তার ব্যাপারে এই
আলোচনা করাই অনর্থক যে, কুরআনের আইন ব্যাতীত ফয়সালা করার দ্বারা
কাফের হয় কি না? সুতরাং এই আয়াত দ্বারা এই উদ্দেশ্য কখনোই হতে পারে না।
উম্মতের ওলামায়ে কেরাম এর উদ্দেশ্য এটাই বর্ণনা করেছেন যে, কুরআনের আইন
অনুযায়ী ফয়সালা করা ওয়াজিব মনে করে এবং ইহা ব্যাতীত অন্য যে কোনো
আইন দ্বারা ফয়সালা করাকে গুনাহ মনে করে ।
এ বিষয়টি ইমাম বায়যাবী, ইমাম আবু বকর জাসসাস, শাইখুল ইসলাম ইমাম

ইবনে তাইয়িমা, ইমাম ইবনে কাইয়িম জাওযিয়া, ইমাম ইবনে আবিল ইজ হানাফী, হাকীমুল উম্মাত মাওলানা আশরাফ আলী থানভী (রহমাহুমুল্লাহ) প্রমুখ ব্যক্তিতগণ আরও স্পষ্ট করে বর্ণনা করেছেন। আহলে ইলম হযরতদের ইমাম সাহেব রহমাতুল্লাহি আলাইহির “ইবারত' (ভাষ্য) গভীরভাবে লক্ষ্য করা উচিত । এমনকি অনেক তাফসীরকারকগণ ৮০»)[এখানে আরবী ইবারত আছে] এর তাফসীরে সংক্ষিপ্তভাবে শুধু এতটুকু বলেছেন যে, তারা আল্লাহর নাযিলকৃত (আইনের) উপর ঈমান রাখে না। কিন্তু এর উদ্দেশ্য সেটাই যা উম্মতের অন্যান্য মুফাসসিরগণ করেছেন ,যে, এর দ্বারা ফয়সালা ওয়াজিব মনে করে । (দলিল ও প্রমাণাদি সামনে আসছে ।)

[এখানে আরবী ইবারত আছে]

হযরত আবদুল্লাহ বিন মাসউদ রাযিয়াল্লাহু তায়ালা আনহু এবং ইমাম সাদ্দি রহমাতুল্লাহি আলাইহি বলেন, যে ব্যক্তি ফয়সালা করতে ঘুষ নিল এবং আল্লাহর আইন ব্যাতীত অন্য আইনে ফয়সালা করল, সেই বিচারক কাফের .

ফায়দা

এই দুই হযরতের নিকট এমন ব্যক্তি পুরোপুরি কাফের ।

[এখানে আরবী ইবারত আছে]

হযরত আবদুল্লাহ বিন মাসউদ রাযিয়াল্লাহু তায়ালা আনহু এবং হযরত হাসান বসরী রহমাতুল্লাহি আলাইহি বলেন, আয়াতটি মুসলমান, ইহুদী এবং অন্যান্য কাফেরদের বেলায়ও প্রযোজ্য । অর্থাৎ যে ব্যক্তি আল্লাহর আইন অনুযায়ী ফয়সালা না করবে অর্থাৎ যে ব্যক্তি আল্লাহর শরীয়ত দ্বারা ফয়সালা না করবে এবং নিজের কাজকে সঠিক (আইনসম্মত) হওয়ার বিশ্বাস লালন করবে (সে ব্যক্তি স্পষ্ট কাফের) । তবে হ্যা, যে ব্যক্তি এটাকে হারাম মনে করে করবে, সে ব্যক্তি ফাসেক মুসলমানদের

অন্তর্ভুক্ত ।[৯]

আজকের প্রচলিত গণতান্ত্রিক ব্যবস্থা নিয়ে একটু ভাবুন এবং ফয়সালা করুন যে, বিচার বিভাগের অধিকাংশ লোক কি এ সব ফয়সালাকে গুনাহ মনে করে? তাদের নিকট এটা তো অনেক বড় কল্যাণের কাজ । অনেক বড় ভালো ও পবিত্র কাজ। বলুন, প্রচলিত বিচার বিভাগ কি কুরআন ব্যতীত অন্য আইন দ্বারা ফয়সালা করাকে হালাল ও আইন সম্মত মনে করে না?

হযরত হুযাইফা বিন ইয়ামান রাযিয়াল্লাহু তায়ালা আনহুকে জিজ্ঞাসা করা হয়, এই আয়াতটি কি ইহুদীদের ব্যাপারে নাযিল হয়েছে? তিনি" বলেন-

জি হ্যা, কিন্তু তোমরা (এই উম্মত). ইহুদীদের পথে পায়ে পায়ে চলবে ।[30]

আল্লামা আলুসী রহমাতুল্লাহি আলাইহি রুহুল মাআনীতে ইমাম শাআবী রহমাতুল্লাহির এই রেওয়ায়েত নকল করেছেন-_

[এখানে আরবী ইবারত আছে]

সূরা মায়েদার এই আয়াত তিনটির প্রথমটি এই উম্মতের ব্যাপারে, দ্বিতীয়টি ইহুদীদের ব্যাপারে আর তৃতীয়টি খ্রিস্টানদের ব্যাপারে ।

আল্লামা আলুসী রহমাতুল্লাহি আলাইহি বলেন-

এই ভিত্তিতে আবশ্যক, মুসলমানদের অবস্থা ইহুদী-নাসারাদের থেকেও করুণ হবে। [৩১]

বর্তমানের কুফরি বিচার ব্যবস্থাকে ইসলামী প্রমাণকারীরা এবং কুফরি গণতান্ত্রিক ব্যবস্থাকে ইসলামী সাব্যস্তকারীরা ইহুদী-নাসারাদের থেকেও এক ধাপ এগিয়ে নয় তোকি?

তাফসীরে ইবনে জাযী'তেও [এখানে আরবী ইবারত আছে] ইমাম শাফেয়ী রহমাতুল্লাহি আলাইহির এক কওল বর্ণনা করা হয়েছে যে–

এই আয়াতে কাফের হওয়ার বিষয়টি মুসলমানদের ব্যাপারে ।

(**অর্থাৎ** যে ব্যক্তি আল্লাহর শরীয়ত দ্বারা ফয়সালা না করবে)

বিখ্যাত হানাফী ফকীহ এবং মুফাসসির ইমাম নাসাফী রহমাতুল্লাহি আলাইহি (মৃত্যু = ৭১০ হিজরী) তাফসীরে নাসাফীতে বলেন–

[এখানে আরবী ইবারত আছে]

অর্থাৎ যে ব্যক্তি আল্লাহর শরীয়তকে কম গুরুত্বপূর্ণ “মনে করে এর আলোকে ফয়সালা করে না, সে কাফের । .

বর্তমানের গণতান্ত্রিক জীবনব্যবস্থার মোকাবেলায় নিফাযে শরীয়ত তথা শরীয়তের আইন চালু করাকে কি অবেজ্ঞয় মনে করা হচ্ছে না? তবে তোপ–কামান ও যুদ্ধ কিসের? দিল্লির সুপ্রিমকোর্ট কার মহত্ত্বের দাস্তান শোনায়? ইসলামাবাদের উচ্চ আদালতে আল্লাহর আইনের কি হাশর করা হচ্ছে? সংসদে তৈরিকৃত আইন ওহী থেকেও উপরের, ওহী থেকেও অধিক মর্যাদাপূর্ণ । ওহীর আইন ততক্ষণ পর্যন্ত আইন হতে পারে না, যতক্ষণ সংসদ তা অনুমোদন করে না! বলুন, কোনটা বেশি গুরুত্বপূর্ণ আর কোনটা কম গুরুত্পূর্ণ? কোন আইনের রিট ঠিক রাখার জন্য সোয়াত থেকে উজিরিস্তান পর্যন্ত যুদ্ধ চলছে? মুজাহিদূরা তো আল্লাহর শরীয়তেরই দাবি করছেন?

ইমাম বায়যাবী রহমাতুল্লাহি আলাইহির (মৃত্যু ৬৯১ হিজরী) নাম কোনো তালেবে ইলমের নিকটই নতুন নয়। তিনি তার তাফসীরে বায়যাবীতে এই আয়াতের তাফসীরে এ কথা বলেন–

[এখানে আরবী ইবারত আছে]

যে ব্যক্তি আল্লাহর শরীয়তের আইনকে কম গুরুত্বপূর্ণ মনে করে (অন্য আইনকে গুরুত্পূণ মনে করে), এই আইন অনুযায়ী ফয়সালা করার উজুবকে (ওয়াজিব হওয়াকে) অস্বীকার করে, এর আলোকে ফয়সালা করল না, সে ব্যক্তি কাফের। এই আইনকে কম গুরুত্বপূর্ণ মনে করার কারণে এবং এই আইন ব্যতীত অন্য কাফের ঘোষণা করেছেন।'

বলুন, অনৈসলামী আইনের উপর কারা অটল রয়েছে। এর জন্য কারা যুদ্ধ করছে?

এমনিভাবে আল্লামা জমখশরী রহমাতুল্লাহি আলাইহিও কারো নিকট অপরিচিত ব্যক্তিত্ব নন। তিনি তার তাফসীরে কাশশাফে এই তাফসীরই করেছেন।

সতর্কবাণী

আল্লামা জমখশরী রহমাতুল্লাহি আলাইহি এবং ইমাম বায়যাবী রহমাতুল্লাহি আলাইহির এই মত যে- আল্লাহর শরীয়ত ব্যতীত অন্য আইন দ্বারা কৃত ফয়সালার উপর অটল থাকার কারণে সে কাফের- বর্তমান সময়ের গণতান্ত্রিক বিচার ব্যবস্থার বেলায় কেমন ফিট হয়? এই বিচার বিভাগ কুরআন ভিন্ন অন্য আইন দ্বারা কৃত ফয়সালার উপর বহু বছর ধরে অটল রয়েছে। বরং কুরআনের বিপরীতে তৈরিকৃত আইনের রিটকে নিশ্চিত করার জন্য লড়াই করাকে জিহাদ বলে...। আহলে হকরা কি এর হুকুম বর্ণনা করবেন?

আবুল ফরজ ইবনে জাওযী রহমাতুল্লাহি আলাইহি (৫০৮-৫৯৭ হিজরী) যাদুল মাসির গ্রন্থে বলেন-

[এখানে আরবী ইবারত আছে]

যে ব্যক্তি আল্লাহর শরীয়ত অনুযায়ী ফয়সালা করার উজুবকে অস্বীকার করে এর দ্বারা ফয়সালা করল না, অথচ সে জানে, এটা আল্লাহর নাধিলকৃত আইন, যেমন ইহুদীরা করেছিল, সে ব্যক্তি কাফের ।

'এর দ্বারা জানা গেল যে, আবদুল্লাহ ইবনে আববাস রাযিয়াল্লাহু তায়ালা আনহুমা এবং অন্যান্য তাফসীরকারকগণ- যারা এই আয়াতের প্রসঙ্গে বলেছেন যে, যে ব্যক্তি আল্লাহর আইন অস্বীকার করত আল্লাহর আইন বাদ দিয়ে অন্য আইন দ্বারা ফয়সালা করে- এর দ্বারা এটা উদ্দেশ্য নয় যে, সে এটাকে আল্লাহর কিতাবের অংশ বিশ্বাস করে না, বরং এর দ্বারা উদ্দেশ্য সে এই আইন অনুযায়ী ফয়সালা করার ওয়াজিব হওয়ার বিষয় স্বীকার করে না।

হযরত মুফতী মুহাম্মাদ শফী রহমাতুল্লাহি আলাইহি “মাআরিফুল কুরআন'-এ ৩ [এখানে আরবী ইবারত আছে] তাফসীর এভাবে করেছেন-

> যারা আল্লাহর নাধিলকৃত বিধিবিধানকে ওয়াজিব মনে করে না এবং এ অনুযায়ী ফয়সালা দেয় না, বরং এর বিপরীত ফয়সালা করে, তারা কাফের এবং মুনকির । তাদের শাস্তি জাহান্নামের চিরস্থায়ী আযাব ।
>
> [মাআরেফুল কুরআন, মায়েদা: ৪৪]

হযরত হাসান বসরী রহমাতুল্লাহি আলাইহি বলেন-

> আয়াতটি ইহুদীদের ব্যাপারে নাধিল হয়েছে কিন্তু আমাদের উপরও এটা ওয়াজিব । তাফসীরে তাবারী, সূরা মায়েদা : ৪৪7

ইমাম আবু বকর জাসসাস রহমাতুল্লাহি আলাইহি বলেন

> আর আবদুল্লাহ বিন মাসউদ রাযিয়াল্লাহু তায়ালা আনহু, হযরত

> হাসান বসরী রহমাতুল্লাহি আলাইহি এবং হযরত ইবরাহীম রহামতুল্লাহি আলাইহি বলেন, এই হুকুমটি আ'ম । যে ব্যক্তি কুরআন অনুযায়ী ফয়সালা না করে গায়রুল্লাহর আইন অনুযায়ী ফয়সালা করে- তাদের সবার ক্ষেত্রেই এটি প্রযোজ্য । [আহকামূল কুরআন - ৩/৫৩, আবু বকর জাসসাস]

এমনিভাবে আবুল বখতারী রহমাতুল্লাহি আলাইহি বলেন যে, হযরত হুযাইফা বিন ইয়ামান রাধিয়াল্লাহু তায়ালা আনহুকে এই আয়াত সম্পর্কে জিজ্ঞাসা করা হয় যে, আয়াতটি কি বনী ইসরাইল সম্পর্কে নাধিল হয়েছে? উত্তরে তিনি বলেন-

> হ্যা, তেবে মনে রেখো) বনী ইসরাইলও তোমাদের ভাই । তোমরা যদি মনে কর, মিঠা মিঠা সব তোমাদের জন্য আর তিতা তিতা সব বনী ইসরাইলের জন্য... । না! তোমরা অবশ্যই তাদের তরিকার অনুসরণ করবে । (আল্লাহ তায়ালা আমাদের হেফাজত করুন।)

অর্থাৎ নিজেদের জন্য যা কঠিন মনে করবে, সে ক্ষেত্রে বলবে এটা বনী ইসরাইলদের জন্য ছিল । আর যেটা কঠিন মনে না হবে, তা গ্রহণ করবে।

ইমাম ফখরুদ্দীন রাযি তার তাফসীরে বলেন-

> এই আয়াত সম্পর্কে যারা এ কথা বলেছেন যে, আয়াতটি ইহুদীদের সম্পর্কে, (তিনি বলেন) এটা দুর্বল দলিল । কারণ তাফসীরের ক্ষেত্রে শব্দের ব্যপকতা ধর্তব্য হয়, বিশেষ কারণের নয় ।

তিনি আরও বলেন-

> ইমাম আতা রহমাতুল্লাহি আলাইহি (তাবেয়ী) বলেন, [এখানে আরবী ইবারত আছে] অর্থাৎ এখানে কুফর দ্বারা কুফরে আসগার বা ছোট কুফরি উদ্দেশ্য । আর ইমাম তাউস রহমাতুল্লাহি আলাইহি ততোবেয়ী) বলেন, আল্লাহ ও পরকাল অস্বীকার যেমন মিল্লাত থেকে খারেজ করে দেয়, এটি

তেমন কুফরি নয় । তার মানে এরা এই আয়াতকে “কুফরে নিআমত'
বলেছেন । এই মতও দুর্বল । কারণ কুফর শব্দ যখন মুতলক বলা
হয়, তখন এর দ্বারা [এখানে আরবী ইবারত আছে] (অর্থাৎ বড় কুফরি -লেখক)
উদ্দেশ্য হয়ে থাকে । (প্রাগুক্ত)

যে সব ব্যক্তিত্বগণ এ কথা বলেছেন যে, এই আয়াত দ্বারা উদ্দেশ্য হল যে ব্যক্তি সব মামলাতেই আল্লাহর আইনের পরিপন্থি ফয়সালা করে সে কাফের । যারা কিছু কিছু মামলায় এমন করে থাকে, তারা কাফের নয় । ইমাম রাধি রহমাতুল্লাহি আলাইহি তাদের কথা খণ্ডন করেছেন । তিনি বলেন-

[এখানে আরবী ইবারত আছে]

এই আয়াতে যদি বিশেষত তাদের জন্যই সতর্কবাা দেয়া হত,
যারা সব ফয়সালাতেই আল্লাহর শরীয়তের বিরোধিতা করে,
তাহলে এতে ইহুদীদের জন্য ধমকি বা সতর্কবাণী থাকত না,
যারা রজমের হুকুমে আল্লাহর শরীয়তের বিরোধিতা করতেছিল ।
অথচ সমস্ত মুফাসিসিরগণ এ বিষয়ে একমত (ইজমা') যে এ
আয়াতে সে সব ইহুদীদের জন্য ধমকি যারা রজমের ঘটনায়
আল্লাহর শরীয়তের বিরোধিতা করছিল । হযরত ইকরামা
রহমাতুল্লাহি আলাইহির বক্তব্য হল, এই আয়াতে ওই ব্যক্তির
হুকুম রয়েছে, যে নাকি আল্লাহর আইনকে অন্তর থেকে
অস্বীকার করে এবং মুখ দ্বারাও অস্বীকার করে । তবে যে ব্যক্তি
অন্তর দ্বারা আল্লাহর আইন হওয়া সত্যায়ন করে এবং মুখেও
তা স্বীকার করে, কিন্তু কাজে তার বিপরীত করে, তাকে
আল্লাহর আইন অনুযায়ী ফয়সালাকারীই বলা হবে; যদিও সে
বিধান বর্জনকারী রূপে বিবেচ্য হবে। সে এই আয়াতের
অন্তর্ভুক্ত হবে না (অর্থাৎ কাফের বলে বিবেচিত হবে না)। এই

উত্তরই সঠিক।

একটি ব্যথ্যা

এখানে আবারও এ কথা স্মরণ করিয়ে দিচ্ছি যে, ইমাম রাযি রহমাতুল্লাহি আলাইহি, যিনি অন্তরে সত্যায়ন এবং মুখে স্বীকার করার কথা বলেছেন, এর দ্বারা উদ্দেশ্য তাই যা পূর্বে বলা হয়েছে, যে এ অনুযায়ী ফয়সালা করা ওয়াজিব হওয়ার স্বীকার করে । সেই সাথে এ কথাও স্মরণ রাখতে হবে যে, ইমাম রাযি রহমাতুল্লাহি আলাইহি এই হুকুম সেই রাষ্ট্র, বিচারক অথবা জজের ব্যাপারে বর্ণনা করেছেন, যে অন্যান্য সমস্ত বিধান কুরআন অনুযায়ী ফয়সালা করে । শুধু একটা ফয়সালা অকাট্য ও স্পষ্ট শরয়ী হুকুম কুরআনের খেলাফ করে ।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মোবারক জামানা থেকে নিয়ে তাতারিদের হাতে বাগদাদ পতন (৬৫৬ হিজরী মোতাবেক ১২৫৭ ঈসায়ী) হওয়া পর্যন্ত কখনো কুরআনের বিপরীতে অন্য কোনো বিধান আইন হিসেবে প্রবর্তন করা হয়েছে । আদালতে কুরআন ব্যতীত অন্য কোনো আইনে ফয়সালা হবে, উম্মত এ কথার কল্পনাও করতে পারেনি । কুরআন পরিপন্থি ফয়সালা বেশির চেয়ে বেশি এমন হত যে, কোনো বিচারক ঘুষ নিয়ে বেত্রাঘাত করে ছেড়ে দিত। উল্লেখিত আয়াত প্রসঙ্গে ছোট কুফরি ও বড় কুফরির যে আলোচনা রয়েছে, তা সেই সুরতহাল সামনে রেখেই করা হত। কারণ ওলামায়ে কেরাম সাধারণত সে কথাগুলোই বর্ণনা করতেন, যা তাদের যুগে সাধারণ মুসলমানদের বেলায় ঘটত ।

কিন্তু মুসলিম বিশ্বের উপর যখন তাতারি আক্রমণ করে দারুল খিলাফা বাগদাদ দখল করে নেয়, এরপর এরা মুসলমান হয়ে যায় । কিন্তু রাষ্ট্র ব্যবস্থা কুরআনের

[এখানে আরবী ইবারত আছে]

পরিবর্তে এমন আইন দ্বারা চালাতে থাকে, যার কিছু ছিল চেঙ্গিস খানের তৈরিকৃত আর কিছু ধারা ছিল ইসলামের। এটাকে "ইলয়াসিক বা ইলয়াস' বলা হত। এই সুরতহাল দেখে হাফেয ইবনে কাসির রহমাতুল্লাহি আলাইহি এই আইনের ব্যাপারে ফতওয়া দেন যে–

> যে ব্যক্তি এই "শরীয়তে মুহকামা' ছেড়ে, যা মুহাম্মাদ ইবনে আবদুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর উপর, যিনি খাতামুন নাবিয়্যিন, নাযিল হয়েছিল এবং রহিত শরীয়ত হতে কোনো একটার নিকট ফয়সালা নিয়ে গিয়েছে, সে কাফের হয়ে গিয়েছে। তাহলে সেই ব্যক্তির কী পরিণতি হবে যে (চেঙ্গিস খানের তৈরিকৃত আইন) ইলয়াস অনুযায়ী ফয়সালা করাবে এবং সেটাকে শরীয়তে মুহাম্মাদির উপর অগ্রাধিকার দিবে? এতে কোনো প্রকার সন্দেহ নেই যে, এমন ব্যক্তি উম্মতের ইজমা অনুযায়ী কাফের সাব্যস্ত হবে। (বিদায়া ওয়ান নিহায়া, লিইবনে কাসির]

সুতরাং আপনারাই চিন্তা করুন যে কুরআন ভিন্ন অন্য আইন দ্বারা ফয়সালাকারী আদালতকে ইসলামী বলা... কেমন জঘন্য অপরাধ? আবু জাফর নুহাস রহমাতুল্লাহি আলাইহি (৩৮৮ হিজরী) বলেন– ফুকাহায়ে কেরামের এ বিষয়ের উপর ইজমা রয়েছে যে, যে ব্যক্তি এ কথা বলবে যে, বিবাহিত যেনাকারীকে রজম করা ওয়াজিব নয়, সে কাফের হয়ে গিয়েছে। কারণ সে আল্লাহর এই আইনকে প্রত্যাখ্যান করেছে। [মাআনিল কুরআন]

বিখ্যাত হানাফী ফকিহ ইমাম আবু লাইস সমরকন্দী রহমাতুল্লাহি আলাইহি মৃত্যু

৩৭৫ হিজরী) তার তাফসীরে বলেন-

[এখানে আরবী ইবারত আছে]

যখন সে কোনো মাসআলায় আল্লাহর শরীয়ত অনুযায়ী শাস্তির হক ও সত্য হওয়া স্বীকার করবে না এবং এই আইন বর্ণনাও করবে না..... । অর্থাৎ এই আয়াতটি আম (ব্যাপক), যে ব্যক্তিই আল্লাহর শরীয়ত অস্বীকার করবে, সে কাফেরদের অন্তর্ভুক্ত । [তাফসীরে বাহরুল উলূম লিসসমরকন্দী]

উপমহাদেশের ওলামা মহলে নওয়াব সিদ্দিক হোসাইন খান ভূপালী রহমাতুল্লাহি আলাইহি (মৃত্যু ১৩০৭ হিজরী) অপরিচিত কোনো ব্যক্তিত্ব নন। নওয়াব সাহেব "নাইলুল মুরাম' গ্রন্থে এই আয়াতের তাফসীরে বলেন-

এই আয়াতের ৬ শব্দটি আ'ম । যার মর্ম হল, এই হুকুম বিশেষ কোনো জামাত বা দলের জন্য নির্দিষ্ট নয় । এই হুকুম প্রত্যেক বিচারক ও জজের জন্যই প্রযোজ্য । [নাইলুল মুরাম, সূরা মায়েদা : ৪৪]

আয়াতের তাফসীর এবং ঐতিহাসিক প্রেক্ষাপট

এই আয়াতের তাফসীরে কোনো কোনো মুফাসসির এ কথা বলেছেন যে, এ আয়াতে কুফর দ্বারা উদ্দেশ্য [এখানে আরবী ইবারত আছে] বা ছোট কুফরি । কোনো কোনো মুফাসসির বলেছেন, আয়াতটি ইহ্ীদের ব্যাপারে নাবিল হারছে। জান; বিনা একটু ব্যাখ্যাসহ বোঝার চেষ্টা করি ।

হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস রাযিয়াল্লাহু তায়ালা আনহুমার মত [এখানে আরবী ইবারত আছে]। এটা সেই কুফরি নয় যা তারা উদ্দেশ্য নিয়ে থাকে", খারেজীদের সম্পর্কে বলা হয়েছে। কারণ খারেজীরা এই আয়াতকে ভিত্তি বানিয়ে কোনো প্রকার হুকুম লাগাত। অথচ আহলে সুন্নাত ওয়াল জামাতের নিকট এতে তফসিল

(ব্যাখ্যা) রয়েছে। হযরত ইবনে আব্বাস রাযিয়াল্লাহু তায়ালা আনহুর শব্দ [এখানে আরবী ইবারত আছে] (তারা যে কুফরি উদ্দেশ্য নিয়ে থাকে) সুস্পষ্টরুপে এ কথাই বলছে যে, এই কথা খারেজীদের জবাবে বলেছেন। কারণ আহলে সুন্নাত ওয়াল জামাতের এ মাসলাকই ছিল না যে, তারা এই আয়াতকে ভিত্তি বানিয়ে নাউযুবিল্লাহ রাসূলের কোনো সাহাবীকে কাফের সাব্যস্ত করবেন। সুতরাং এটা যখন আহলে সুন্নাতের মাসলাকই ছিল না, তবে ইবনে আববাস রাযিয়াল্লাহু তায়ালা আনহু তাদের সম্পর্কে এ কথা কেনো বলবেন, "তারা যে কুফরি উদ্দেশ্য নেয়"।

এমনিভাবে বিখ্যাত তাবেয়ী আবু মিজলায রহমাতুল্লাহি আলাইহির সেই কথপোকথন যা তার থেকে বনী আমর ইবনে সুদুসের লোকেরা এ সম্পর্কে বলেছে। মনে রাখবেন এরা খারেজী ছিল। হযরত আবু মিজলায রহমাতুল্লাহি আলাইহি তাদেরকে এ কথাই বুঝিয়েছেন যে, এই আয়াতে সরাসরিভাবে কুফরের হুকুম নেই বরং তফসিল রয়েছে।

এই আলোচনায় আমরা যদি একটি এঁতিহাসিক প্রেক্ষাপট বুঝে নেই, তবে আয়াতটির তাফসীর বোঝা অত্যন্ত সহজ হয়ে যাবে। এই রেওয়ায়েত দুটি, যা ইমাম ইবনে জারীর তাবারী রহমাতুল্লাহি আলাইহি তার তাফসীরে ১২০২৫ এবং ১২০২৬ নাম্বার আছরের অধীনে বর্ণনা করেছেন। ওই রেওয়ায়েতের কথপোকথন হযরত আবু মিজলায রহমাতুল্লাহি আলাইহি এবং বনী আমর ইবনে সুদুসের লোকদের মধ্যকার। স্মরণ রাখবেন, আবু মিজলায রহমাতুল্লাহি আলাইহি তাবেয়ী ছিলেন। তিনি হযরত আলী রাযিয়াল্লাহু তায়ালা আনহুকে মুহব্বত করতেন। আর বনী আমর ইবনে সুদুসের যে সব লোক তাঁর সাথে কথা বলতে এসেছিল, এরা প্রথমে হযরত আলী রাযিয়াল্লাহু তায়ালা আনহুর সঙ্গে ছিল। পরে খারেজী হয়ে গিয়েছিল।

তাদের বক্তব্য ছিল, হযরত আলী রাযিয়াল্লাহু তায়ালা আনহু এবং অন্যান্য সমস্ত

সাহাবা নোউযুবিল্লাহ) মুরতাদ হয়ে গিয়েছে । দলিল হিসেবে তারা এই আয়াত
পেশ করত যে, যারা আল্লাহ প্রদত্ত আইনে ফয়সালা করে না তারা কাফের । এ
বিষয়টি ওই যুগে ব্যাপক আলোড়ন সৃষ্টি করে। এজন্য সাহাবায়ে কেরাম ও
তাবেয়ীন তাদের জবাবে এ কথা বলেন যে, এই আয়াত দ্বারা তোমরা যে হযরত
আলী রাধিয়ালাহু তায়ালা আনহু ও অন্যান্য সাহাবীর কুফর প্রমাণ করতে চাও, এই
কুফর সেই কুফর নয়। হযরত আলী রাযিয়াল্লাহু তায়ালা আনহুর মাঝে ওই
জিনিসই নেই, যা তোমরা প্রমাণ করতে চাচ্ছো । সুতরাং দলিল হিসেবে এই আয়াত
পেশ করা অযৌক্তিক । আপনারা হযরত আবু মিজলায রহমাতুল্লাহি আলাইহির
শব্গুলো লক্ষ্য করলে বিষয়টি সহজেই বুঝতে পারবেন ।
খারেজীরা হযরত আবু মিজলায রহমাতুল্লাহি আলাইহিকে জিজ্ঞাসা করে, এই তিন
আয়াত (যেই তিন আয়াতে আল্লাহর শরীয়ত দ্বারা যারা ফয়সালা করে না,
তাদেরকে কাফের ফাসেক এবং জালেম বলা হয়েছে) সম্পর্কে আপনার মত কি?
এটা কি হক?

হযরত আবু মিজলায রহমাতুল্লাহি আলাইহি উত্তর দেন, হ্যা এটা হক।
খারেজীরা জিজ্ঞাসা করে, তবে এই শাসকরা কি শরীয়ত অনুযায়ী.বিচার করে?
তিনি উত্তর দেন_
[এখানে আরবী ইবারত আছে]
এই শরীয়তই তো তাদের দীন ও নিযাম । যা তারা দীন হিসেবে গ্রহণ করে থাকে ।
এরা তো এরই সমর্থক এবং মানুষদেরকে এর প্রতিই আহ্বান করে । এ থেকে
কোনো কিছু বাদ দিলে তারা এ বিশ্বাস করে যে তারা গুনাহের কাজ করেছে ।
এরপর আরও কথপোকথন হয় । শেষে তিনি বলেন-

এই আয়াত ইহুদী, নাসারা, মুশরিক এবং তাদের মত লৌকদের
ব্যাপারে নাধিল হয়েছে । [তাফসীরে তাবারী: জুয :১০]

অর্থাৎ যে মুসলমান শাসক এই শরীয়তকে আইন হিসেবে তার দেশে বাস্তবায়ন করবে, নিফাযে শরীয়তের প্রবক্তা হবে, এরই আহ্বান করবে । এরপরও কোনো

আইনের উপর আমল করতে গিয়ে অবহেলা বা বিলম্ব হলে নিজেকে গুনাহগার মনে – - করে। এমন শাসকদের বেলায় এই আয়াত নয় । এই আয়াত তো সে সব শাসকদের ব্যাপারে, যারা ইহুদী নাসারা ও মুশরিকদের মত আল্লাহর শরীয়ত ত্যাগ করে । আল্লাহর শরীয়ত নিজ রাষ্ট্রে বাস্তবায়নও করে না, এ সম্পর্কে কোনো কথাও বলে না, শরীয়ত বাস্তবায়নের জন্য কাউকে আহ্বানও করে না। এক কথায় আল্লাহর শরীয়ত নিজ রাষ্ট্রে বাস্তবায়ন তো করেই না, গায়রুল্লাহর আইনে রাষ্ট্র পরিচালনা ও বিচারব্যবস্থা চালু রাখার কারণে নিজেকে অপরাধীও মনে করে না। সে যে ভয়ঙ্কর পাপে লিপ্ত, সে অনুভূতিই তার মধ্যে.নেই । এমন শাসক ইহুদী নাসারাদের মত পাক্কা কাফের কিন্তু তোমরা (খারেজীরা) যেই আয়াতের আলোকে হযরত সাহাবায়ে কেরামকে কাফের প্রমাণিত করতে চাচ্ছো, মনে রেখো, এই আয়াত তাদের ব্যাপারে নয় । এই আয়াত ইহুদী, নাসারা এবং সে সব লোকদের ব্যাপারে যারা মামল-মোকাদ্দমা ও বিচারব্যবস্থায় ইহুদীদের মত কাজ করে।

এখন হয়ত আপনারা বিষয়টি বুঝতে পেরেছেন যে, যে সব সাহাবা ও তাবেয়ীন মুফাসসির এই আয়াত সম্পর্কে এ কথা বলেছেন যে, আয়াতটি মুসলমানদের ব্যাপারে নয়, বরং ইহুদী ও নাসারাদের ব্যাপারে । তাদের উদ্দেশ্য এটাই যে, খারেজীরা ইহাকে সাহাবীদের উপর প্রয়োগ করতে চায়, তা সঠিক নয়। খারেজীদের ভ্রান্ত বিশ্বাস প্রত্যাখ্যান করে তারা এমন বলেছেন । এই আয়াতে যেই কুফরির কথা বর্ণনা করা হয়েছে, যা ইহুদীদের ভেতর ছিল, তারা আল্লাহর শরীয়ত ত্যাগ করে তাদের নিজেদের বানানো আইনে ফয়সালা করত এবং নিজেদের

বানানো নিয়মকেই আইন সাব্যস্ত করত, যার জন্য তাদের ভেতর অনুতাপ ও অনুশোচনা ছিল না, নিজেদেরকে পাপী ও গুনাহগার মনে করত না- হযরত সাহাবায়ে কেরাম এই কুফরি থেকে পরিপূর্ণ পবিত্র ছিলেন ।

উপরন্তু এসব মুফাসসিরদের নিকটও এই আয়াতের হুকুম আ*ম ও ব্যাপক । অর্থাৎ ইহুদীদের ভেতর যে সব বিষয় ছিল, তা যদি কোনো মুসলমান শাসক ও বিচারকের ভেতর পাওয়া যায়, তবে সেও ইহুদীদের মত পুরোপুরি কাফের বিবেচিত হবে । যেমন আবু মিজলায রহমাতুল্লাহি আলাইহির বর্ণনায় এ কথা উল্লেখ রয়েছে যে, “ইহুদী ও নাসারাদের মত যারা করবে, এই আয়াত তাদের ব্যাপারেও ।' অর্থাৎ এই আয়াতের হুকুম তাদের বেলায়ও সমানভাবে প্রযোজ্য হবে ।

এ কথা আমরা নিজেদের পক্ষ হতে বলছিল না। ইমামুল মুফাসসিরীন হযরত

ইবনে জারীর তাবারী রহমাতুল্লাহি আলাইহি এই আয়াতের উপর ব্যাপক আলোচনার পর নিজের মত এভাবে বর্ণনা করেছেন-

> আবু জাফর ইবনে জারীর তাবারী বলেন, আমার নিকট এ সমস্ত মতের (আকওয়াল) মধ্যে সবচেয়ে সঠিক মত মনে হয়েছে এটা... । আয়াতটি ইহুদীদের ব্যাপারে নাযিল হয়েছে । কারণ এই আয়াতের পূর্বের ও পরের আয়াত ইহুদীদের সম্পর্কে ।

এখন কেউ যদি এই প্রশ্ন করে যে, আল্লাহ তায়ালা তো এই হুকুম প্রত্যেক ব্যক্তির জন্য আ"ম রেখেছেন, ব্যাপক রেখেছেন- যে ব্যক্তি আল্লাহর শরীয়ত দ্বারা ফয়সালা করবেন না- আপনি এটাকে (ইহুদীদের সাথে) খাস করলেন কোনো, নির্দিষ্ট করলেন কেনো?

এর উত্তর হল, আল্লাহ তায়ালা এমন ব্যক্তিদের আম (ব্যাপক) হুকুম বর্ণনা

করেছেন- যারা আল্লাহর আইন অস্বীকার করে ছেড়ে দেয়, ত্যাগ করে । সুতরাং বিচার ব্যবস্থায় যারা আল্লাহর আইন ইহুদীদের মত ছেড়ে দিবে, তারা কাফের । এমনিভাবে যে ব্যক্তিই আল্লাহর হুকুম অস্বীকার করে ছেড়ে দিবে, সে কাফের । হযরত ইবনে আববাস রাধিয়াল্লাহু তায়ালা আনহুও তাই বলেছেন। কারণ এই আইন আল্লাহ তায়ালা তার কিতাবে নাযিল করেছেন, এ কথা জানার পরও আল্লাহর হুকুম (আইন) অস্বীকার করা, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে আল্লাহর নবী জানার পরও তীকে নবী অস্বীকার করার মতই । [তাফসীরে তাবারী]

কাফের হওয়ার দ্বারা উদ্দেশ্য

উপরের আলোচনা দ্বারা এতটুকু বুঝে এসেছে যে, এই আয়াতে [এখানে আরবী ইবারত আছে] যে বর্ণনা করা হয়েছে, "যে ব্যক্তি আল্লাহর শরীয়ত দ্বারা ফয়সালা না করবে, সে কাফের'- এই কাফের হওয়ার বিস্তারিত বিবরণ আসলাফে উম্মত বর্ণনা করেছেন। যা খারেজীদের থেকে সরে এবং আধুনি মরজিয়্যাদের থেকে বেঁচে আহলে সুন্নাত ওয়াল জামাতের পথ । এখন আমরা এ বিষয়টি আরও বিস্তারিতভাবে বর্ণনা করব ।

সর্বপ্রথম বুঝতে হবে, শরীয়তে কুফর দুই প্রকার ।

১. কুফরে আকবার । এটাকে হাকিকী (প্রকৃত) কুফরও বলা হয়। এই কুফর ইসলামের গণ্ডি থেকে খারেজ করে দেয় । যার কারণে বিবাহ সম্পর্কও ছিনন হয়ে যায়।

২. কুফরে আসগার । এটাকে কুফরে মাজাযীও বলা হয়। ওলামায়ে কেরাম এটাকে [এখানে আরবী ইবারত আছে] বলেন । এই কুফরের কারণে মানুষ ইসলামের গণ্ডি হতে খারেজ হয় না।

যারা আল্লাহর শরীয়ত দ্বারা ফয়সালা করে না, তাদের সম্পর্কে সালফে সালেহীনের বর্ণিত তাফসীরের বিস্তারিত বিবরণ উল্লেখ করা হয়েছে । আর সাহাবায়ে কেরাম, তাবেয়ীন, ফুকাহা, মুহাদ্দিসীন ও মুফাসসিরিনে কেরাম রহিমাহুমাল্লাহ এই আয়াতের মর্ম ইহা বর্ণনা করেছেন যে-

কোনো ব্যক্তি যদি কুরআনের আইন অনুযায়ী ফয়সালা করা ওয়াজিব মনে না করে, তবে সে 'কুফরে আকবারে' লিপ্ত । সুতরাং সে এমন কাফের, যে ইসলামের গণ্ডি থেকে পরিপূর্ণরূপে খারেজ হয়ে গিয়েছে। পক্ষান্তরে কোনো ব্যক্তি যদি কুরআনের আইন দ্বারা ফয়সালা করা ওয়াজিব তো মনে করে কিন্তু বাস্তবে এর আলোকে ফয়সালা করে না, আবার নিজের এই আমলকে গুনাহের কাজ মনে করে, তাহলে এটা কুফরে আসগার । যা মিল্লাত থেকে খারেজ করে না । এমন ব্যক্তি ফাসেক । এ বিষয়টি ইমাম সদরাদ্দীন ইবনে আবিল ইজ হানাফী রহমাতুল্লাহি আলাইহি (৭৩১-৭৯২ হিজরী) শরহে আকিদাতুত তাহাবিয়্যাহ গ্রন্থে আরোও বিস্তারিত আলোচনা করেছেণ । কিতাবটি আরব ওলামায়ে কেরামের নিকটও সমাদৃত । স্মর্তব্য, “আকিদাতুত তাহাবিয়্যাহ* আকিদার বিখ্যাত কিতাব, যা বড় বড় মাদরাসাগুলোতেও পড়ানো হয় । আর ইমাম তাহাবী রহমাতুল্লাহি আলাইহিও শীর্ষ ইমামদের অন্যতম । তিনি বলেন_

[এখানে আরবী ইবারত আছে]

এখানে এই মাসআলাটি খুব ভালোভাবে বোঝা জরুরি । তা হল, আল্লাহর শরীয়ত ব্যতীত ফয়সালা করা, কখনো এমন কুফরি হয়, যা ইসলামের গণ্ডি থেকে খারেজ করে দেয় । কখনো কবিরা গুনাহ কিংবা সগিরা গুনাহ হয় । আর কখনো কুফরে মাজাযী বা কুফরে আসগার হয় । বিষয়টি বিচারকের অবস্থার সাথে সম্পৃক্ত । বিচারক (বা রাষ্ট্র -লেখক) যদি এই বিশ্বাস (নজরিয়া) লালন করে যে, আল্লাহর আইন অনুযায়ী ফয়সালা করা ওয়াজিব নয় । (এবং তার এই বিশ্বাস রয়েছে যে) সে এই ফয়সালা করার ক্ষেত্রে স্বাধীন (ইচ্ছা করলে সে আল্লাহর আইনে ফয়সালা

করবে, ইচ্ছা করলে অন্য কোনো আইনে) অথবা বিচারক (অথবা রাষ্ট্র লেখক) আল্লাহর আইন অনুযায়ী ফয়সালা করাকে গুরুত্ব না দেয়, যদিও সে এ কথার ইয়াকিন রাখে যে, এটা আল্লাহর আইন- এ সবগুলো সুরতই কুফরে আকবারের অন্তর্ভুক্ত । (অর্থাৎ এগুলো এমন কুফরি যা মুরতাদ বানিয়ে দেয়)

আর যদি সে আল্লাহর আইন অনুযায়ী ফয়সালা করাকে ওয়াজিব মনে করে, আর এই ফয়সালার ব্যাপারে তার আল্লাহর আইন সম্পর্কে ইলমও থাকে, এরপরও সে এই আইন দ্বারা ফয়সালা করা হতে বিরত থাকে, উপরন্তু সে এ কথা স্বীকারও করে যে, এর কারণে সে আযাবের উপযুক্ত হবে, তবে এমন বিচারক (অথবা রাষ্ট্র _লেখক) গুনাহগার হবে । তাকে এমন কাফের বলা হবে, যে কুফরে আসগারে লিপ্ত রয়েছে।

আর যদি এই ফয়সালার ব্যাপারে আল্লাহর আইন সম্পর্কে অবগত না থাকে, কিন্তু সে এই আইন সম্পর্কে জানার প্রান্তকর চেষ্টা করেছে, অতপর ফয়সালা করতে গিয়ে ভুল করে ফেলেছে, তাহলে একে "ভুল করেছে' বলা হবে। সে তার ইজতিহাদের সাওয়াব পাবে এবং তার ভুল ক্ষমা করা হবে ।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহমাতুল্লাহি আলাইহি "মিনহাজুস সুননাহ' গ্রন্থে বলেন-

[এখানে আরবী ইবারত আছে]

আর এ বিষয়ে কোনো সন্দেহ নেই যে, যে ব্যক্তি আল্লাহর নাধিলকৃত শরীয়ত দ্বারা ফয়সালা করা ওয়াজিব হওয়ার বিশ্বাস রাখে না, সে ব্যক্তি কাফের । অনুরূপ শরীয়ত ব্যাতীত অন্য কোনো (ব্যেবস্থা)কে ন্যায় ও ইনসাফ মনে করে মানুষের মামলার ফয়সালা করাকে আইনসম্মত (হালাল-বৈধ) মনে করলে, সে কাফের ।

ইমাম ইবনে কাইয়িম রহমাতুল্লাহি আলাইহিও (৬৯১-৭৫১) হিজরী মোতাবেক

১২৯২-১৩৫০ ঈসায়ী) “মাদারিজুস সালেকীন' গ্রন্থে এই ব্যাখ্যাই দিয়েছেন, যা ইমাম ইবনে আবিল ইজ হানাফী রহমাতুল্লাহি আলাইহি করেছেন । তিনি বলেন-

[এখানে আরবী ইবারত আছে]

“আর সঠিক কথা হল, কুরআন ব্যতীত (অন্য আইন দ্বারা) ফয়সালার করলে দুই প্রকারের কুফরি হতে পারে । এক. ছোট কুফরি । দুই. বড় কুফরি । আর এটা নির্ভর করে বিচারকের অবস্থার উপর... ।' (মাদারিজুস সালেকীন : ২৫৯]

এরপর ইমাম ইবনে আবিল ইজ হানাফী রহমাতুল্লাহি আলাইহির ব্যাখ্যাই বর্ণনা করেছেন। -

ইতিপূর্বে ইমাম আবু জাফর নুহাস রহমাতুল্লাহি আলাইহির (৩৮৮ হিজরী) বিশ্রেষণও উল্লেখ করা হয়েছে । তিনি বলেন-

যদি এ কথা বলা হয় যে, যারা এই ব্যবস্থার মাধ্যমে ইসলামী নিযাম ও জীবনব্যবস্থার জন্য তৎপর, তারা তো মুখলিস। এজন্য কি তারা প্রতিদান পাবে? এমন মনে করা নফসের ধোকা এবং শয়তানী অপকর্মকে তাদের সামনে সৌন্দর্যমণ্ডিত করে উপস্থাপন করা। যে কোনো কাজ যা ভালো উদ্দেশ্যে ইখলাস এবং বিশুদ্ধ নিয়তে করা হয়, আল্লাহর কাছে তা কবুল হয়। তাহলে কাফেরদের মূর্তি পূজার আমলকে কুফরি বলা হয়েছে কেনো? তারা তাদের ধারনা অনুযায়ী আল্লাহর নৈকট্য অর্জনের নিমিত্তেই এসব মূর্তির পূজা করত। তারা বলত [এখানে আরবী ইবারত আছে]

আমাদের ব্যাপারে আল্লাহর নিকট সুপারিশক রে। [৯১

সূরা ইউনুস: ১৮]

তারা আরো বলত [এখানে আরবী ইবারত আছে] আমরা তো কেবল এই মূর্তিগুলো এজন্য পূজা করি যে, এ মূর্তিগুলো আমাদেরকে আল্লাহর নৈকট্যশীল বানিয়ে দিবে। [সূরা যুমার : ৯২]

এরা তো এ মূর্তিগুলোকে এ কারণেই পূজা করত যে, এরা মূর্তিগুলোর মাধ্যমে আল্লাহর নৈকট্যশীল হয়ে যাবে । কিন্তু আল্লাহ তায়ালা তাদের আমলকে কুফর বলেছেন।

একটা বিষয় খুব ভালো করে বুঝে নিবেন যে, কোনো আমলকে ততক্ষণ পর্যন্ত উত্তম আমল বা নেক কাজ বলা যায় না, যতক্ষণ না তার ভেতর দুটি জিনিস পাওয়া না যায়। এক. আমলটি আল্লাহর সন্তুষ্টি উদ্দেশ্যে হতে হবে । দুই. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং সাহাবায়ে কেরামের তরিকা অনুযায়ী হতে হবে । এই জিনিস দুটি কারো আমলের মধ্যে পাওয়া যায়, তবে তার সেই আমল উত্তম আমল বা নেক কাজ বিবেচিত হবে ।

ফুযাইল বিন ইয়ায রহমাতুল্লাহি আলাইহি বলেন–

[এখানে আরবী ইবারত আছে]

নেক আমল হল যা ইখলসওয়ালা হয় এবং সঠিক হয়। লোকেরা জিজ্ঞাসা করল, হে আবু আলী! ইখলাসওয়ালা এবং সঠিক আমল কোনটি? (ফ্যাইল বিন ইয়ায রহমাতুল্লাহি আলাইহি) বললেন, নিঃসন্দেহে আমল যদি খালেস হয় কিন্তু সঠিক না হয়, তা কবুল করা হয় না। আর যখন সঠিক হয় কিন্তু খালেস হয় না, সেটাও কবুল করা হয় না । খালেস আমল হল সেটা, যা শুধু আল্লাহর জন্য হয় । আর সঠিক আমল হল সেটা, যা রাসূলুল্লাহ সাল্লল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সুন্নত অনুযায়ী হয়।

প্রীয়তম নবী হযরত মুহাম্মাদ (সা) বলেন–

[এখানে আরবী ইবারত আছে]

কোন ব্যক্তি এমন আমল করল,যে ব্যাপারে আমার নির্দেশ নেই,তা কবুল করা হবে না।

আর আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

[এখানে আরবী ইবারত আছে]

আর তারা যে কাজ করেছে আমি সেদিকে অগ্রসর হব।

অতঃপর তাকে বিক্ষিপ্ত ধূলিকণায় পরিণত করে দেব । (সূরা ফুরকান : ২৩]

হাফেয ইবনে কাসির রহমাতুল্লাহি আলাইহি এর তাফসীরে বলেন-

[এখানে আরবী ইবারত আছে]

যেই আমল ইখলাসপূর্ণ হবে না এবং আল্লাহর শরীয়ত অনুযায়ী হবে না, তা বাতিল

আল্লাহ তায়ালা আরও ইরশাদ করেন-

সেদিন অনেক চেহারা হবে অবনত । কর্মররান্ত, পরিশ্রান্ত । তারা প্রবেশ করবে জ্লন্ত আগুনে । তাদের পান করানো হবে ফুটন্ত ঝর্ণা থেকে । [সূরা গাশিয়া : ২-৫]

এই আয়াতের উদ্দেশ্য হল, পৃথিবীতে অনেক মানুষ এমন কাজ করে, যেগুলোকে তারা সাওয়াবের কাজ মনে করে । রাত-দিন তারা নিজেকে সেই কাজে ব্যতিব্যস্ত রাখে । কিন্তু তাদের সেই কাজ যেহেতু নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং সাহাবায়ে কেরারেম অনুসৃত পন্থায় হয় না, এজন্য তা আল্লাহর নিকট গ্রহণীয় হয় না।

সূরা কাহাফে আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

[এখানে আরবী ইবারত আছে]

বল, “আমি কি তোমাদেরকে এমন লোকদের কথা জানাব, যারা

আমলের দিক থেকে সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত'ঃ বল, “আমি কি তোমাদেরকে এমন লোকদের কথা জানাব, যারা আমলের দিক থেকে সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত"? [সূরা কাহাফ : ১০৩]

এমনিভাবে সূরা নিসায় আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

[এখানে আরবী ইবারত আছে]

সুতরাং তখন কেমন হবে, যখন তাদের উপর কোন মুসীবত আসবে, সেই কারণে যা তাদের হাত পূর্বেই প্রেরণ করেছে? তারপর তারা আল্লাহর নামে শপথ করা অবস্থায় তোমার কাছে আসবে যে, আমরা কল্যাণ ও সম্প্রীতি ভিন্ন অন্য কিছু চাইনি ।[!সূরা নিসা : ৬২]

ইমাম শওকী রহমাতুল্লাহি আলাইহি বলেন-

(মোনাফেকরা বলত) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বাদ দিয়ে ফয়সালার জন্য অন্যের নিকট যাওয়ার পিছেন আমাদের উদ্দেশ্য ছিল ভালো । খারাপ কোনো অভিপ্রায় ছিল না আমাদের । এখানে উভয় ঝগড়াকারীর মাঝে সমঝোতা করাই ছিল আমাদের উদ্দেশ্য, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বিরোধিতা করা নয় । (ফাতহুল কাদীর]

অনৈসলামিক পন্থায় ইসলামের বিজয় সম্ভব নয়

পবিত্র কুরআনে আল্লাহ তায়ালা ইরশাদ করেন-_

[এখানে আরবী ইবারত আছে]

আর যে রাসূলের বিরুদ্ধাচরণ করে তার জন্য হিদায়াত প্রকাশ পাওয়ার পর এবং মুমিনদের পথের বিপরীত পথ অনুসরণ করে, আমি তাকে ফেরাব যেদিকে সে ফিরে এবং তাকে প্রবেশ করাব জাহান্নামে ।[সূরা নিসা : ১১৫]

আল্লামা ইবনে কাসির রহমাতুল্লাহি আলাইহি এর তাফসীরে বলেন-

[এখানে আরবী ইবারত আছে]

যে কোনো ব্যক্তিই মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আনীত শরীয়তের পথ ছেড়ে অন্য কোনো পথে চলবে, সে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বিরোধিতায় লিপ্ত হল।

অনইসলামী পথে ইসলাম কিভাবে আসতে পারে? তারা তো মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পথ ছেড়ে দিয়ে তার বিরোধিত লিপ্ত হয়েছে । আর যে ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বিরোধিতায় লিপ্ত হয়, ইহ-পরকালে কেউ কি তাকে সাফল্যমণ্ডিত করতে পারে? কবির ভাষায় এদের পরিণত হল-

[এখানে আরবী ইবারত আছে]

না খোদাকে পেল না দেবতাকে । সে তো একুলও হারাল ওকুলও হারাল ।

ইচ্ছা করলে দু চোখ খুলে দেখে নিতে পারেন । আলজেরিয়া থেকে ফিলিপাইন পর্যন্ত শিক্ষা গ্রহণের অসংখ্য উপাখ্যান ছড়িয়ে আছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং সাহাবায়ে কেরামের পথ পাশ কেটে যারা ইসলামী বিপ্রব

আনতে চেয়েছে, তারা কি পেয়েছে? আলজেরিয়ার পর এখন মিশরের বিভীষিকাময় ট্রাজেডিও আমাদের সামনে রয়েছে । সাম্প্রতিক সময়ে কয়েকটি দেশে কোনো কোনো শক্তি ইসলামের নামে ক্ষমতা লাভ করেছে । কিন্তু ইসলাম এখনো গণতন্ত্রের পার্লামেন্টের মুহতাজ । ইসলাম অনুমোদন করার জন্য আগে যেভাবে দুয়ারে দুয়ারে ধর্ণা দিতে হত, হোঁচট খেতে হত, বিপ্লব ঘটার পরও মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের শরীয়ত পার্লামেন্টের অনুমোদনের মুহতাজ হয়ে আছে । সুতরাং মনে রাখতে হবে যে, নামসর্বস্ব ধর্মীয় কোনো দলের ক্ষমতা পাওয়ার নাম ইসলামী বিপ্রুব নয়। ইসলামী বিপ্লবের নজির দেখতে হলে আগফগানিস্তানের তালেবানদের নেযাম দেখে নিন।

ইবনে জারীর তাবারী রহমাতুল্লাহি আলাইহি এই আয়াতের তাফসীরে বলেন_

[এখানে আরবী ইবারত আছে]

আর ঈমানদারদের পথ ব্যতীত অন্য পথে চলা, তাদের মানহাজ ও পন্থা বাদ দিয়ে অন্য মানহাজ গ্রহণ করা, এটা আল্লাহর সাথে কুফরি করা । কারণ আল্লাহ এবং তার রাসূলের সাথে কুফরি করা ঈমানদারদের পথ এবং তাদের মানহাজ নয়

এই গণতন্ত্র বাতিল হওয়ার জন্য এতটুকুই কি যথেষ্ট নয় যে, এটা সাহাবায়ে কেরামের পথ নয়? এলায়ে কালিমাতুল্লাহর জন্য এই পবিত্র জামাত কিতাল ফি সাবিলিল্লাহকে হারাম বলে ।

[এখানে আরবী ইবারত আছে] এর মর্ম এবং গণতান্ত্রিকদের জন্য শিক্ষা

আল্লামা ইবনে কাসির রহমাতুল্লাহি আলাইহি এর মর্ম ইহা বর্ণনা করেছেন যে-

কেউ যখন (শরীয়তের এই পথ বাদ দিয়ে) অন্য পথে চলে, আমি তাকে সেই পথেই পরিচালিত করি । তার অন্তরে এই পথকে মনোহর ও সৌন্দর্যমণ্ডিত বানিয়ে দেই। প্রলুব্ধ করণার্থেই এমনটি করা হয়। যেমন আল্লাহ তায়ালা ইরশাদ করেন- “অতএব, যারা এই কালেমাকে মিথ্যা বলে, তাদেরকে আমার হাতে ছেড়ে দিন, আমি এমন ধীরে ধীরে তাদেরকে জাহান্নামের দিকে নিয়ে যাব যে, তারা জানতে পারবে না।" [সূরা কলম : ৪৪]

আল্লাহ তায়ালা আরও ইরশাদ করেন- তারা যখন সন্দেহেপরেছে,আল্লাহ তায়ালাও তাদের অন্তরে সন্দেহ সৃষ্টি করে দিয়েছেন । [সুরা আস-সাফ : ৫]

কাযি সানাউল্লাহ পানি পতি রহমাতুল্লাহি আলাইহি বলেন-

[এখানে আরবী ইবারত আছে]

তারা যেই ভ্রষ্টতা অবলম্বন করেছে, পৃথিবীতে আমি সেই ভ্রষ্টতাকেই তার মিত্র বানিয়ে দিয়েছে । [তাফসীরে যাযহারী, সূরা নিসা : ১১৫]

খেলাফত প্রতিষ্ঠা ছেড়ে এই কুফরি গণতান্ত্রিক ব্যবস্থায় লিপ্ত লোকদের গোমরাহী ও ভ্রষ্টতার এটাই কারণ, আল্লাহ তায়ালা যা এই আয়াতে বর্ণনা করেছেন । শয়তান তাদের কাছে গণতন্ত্রের এই পথকে এমন মনোহর ও সৌন্দর্যমণ্ডিত করে উপস্থাপন করেছে যে, তারা এটাকে ত্যাগ করার কথা কল্পনাই করতে পারে না। হ্যা যাদের অন্তরে সত্যের অনুসান্ধিৎসা রয়েছে, তারা এর ব্যতিক্রম ।

গণতন্ত্রের পতাকা উত্তোলন করা হরাম

রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসায়াম ইরশাদ করেন-

[এখানে আরবী ইবারত আছে]

যে ব্যাক্তি মুখ থুব্রে পড়া পতাকার (অর্থাৎ যার হাকিকতই মানুষের কাছে স্পষ্ট নয়) অধীনে কিতাল করল, কোনো গৌড়ামির কারণে ক্রোধান্বিত হল অথবা কোনো সাম্প্রদায়িকতার দিকে মানুষকে আহ্বান করল অথবা সাম্প্রদায়িকতার ভিত্তিতে কাউকে সাহায্য করল এবং (এ কাজগুলো করতে গিয়ে) মারা গেল, তার মৃত্যু হল জাহেলিয়াতের মৃত্যু ।

দারুল উলুম দেওবন্দের মুফতীয়ে আযম মুফতী মাহমুদ হাসান গাঙ্গুহী রহমাতুল্লাহি আলাইহি “ফতওয়ায়ে মাহমুদিয়া’য় [এখানে আরবী ইবারত আছে] নাম্বার প্রশ্নের উত্তরে বলেন, প্রশ্নটি গণতান্ত্রিক নির্বাচনের সাথে সম্পৃক্ত) :

হযরত নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পতাকা ছিল ইসলামকে বুলন্দ করার জন্য এবং কুফরকে পরাজিত করার জন্য । আপনার নির্বাচনেও কি এটাই উদ্দেশ্য? এসব দলগুলোর পারস্পারিরক প্রতিদ্বন্বিতা কি ইসলাম ও কুফরের প্রতিদন্িতার মতই? তারা প্রত্যেকেই নিজ নিজ পতাকাকে ইসলামী পতাকা এবং অন্যের পতাকাকে কুফরি পতাকা সাব্যস্ত করবে? (আল্লাহ তায়ালা আমাদেরকে পানাহ দিন ।) আর প্রচলিত এই নির্বাচন কি ইসলামী শিক্ষা ও দিকনির্দেশান অনুযায়ী হচ্ছে? এখানে কি ইসলামী আহকাম ও এবং শরয়ী হুদুদের পক্ষপাতিত্ব (রেআয়াত) করা হচ্ছে? পরস্পরের বিরুদ্ধে লাঙ্কুনা, অবমাননা, মিথ্যা, পরনিন্দা, উপহাস, অপবাদ আরোপ... এমন কোনো ঘৃণ্য অস্ত্র নেই, যা ব্যবহার করা হয় না। অনেক সময় তাকফীর পর্যস্ত পৌঁছে যায়। এরপরও ইসলামী পতাকার অধীনে এগুলো করা এবং প্রত্যেকের নিজ নিজ পতাকাকে ইসলামী পতাকা বলা অত্যন্ত দোষণীয় এবং ইসলামকে কলঙ্কিত করা ।

গণতান্ত্রিক ব্যবস্থা কুফরি কিন্তু এর সাথে জড়িত সবাই কাফের নয়

এতে কোনো প্রকার সন্দেহ নেই যে, গণতন্ত্র একটি স্বতন্ত্র দীন ও জীবনব্যবস্থা । এটা আল্লাহ এবং তার রাসূলকে স্পষ্ট অস্বীকার করা । কিন্তু এর থেকে এই উদ্দেশ্য নেয়া কখনোই সঠিক হবে না যে, যে ব্যক্তিই এর সাথে জড়িত থাকবে, তাকেই চোখ বন্ধ করে কাফের ফতওয়া দেয়া হবে । কারণ কোনো ব্যক্তির কথা ও কাজ কুফরি হওয়া এক বিষয় আর ওই কথা ও কাজে লিপ্ত হওয়ার কারণে খোদ ওই ব্যক্তিকে কাফের সাব্যস্ত করা আরেক বিষয়। এই স্পর্শকাতর ও গুরুত্বপূর্ণ পার্থক্যের দিকে লক্ষ্য না রাখার কারণে এবং ব্যক্তির উপর কুফরির হুকুম দেয়ার ক্ষেত্রে অসাবধনতা থেকে অতিরিপ্রনের (গুলু) জন্ম নেয় । নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যাকে এই উম্মতের ধ্বংসের কারণ বলেছেন । হযরত নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন–

[এখানে আরবী ইবারত আছে]

হে লোক সকল! সাবধান! দীনের ক্ষেত্রে অতিরঞ্জন ও বাড়াবাড়ি

থেকে বাচো । কারণে তোমাদের পূর্ববর্তী লোকদেরকে দীনের মধ্যে

বাড়াবাড়ি ও অতিরঞ্জই ধ্বংস করেছে।[সুনানে ইবনে মাজা-১০১,কিতাবুল মানাসিক]

মুহাম্মাদ (সা) শরীয়তে এটি একটি স্বতেন্দ্র আলোচনা ।

যাকে “তাকফিরে মুভলাক' এবং 'তাকফিরে মুআইয়িন' বলা হয়। এর সতর্কতার

বিষয়গুলোও ওলামায়ে কেরাম বর্ণনা করেছেন ।

১. তাকফিরে মুতলাক : কুফরি কোনো কথাও কাজ সম্পর্কে এ কথা বলা যে, এটা

কুফর । এতে কথা ও কাজের সাধারণ হুকুম বর্ণনা করা হয়। কোনো ব্যাক্তিকে

নির্দিষ্ট করা হয় না।

২. তাকফিরে মুয়াইয়িন: কুফরি কোনো কথা বা কাজে লিপ্ত ব্যাক্তিকে নির্দিষ্ট করে

কাফের বলা । এখানে নির্দিষ্ট ব্যাক্তির উপর হুকুম দেয়া হয় ।

নির্দিষ্ট কোনো ব্যক্তিকে কাফের সাব্যস্ত করার ক্ষেত্রে সতর্কতা

যানে তাকফির ঘারা দেশ্য এমন রতিবনধক ঘা কুফরিতে লি কোনো

বক্তিকে কাফের হওয়া থেকে বাঁচায় কুফরি কোনো কথা ৰা কাজ যদি কোনো

সুদলহান থেকে ৎকাশ পায়, শরীয়ত ততশাৎ তার কাফের হওয়ার ছকুম লাগা

না বরংকিছু সময সুতি রাখে অর্থাৎ একজন সুসলমান কুফরি কথা বা কাজ

করলে তাকে সাথে সাথে কাফের বলে না। এই সুরতেও এমন কিছু বিষয় থাকে,

হা তাকে কাফের হওয়া থেকে বাচাতে পারে । এখানে এমন কিছু গতূর্ণ

ময়লা প্রতিবন্ধক রতি সংক্ষেপে ইলিত করছি।

১.ওজরে জাহাল । অর্থাৎ অন্তত এমন কথা বলা বা এমন কাজ করা,

কোনো মুসলমান কথা বা কাজে কুফরিতে লি হওয়া সব নেক সুরতে

'আহালাত বা অজ্ঞতা কাফের সাবস্ত হওয়ার ব্যপারে প্রতিক হতে পারে

আহলে ইলমগণ ফতওয়ার উল এবং আদবের ভেতর এ বিষয়টি উল্লেখ

করেছেন। বিশেদত গণতগের মত মৌকাময় ব্যবস্থার আলোচনায় যেখানে

পণতয়ের প্রকৃত বণ এবং তার রী মের ব্যাপারে আতা অজ কারণ

ফিযামান। অনেক বিখ্যাত আলেম এর পক্ষে ফতওয়া দিয়েছেন, হার কারণে

সাধারণ মানুষ বিজাতিতে পড়েছে। ক্ষমতা বলে গণের বিরোধিতাারী

আলেমদের গলা চেপে ধরে তাদের আওয়াজ সাধারণ সুসলমালের পর্যন্ত পৌঁছতে

য় হচ্ছ না এসব অব সামনে রাখা হলে নিঃসনদোহে কোনো বাতির পক্ষে

ণতসরকে সঠিক যনে করা অথবা গণ ্স্থায় জড়িত হওয়ার ভিত কাউকে

কাফের সবাস্ত করা পর্বে জহালাত বা অজতার জর সামনে রাখা একজন

সুফতীরজন্য তর যি অতপক্ষে ারা এই নিম ব্যবসার হাকিকত

ও বাস্তবতা বোঝে না, অথবা এর কুফরি হওয়ার বিষয়টি তার নিকট স্পষ্ট নয়,

' তাকে মাজুর সাব্যস্ত করা হবে । যদিও সে অত্যন্ত ভয়ঙ্কর একটি অপরাধে লিপ্ত,

কিন্তু তার বিরুদ্ধে কাফের হওয়ার ফতওয়া দেয়ার পূর্বে তাওয়াক্কুল অবলম্বন বা

বিলম্ব করা, তদন্ত করা এবং অজ্ঞতা দূর করা আবশ্যক ।

আল্লামা আনোয়ার শাহ কাশ্মীরি বলেন-

[এখানে আরবী ইবারত আছে] উল্লেখ রয়েছে-

যে ব্যক্তি তার অজ্ঞতার দরুন এই ধারণা করে নিয়েছে যে, যে-ই হারাম ও নিষিদ্ধ

কাজ আমি করেছি, আমার জন্য তা জায়েয এবং বৈধ । তো সেই (কাজ ও আমল)

যদি এমন বিষয়ের মধ্য হতে হয়, যা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের

দীনের অংশ হওয়া অকাট্য ও নিশ্চিতভাবে জানা যায় (অর্থাৎ সেগুলো জরুরিয়াতে

দীনের অন্তর্ভুক্ত) তবে তাকে কাফের বলা হবে, অন্যথায় নয় । [ইকফারুল মূলহিদীন : ১৯৭]

২. ইকরাহ বা বাধ্যকরণ :

কোনো কুফরি কথা বা কাজের জন্য যদি মৌলিক কোনো অঙ্গ নষ্ট করার অথবা প্রাণনাশের ধমকি দেয় আর তার প্রবল ধারণাও হয় যে, কুফরি কথা না বললে সত্যি সত্যি মেরে ফেলবে অথবা শরীরের মৌলিক কোনো অঙ্গ নষ্ট করে ফেলবে, এমন পরিস্থিতিতে এই শর্তে কুফরি কথা বলার অনুমতি রয়েছে যে, তার অন্তর ঈমানের উপর অবিচল এবং সন্তুষ্ট থাকতে হবে । তবে কুফরি কালেমা বলার পরিবর্তে তার জন্য শহীদ হয়ে যাওয়াই উত্তম । এমন অত্যাচারকে শরীয়তের পরিভাষায় "ইকরাহ' বলা হয় । উল্লেখ্য যে, অপারগতার কারণে যে কোনো ধরনের অপরাধে লিপ্ত হওয়ার অনুমতি দেয়া যায় না। যেমন নিজের জীবন বাচানোর জন্য অন্যায়ভাবে অন্য কোনো মুসলমানের জীবন সংহার করা । নিজের দেশ রক্ষার জন্য অন্য মুসলমানদের বিরুদ্ধে কাফেরদের সাথে সঙ্গ দেয়া, ইত্যাদি । অপরগাতকে ওজর বানিয়ে এ সব সন্ত্রাসী কাজ করা বৈধ হবে না। সারকথা হল, ইকরাহও কারো কাফের হওয়ার ক্ষেত্রে প্রতিবন্ধক হতে পারে । এটা একটা বিস্তারিত আলোচনার বিষয় । এ সম্পর্কে বিস্তারিত জানার জন্য ফিকাহর কিতাবগুলো দেখা যেতে পারে ।

৩. তাবিলের ওজর :

একজন মুসলমানের মধ্যে কুফরি কোনো বিষয় পাওয়া যাওয়ার পরও তাকে কাফের ঘোষণা করার ক্ষেত্রে "তাবিল'ও প্রতিবন্ধক হতে পারে । যেমন কারো এই তাবিল ও ব্যাখ্যা করে গণতন্ত্রে অবতীর্ণ হওয়া যে, যদিও সে এই ব্যবস্থাকে গলত মনে করে, কিন্তু তার ধারণা অনুযায়ী ইসলামী হুকুমত কায়েম করার অন্য কোনো পথ আর নেই । তাই সে এর মাধ্যমে শরীয় প্রবর্তনের চেষ্টা করবে ।

এই তাবিল বা ব্যাখ্যার ব্যাপারে আমাদের আপত্তি রয়েছে এবং এই তাবিলের গলত প্রমাণের জন্য কয়েক ডজন প্রমাণ দেয়াও সম্ভব । আর যদিও এই তাবিলের

সাথেও এই কদর্য কুফরি ব্যবস্থায় শরিক হওয়া একটি মারাত্মক অপরাধ, কিন্তু এই তাবিল বা ব্যাখ্যা অনেক সুরতে গণতন্ত্রে শরিক ব্যক্তিকে কাফের ঘোষণা করতে প্রতিবন্ধকতা সৃষ্টি করে। এই ব্যাখ্যার ভিত্তিতেই ধর্মনিরপেক্ষতাবাদের অন্তর্গত দীনের মুশমন সম্প্রদায়গুলো এবং গণতন্ত্রে শরিক দীনি সম্প্রদায়গুলোর মধ্যে পার্থক্য নিরুপিত হয় । আর এভাবে পার্থক্য করা এবং সবাইকে নির্বিশেষে একই পর্যায়ভূক্ত সাব্যস্ত করা হতে বিরত থাকাও জরুরি । মোটকথা, তাবিলও কাউকে কাফের বলতে প্রতিবন্ধক হতে পারে । তবে শরীয়তে এ বিষয়েও বিস্তারিত বিবরণ বিদ্যমান রয়েছে যে, কোন কোন ক্ষেত্রে কোন জাতীয় তাবিল গ্রহণীয় ।

কারো বিরুদ্ধে কাফেরের হুকুম দেয়া সাধারণ মানুষের কাজ নয়

মাওয়ানেয়ে তাকফির তথা যে সব বিষয় একজন মুসলমানকে কুফরিতে লিপ্ত হওয়া সত্তেও কাফের হওয়া থেকে বাচায়, এ বিষয়ের আলোচনা আমরা এখানে অতি সংক্ষেপেই করলাম । যাতে আমাদের পাঠকবর্গ এই পার্থক্য খুব 'ভালোভাবে মস্তিষ্কে বসিয়ে নিতে পারেন যে, বইয়ে কৃত সমস্ত আলোচনা মৌলিকভাবে এই গণতন্ত্র ব্যবস্থা এবং গণতন্ত্র ধর্মের কুফরি হওয়া প্রমাণ করছে । এতে শরিক ও জড়িত নির্দিষ্ট ব্যক্তি বা দলের উপর হুকুম দেয়া এখানে আমাদের লক্ষ্য নয় । আর গণতন্ত্রকে কুফরি বলায় এটাও আবশ্যক হয়ে যায় না যে, এতে যে কোনো পর্যায়ে এবং যে কোনোভাবে জড়িত সমস্ত ব্যক্তি আমাদের নিকট সমানভাবে দীন থেকে খারেজ হয়ে গিয়েছে । এমনটা আমরা বলিওনি আর এমন অসতর্ক ও অতিরঞ্জন মত অবলম্বন করা মুজাহিদদের পদ্ধতিও নয় । এই বই হতে এমন কোনো মর্ম গ্রহণ করা একদমন ঠিক হবে না। হ্যা, আমরা এটা অবশ্যই চাই যে, আমরা. আমাদের প্রিয়তম উম্মতকে গণতন্ত্রের ভয়বহতা সম্পর্কে ভালোভাবে অবগত করি এবং গণতন্ত্রের ঈমান বিধ্বংসী প্রকৃতি রুপকে উন্মোচিত করি । যাতে তারা এই ক্ষতিকর ব্যাধি হতে নিজেদেরকে রক্ষা করে এবং এর বিরুদ্ধে তৎপরতা চালায় ।

এখানে সুধী পাঠকদের সামনে প্রিয়তম নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের এই মোবারক ফরমানও থাকা উচিত । নবীজি ইরশাদ করেন–

যে ব্যক্তি তার মুসলমান ভাইকে কাফের বলল, তো কুফর তাদের দুইজনের যে কোনো একজনের দিকে প্রত্যাবর্তন করবে ।

এই হাদীসের মর্ম হল, যাকে কাফের বলা হয়েছে, তার মধ্যে সত্যিই যদি কুফরি কোনো বিষয় বিদ্যমান থাকে, তবে তো সে কাফের । কিন্তু তার মধ্যে যদি কুফরি কোনো বিষয় না থাকে এবং সে নিশ্চত না হয়েই যদি তাকে কাফের বলে, তো এ ব্যক্তি নিজেই মারাত্মক গুনাহে লিপ্ত হয়েছে ।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন–

[এখানে আরবী ইবারত আছে]

সেই দুই ব্যক্তি জান্নাতে. একত্রিত হবে না, যাদের মধ্য হতে একজন আরেক মুসলমান ভাইকে কাফের বলেছে । (মুসনাদ ইসহাক বিন রাহওয়াইহ।)

অর্থাৎ কোনো ব্যক্তি যদি কোনো মুসলমানকে কাফের বলে (যার মধ্যে কুফরির কোনো বিষয় ছিল না) তো যে ব্যক্তি এ কথা বলছে, সে এমন একটা কাজ করল, যা তাকে জান্নাত থেকে বঞ্চিত করতে পারে ।

অতএব কোনো ব্যক্তি যদি কোনো কুফরিতে লিপ্ত থাকে, তো হক্কানী ওলামায়ে কেরাম তার কাফের হওয়ার ফতওয়া না দেয়া পর্যন্ত সাধারণ মানুষ তাকে কাফের বলবে না । তবে সেই কুফরি আমলকে অবশ্যই কুফরি বলা যাবে ।

এ পর্যায়ে আমরা তাকফিরের আলোচনার দিক থেকে মানুষকে তিন স্তরে ভাগ

করতে পারি ।

১. সাধারণ মুসলমান : কোনো মুসলমানের জন্যই (চাই সে মুজাহিদই হোক না কেনো) জায়েয নেই যে, সে এসব বিষয় পড়ে সাধারণ মানুষ অথবা কোনো আলেমের বিরুদ্ধে কাফেরের ফতওয়া দিয়ে বেড়াবে । এমন কাজ করা নিঃসন্দেহে তার ঈমানকে হুমকির মধ্যে ফেলতে পারে । সুতরাং যারা আলেম নন তারা শুধু এতটুকু করবেন যে নিজেকে, নিজের পরিবারকে এবং আত্মীয়-স্বজনকে এই কুফরি থেকে রক্ষা করুন, অন্যদেরকে বিরুদ্ধে ফতওয়া দিতে যাবেন না ।

২. আলেম :

হযরত ওলামায়ে কেরামও নিজেদেরকে এর থেকে বাচান এবং এর কুফরির বিষয় মানুষের সামনে আলোচনা করুন। তবে নির্দিষ্ট কোনো দল অথবা কোনো আলেমের বিরুদ্ধে ফতওয়া দেয়া, সব আলেমের কাজ নয় । কারণ এই কাজের জন্য ইলমের গভীরতা এবং বিশেষ এক পর্যায়ের “রুসুখ' থাকতে হবে । যা খুব আলেমেরই লাভ হয়ে থাকে ।

৩. মুহাক্কিক আলেম :

কাউকে কাফের বলা যে কারো কাজ নয়। এটা অনেক স্পর্শকাতর একটা মাসআলা । অতএব মুহাক্কিক আলেমরাই কেবল এ বিষয়ের বেশি হকদার যে, -তারা আল্লাহর ব্যাপারে নিন্দকারীদের নিন্দার পরোয়া করবে না। তারা যেন কিয়ামতের দিন কিতমানে হক তথা সত্য লুকানোর অপরাধে পাকড়াওয়ের বিষয় ভয় করেন । আবেগ, প্রবৃত্তির অভিলাষ এবং ব্যক্তি দুর্বলতা- সব কিছু একদিকে রেখে ইলমী নিয়ম এবং ফতওয়ার আদব ও উসুল অনুযায়ী সর্ব অবস্থায় হক কথা বলে যাবেন । ক্ষমতাসীন ও স্বঘোষিত ইলাহ ও প্রভুদের যত খারাপও অসহ্যই লাগুক না কেন? সবাইকে একদিন মা"বুদে হাকিকীর সামনে গিয়ে দাড়াতে হবে । কামিয়াব সেই যে তীর সামনে দীড়ানোকে ভয় করেন এবং দুনিয়ার সব ভয়-ভীতি

থেকে মুক্ত হয়ে যান । জীবন ও মৃত্যু আজো তিনিই দান করেন । প্রতিটি বস্তুর উপর তাঁরই রাজত্ব । কারাগারে বিষের ইনজেকশন প্রয়োগকারী, ওলামায়ে কেরাম ও মুজাহিদদেরকে শহীদ করে রাস্তায় নিক্ষেপকারীরা কিছুই নয় ।

গণতন্ত্র এবং কতিপয় ওলামায়ে কেরাম

এখানে এ প্রশ্নটি অবশ্যই করা যেতে পারে যে, এই গণতন্ত্র যদি কুফরি হয়, তবে কোনো কোনো ওলামায়ে কেরাম এতে শরিক কেনো? তাদের হুকুম কি?

যে সব ওলামায়ে কেরাম এই গণতন্ত্র ব্যবস্থার সাথে জড়িত এবং এখন পৃথিবী ছেড়ে চলে গিয়েছেন, তাদের সম্পর্কে আমরা এতটুকুই বলব যে, তাদের কাছে গণতন্ত্র ব্যবস্থার কুফরি হওয়ার বিষয়টি স্পষ্ট হয়েছিল না । শরীয়তের দৃষ্টিতে এটা একটা ওজর, আর ওজর থাকলে নির্দিষ্ট কোনো ব্যক্তিকে কাফের বলা যায় না। আবার তাদের মধ্যে হতে কতিপয় বিখ্যাত ব্যক্তিত্ব সম্পর্কে এই সাক্ষ্যই বিদ্যমান রয়েছে যে, শেষে তারা এই গণতন্ত্র থেকে মুক্ত করেছেছিলেন ।
কারো কুফরি প্রকাশ হওয়া না হওয়া, কুফরি কারো বেলায় আগে প্রকাশ হওয়া কারো বেলায় পরে প্রকাশ হওয়া- এটা কারো তাকওয়া ও ইলমের জন্য বিপরীত বা প্রতিদ্বদ্ধি মুনাফী) বিষয় নয় । এক্ষেত্রে এ কথা বলা অনর্থক যে, গণতন্ত্র যদি কুফরিই হত, তবে বড় বড় সমস্ত আলেম এটাকে কুফরি বলেন না কোনো?

মনে রাখবেন, আল্লাহ তায়ালা হক এবং বাতিলকে স্পষ্ট করার জন্য এবং দীনে মুবিনের উপর উড়ে আসা ধুলিবালি পরিস্কার করার জন্য প্রত্যেক যুগেই নির্দিষ্ট ব্যক্তিত্বদেরকে নির্বাচন করেছেন । এটা আল্লাহর মহাঅনুগ্রহ, যিনি তা পেয়েছেন ।

সাইয়িদিনা হযরত ওমর ফারুক রাযিয়াল্লাহু তায়ালা আনহু, যাকে হযরত জিবরাইল

আলাইহিস সালাম হক ও বাতিল পার্থক্যকারীর (ফারুক) খেতাব দিয়েছেন । কিন্তু যাকাত দিতে অস্বীকৃতিজ্ঞাপনকারীদের বিরুদ্ধে যখন হযরত আবু বকর সিদ্দিক রাযিয়াল্লাহু তায়ালা আনহু কিতালের ঘোষণা করেন, হযরত ওমর ফারুক রাষিয়াল্লাহু তায়ালা আনহু তখন বললেন, যারা কালেমা পড়ে আপনি তাদের বিরুদ্ধে কিতাল করবেন? পরে তিনি নিজেই বলতেন, আল্লাহ তায়ালা হযতর আবু বকরের বক্ষ উন্মোচন করে দিয়ে ছিলেন । এই ঘটনার কারণে হযরত ওমর ফারুক রাষিয়াল্লাহু তায়ালা আনহুর ফযিলত কমতে পারে না । কিন্তু আল্লাহ তায়ালার নিয়ম হল, প্রথম পর্যায়ে কোনো একজন ব্যক্তি বা একটি দলের সিনায় রহমতের তাজাল্লি ফেলেন।

ইসলামের ইতিহাস হাতে নিয়ে দেখুন । খেলাফতকে নবুওয়াতের তরিকায় আনার জন্য হযরত হুসাইন রাযিয়াল্লাহু তায়ালা আনহু, খলকে কুরআনের ফিতনায় হযরত আহমাদ বিন হাম্বল রহমাতুল্লাহি আলাইহি, ক্রুসেডারদের ফিতনার বিরুদ্ধে থেকে বাচানোর জন্য শাইখুল ইসলাম, রণাঙ্গনের মুজাহিদ, হকের উপর কারাগার এবং কারাগার থেকে প্রিয়জনের সান্নিধ্যে গমনকার, ইমাম আবু হানিফা ও ইমাম বিরুদ্ধে মুজাদ্দিদে আলফে সানী, উপমহাদেশে রাষ্ট্রীয় পতনকে ইলম ও ইয়াকিনের কুওয়াত দ্বারা সুদৃঢ়কারী শাহ অলিউল্লাহ মুহাদ্দিসে দেহলভী রহমাতুল্লাহি আলাইহি, মুসলিম ভারতে শরীয়তের খাতিরে জিহাদ ও কিতালের ভিত্তি স্থাপনকারী সাইয়িদ আহমাদ বেরলভী রহ., ক্ষমতাধর দুশমনের মোকাবেলায় জনশক্তির ওজর খণ্ডন করে শামেলীর ময়দানে অবতরণকারী কাসিম নানুতবী রহ., শিয়াবাদ ও তার আড়লে লুকায়িত কুফরিকে উন্মোচনকারী হক নাওয়াজ ঝঙ্গুভী রহ., কুরআন এবং সুন্নাহর তরজে খালেস ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠাকারী আমিরুল মুমিনীন মোল্লা মুহাম্মাদ ওমর মুজাহিদ হাফিজানুল্লাহ, আহলে ইলমরাও যখন এর আমলি কিয়াম তথা কার্যত প্রতিষ্ঠার ব্যাপারে হতাশ হয়ে গিয়েছিলেন এবং খেলাফতকে দরস-তাদরিস থেকেও বের করে দেয়া হয়েছিল- আনা রববুকুমুল আলা'র কথক ফেরাউন, আমেরিকাকে চ্যালেঞ্জ করে তার অহঙ্কার পেন্টাগন ও ওয়ার্ল্ড ট্রেড সেন্টারকে

ধ্বংসস্তূপে দাফনকারী শহীদে উম্মত উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ, পারভেজ মুশাররফ এবং তার সেনাবাহিনীর কুফরিকে চ্যালেঞ্জকারী ইমামে ওয়াক্ত- গাজী আবদুর রশিদ শহীদ রহ.... তালিকা তো অনেক দীর্ঘ । কিন্তু আমার জাতি এই কতিপয় ব্যক্তিত্বের অনুগ্রহের ঋণই যদি পরিশোধ করতে পারত!

এসব ইতিহাস আমাদেরকে এ কথা বোঝার জন্য যথেষ্ট যে, প্রত্যেক যুগে যে কোনো ফিতনর বিরুদ্ধে সূচনাতে যে কোনো একজন -ব্যক্তিকেই চয়ন করা হয়। এরপর আসমানে তার কবুলিয়াতের এলান করা হয়। সুতরাং সৌভাগ্য তাদের জন্য, যারা হক ও বাতিল স্পষ্ট হওয়ার পর বাতিলে বিরুদ্ধে বিদ্রোহ করে হকওয়ালাদের সঙ্গী হয় । আর দুর্ভাগ্য তাদের কপালে জোটে, যারা কেবল হঠকারিতাবশত হককে কবুল করা হতে বিরত থাকে ।

সুতরাং গণতন্ত্রকে কেবল এ কারণে কুফরি না মানা যে, বড় বড় আলেমরা এটাকে কুফরি বলেননি, এটা কোনো দলিল নয় । আবার এর জন্য ওলামায়ে কেরামের বিরুদ্ধে গাল-মন্দ শুরুকরব, তাও ঠিক না।

আল্লামা যাহাবী রহমাতুল্লাহি আলাইহি বলেন-

[এখানে আরবী ইবারত আছে]

আকাবির ওলামা এবং আয়েম্মায়ে ইলমের মধ্য হতে যাদের অধিকাংশ রায় সঠিক, যাদের হক পর্যন্ত পৌঁছার পিপাসা, ইলমের ব্যপকতা, মেধা ও বোধ-বুদ্ধির গভীরতা, দীনদারী, তাকওয়া এবং ইত্তেবায়ে হকের জযবা জানা যায়, তাদের ভুল-ভ্রান্তিগুলোকে ছাড় দেয়া হবে । তাকে গোমরাহ ও পথভ্রষ্ট বলা হবে না এবং তাকে উপেক্ষাও করা হবে না। আর তার এই (ভুল-ভ্রান্তির কারণে তার) অবদানকেও ভুলে যাওয়া যাবে না। আবার তার বিদআত ও তার ভুল-ভ্রান্তির ইত্তেবা-অনুসরণও

করব না। আল্লাহর নিকট আশা রাখব, আল্লাহ তায়ালা তার
এসব ভুল-ভ্রান্তি ক্ষমা করে দিবেন

সুতরাং যে সব ওলামায়ে কেরাম এই গণতন্ত্রে জড়িত ছিলেন এবং এই দুনিয়া থেকে চলে গিয়েছেন, তাদের সম্পর্কে আমরা এটাই বলব যে, গণতন্ত্রের কুফরি হওয়ার বিষয়টি তাদের সামনে স্পষ্ট হয়েছিল না। এ আলোচনাকে দীর্ঘ করা আমাদের দাওয়াতের জন্য উপকারীও নয়, আমাদের আলেচ্য বিষয়ও নয় । এ ক্ষেত্রেও আমাদেরকে আমাদের আসলাফের, ভারসাম্যের আঁচল ছাড়া উচিত নয় । এমন ক্ষেত্রে তারা শুধু এতটুকুই উত্তর দিতেন যে-

[এখানে আরবী ইবারত আছে]

সেটা ছিল একটি উম্মত, যারা বিগত হয়েছে । তারা যা অর্জন করেছে, তা তাদের জন্য আর তোমরা যা অর্জন করেছ তা তোমাদের জন্য । [সূরা বাকরা : ১৪১]

আসল বিষয় হল, আমরা নিজেদেরকে এবং নিজেদের পরিবার পরিজনকে এই কুফরি থেকে রক্ষা করার চেষ্টা করব ।

তাকফিরের মাসআলায় ওলামায়ে কেরামের মাঝে নম্রতা ও কঠোরতার তাৎপর্য

আল্লামা আনোয়ার শাহ কাশ্মীরি রহমাতুল্লাহি আলাইহি এ বিষয়টিকে খুব সহজ ভাষায় বুঝিয়েছেন । তিনি বলেন-

এই ভিন্নতা (ইখতিলাফ) লেখকদের (আরবাবে তাসানিফ) অবস্থার ভিন্নতার ভিত্তিতে হয়েছে । যেই লেখক যেই গোমরাহ ফেরকার মুখোমুখি হয়েছেন এবং তাদের গোমরাহীর গভীর পর্যন্ত পৌঁছার সুযোগ হয়েছে, তাদের ফাসেদ আকিদা ও

আমল দ্বারা দীনের ক্ষতি হওয়ার ব্যাপারে তিনি জেনেছেন এবং নিশ্চিত হয়েছেন, তিনি সে ব্যাপারে কঠোরতা অবলম্বন করেছেন এবং এমন তীব্রভাবে খণ্ডন করেছেন যে এটাকেই মিশন বানিয়েছেন এবং তার নাম-নিশানা নিশ্চিহ্ন করে দিয়েছেন । আর যেই লেখক এমন পরিস্থিতির মুখোমুখি হননি এবং গোমরাহীর গভীর পর্যন্ত পৌঁছার সুযোগ হয়নি, তারা সতর্কতাবশত, মুসলমান ও আহলে কিবলা মনে করে

মূলের উপর ভিত্তি করে কাফের বলা হতে বিরত থেকেছেন । [ইকফারুল মূলহিদীন : ২৮৯]

সাধরণ মানুষের জন্য ওলামায়ে কেরামের অনুসরণ করার বিধি

এখন সমস্যা হল এমন নাজুক পরিস্থিতিতে সাধারণ মানুষ কি করবে? সাধারণ মানুষ দেখে যে, গণতন্ত্রের ঝাণ্ডা উত্তোলনকারীদের মধ্যে এমন ব্যক্তিগণও রয়েছেন, যাদেরকে আলেম বলা হয় । তাদের অনুসারীদের সংখ্যাও কম নয় । এ সম্পর্কে মুফতী মুহাম্মাদ শফী রহমাতুল্লাহি আলাইহি অত্যন্ত দামি কথা বলেছেন। তিনি মাআরিফুল কুরআনের সূরা মায়েদার এই আয়াতগুলোর তাফসীরের পর “মারিফ ও মাসায়িল'-এ বলেন-

এখানে যেভাবে তাহরিফকারী (বিকৃতিকারী) এবং আল্লাহ ও. তার রাসূলের বিধানাবলীতে গলত জিনিস মিশ্রনকারীদের জন্য ধমকি রয়েছে, তেমনিভাবে সেসব ব্যক্তিদেরকেও কঠিন অপরাধী সাব্যস্ত করা হয়েছে, যারা এমন লোকদেরকে ইমাম (নেতা) বানিয়ে বিষয় ও গলত রেওয়ায়াত শুনতে অভ্যস্ত হয়ে পড়েছে । এতে মুসলমানদের জন্য একটি গুরুত্বপূর্ণ উসুলি হিদায়াত হল, যদিও জাহেল আওয়ামের জন্য দীনের উপর আমল করার পথ শুধু এটাই যে, তারা কেবল ওলামায়ে কেরামের ফতওয়া এবং তলিমের উপর আমল করবে । কিন্তু এই যিম্মাদারী থেকে সাধারণ মানুষও মুক্ত নয় যে, ফতওয়া গ্রহণ এবং আমল করার পূর্বে স্বীয় নেতাদের সম্পর্কে এতটুকু খোজ-খবর এবং নিশ্চিত অবশ্যই হবে,

যতটুকু একজন অসুস্থ ব্যক্তি ডাক্তার ও চিকিৎসকের নিকট যাওয়ার পূর্বে হয়ে থাকে । কোন ডাক্তার ভালো, তার ডিগ্রী কি কি, যার তার নিকট চিকিৎসা নিয়েছে তারা কেমন উপকার পেয়েছে... সম্ভাব্য খোঁজ-খবর নেয়ার পরও যদি সে কোনো ভূয়া বা অনভিজ্ঞ ডাক্তারের ফাদে পড়ে অথবা সে কোনো ভুল করে, তবে জ্ঞানীদের নিকট সে তিরস্কারযোগ্য বিবেচিত হবে না। কিন্তু কোনো ব্যক্তি যদি খোজ-খবর নেয়া ছাড়া কোনো (আতায়ী) এর ফাঁদে গিয়ে পড়ে এবং বিপদ গ্রস্ত হয়, বুদ্ধিমানদের নিকট সে নিজেই নিজের আত্মহনেনর জন্য দায়ী । একই অবস্থা সাধারণ মানুষের জন্য ধর্মীয় বিষয়েও ।

অনৈসলামিক জীবনব্যবস্থা পৃথিবীকে কী দিয়েছে

যুক্তির আলোকেও যদি গণতান্ত্রিক ব্যবস্থাকে দেখা হয়, তো এটি যে একটি অস্পষ্টতা থাকে না । এতে নির্দিষ্ট একটি শ্রেণীর স্বার্থ রক্ষা করা হয়ে থাকে । এই সংখ্যালঘু শ্রেণীই প্রতিটি দেশে শাসন করে । আর জনগণের অবস্থা সেই কুলুর বলদের মত, যারা বছরকে বছর ধরে কুলুর ঘাণি টানতে থাকে । তারা মনে করতে থাকে যে, অচিরেই গন্তব্যে পৌঁছব। কিন্তু চোখ খুলতেই দেখে, যেখান থেকে যাত্রা শুরুকরে ছিল সেখানেই দাঁড়িয়ে আছে।

এই ব্যবস্থায় নাম যদিও জনগণের শাসন, কিন্তু বাস্তবতা হল পৃথিবীতে বিদ্যমান একটি সংখ্যালঘু শ্রেণী এই ব্যবস্থার মাধ্যমে জনগণকে ভেড়া-বকরির মত তাড়াতে থাকে । পশ্চিমাদের অবস্থা এই যে, তাদের প্রতিটি শিশু মাল্টিন্যাশনালের সুদখোরদের কাছে ঋণগ্রস্থ । ভূমি তাদের মালিকানা থেকে হাত ছাড়া হয়ে গিয়েছে। খাদ্য উপকরণ খ্রিস্টবাদের দুমশনদের দখলে । এমনকি পান করার পানির উপরও মাল্টিন্যাশনালের এজারাদারি রয়েছে । খোদ আমরিকান জনগণকে এই ব্যবস্থার মাধ্যমে এই শক্তিগুলো সেই কুকুরের মত বানিযে রেখেছে, যাদের জীবনের একমাত্র উদ্দেশ্য স্বীয় মালিকদের (মাল্টিন্যাশনাল) স্বার্থ রক্ষা করা। মালিকের দুশমনের বিরুদ্ধে ভেউ ভেউ করা এবং তাদের বিরুদ্ধে ঝাপিয়ে পড়া... ।

শুধু বিনিময়ে যে, তাদের মালিক তাদের সামনে দুইয়েক খানা হাডিড নিক্ষেপ করে থাকে।

আমেরিকান জনগণও মাল্টি ন্যাশনালের জন্য গৃহপালিত কুকুরের কাজ করে যাচ্ছে । তাদের মনিব যেখানে চায় সেখানেই তাদেরকে নিক্ষেপ করে। এটা গণতান্ত্রিক ব্যবস্থার অবদান, যেখানে প্রকৃত শাসক শতকরা দুইজন যারা মূলত সংখ্যালঘু শ্রেণীর হয়ে থাকে । এই ব্যবস্থার আরেকটা বৈশিষ্ট্য হল, এরা শুধু শাসিত জাতির দেহের উপরই শাসন করে না বরং তাদের চিন্তা, দর্শন এবং জীবনের চাওয়া পাওয়াও গণতন্ত্রের দাসত্বের সাথে আবদ্ধ থাকে । শাসিত জাতিরকে শুধু শ্লোগান, প্রতিশ্রুতি এবং কল্পনার জগতে বন্দি রাখার হয় ।

গণতন্ত্র ব্যবস্থার এই আধুনিক ইতিহাস অধ্যায়ন করুন এবং বলুন যে ইউরোপ-আমেরিকাসহ এই ব্যবস্থা সাধারণ মানুষকে কি দিয়েছে? আল্লাহর সাথে যুদ্ধ করে তো পরকালকে ধবংস করেছেই, পৃথিবীতেই বা কি পেয়েছে...? লাঞ্চনা, অবমাননা, মানবতার দুশমন জাতির দাসত্ব, চার্চের উপর ইহুদীদের হস্তক্ষেপ, 'দুটি বিশ্বযুদ্ধ, কয়েক কোটি মানুষ হত্যা, আমেরিকায় কয়েক কোটি রেডইন্ডিয়ানের বংশবধ, অস্ট্রেলিয়ার আদি বাসিন্দাদের নির্মূল, ইহুদী দাতাদের মুখাপেক্ষীতা, মানুষের সামাজিক বিষয়ে ধর্মীয় শিক্ষার যবনিকা এবং স্বাধীনতার নামে পারিবারিক ও সামাজিক বন্ধন ছিন্ন ।

এটি এমন এক জালেম ব্যবস্থা, ক্ষমতাধর শক্তি যার মাধ্যমে সাধারণ জনগণকেকুলুর বলদের মত তাড়িয়ে নিয়ে যাচ্ছে । কুলুর বলদের চোখে পত্টি বেঁধে যেমন কুলুতে জুড়ে দেয়া হয় । সে মনে করতে থাকে যে পথ মাড়িয়ে গন্তব্যের দিকে যাচ্ছি। কিন্তু চোখ খুলতেই দেখতে পায় যেখান থেকে যাত্রা শুরুকরেছিল সেখানেই দীড়িয়ে আছে । আধুনিক যুগের মানুষদেরও একই অবস্থা । যারা ইহুদী দাতাদের তৈরিকৃত ব্যবস্থার কুলুতে বছরকে বছর ধরে জুড়ে রয়েছে, কিন্তু বেফায়দা । এই ব্যবস্থা পরিচালনাকারীরা জনগণকে এই ধোকায় দিতে থাকে যে, গন্তব্য সন্নিকটে । কিন্তু চার পাঁচ বছর পর জনগণ চোখ খুললে দেখতে পায়, যেখান

থেকে যাত্রা শুরুকরেছিল, এখনো সেখানেই রয়েছে । বরং আরও পিছিয়ে গিয়েছে। গণতন্ত্র থাকুক কিংবা স্বৈরতন্ত্র, ব্যবস্থা তো একটাই... জনগণকে বেকুফ বানিয়ে ক্ষমতাধর শক্তিগুলোকে আরও ক্ষমতাবান বানানো ।'যে কোনো মানুষ যদি পিছনের দিকে তাকায়, তো সে এই ব্যবস্থা থেকে কি পেয়েছে, তা দেখতে পাবে ।

খেলাফত হারানোর পর থেকে এই উম্মত আধুনিক এই ব্যবস্থায় এতিম অসহায়ের মত জীবন যাপন করছে । তাদে কুশল জিজ্ঞাসা করার মত কেউ নেই। যে-ই আসে, সান্তনা দেয় এবং ফিরে চলে যায় । গণতন্ত্রের সৌন্দর্য আবার নতুন রূপ নিয়ে বাজারে আবির্ভূত হয় । জনগণের পবিত্র আবেগকে স্পর্শ করে, উত্তেজিত-

- করে । এরপর আবার দংশন করে পালিয়ে যায় ।

মুসলিম বিশ্বের উপর এমন এক কদর্য শ্রেণীকে চাপিয়ে দেয়া হয়েছে, যারা আমাদের ভাষার চেয়ে তাদের শ্বেতপ্রভুদের ভাষা, সভ্যতা এবং তাদের ঐঁতিহ্যের প্রতি অনুরাগী । যেই জাতির খেলাফতে ইসলামীয়ার ছাতার নিচে জীবন যাপন করা ফরয ছিল, সেই জাতি আজ জাতি সংঘের বিশ্ব কুফরি সরকারের অধীনে জীবন যাপন করতে বাধ্য । আন্তর্জাতিক সুদি অর্থ প্রতিষ্ঠানগুলোর অধীনে তাদের কায়কারবার ও ব্যবসা বাণিজ্য চলছে... আল্লাহকে ছেড়ে গায়রুল্লাহকে জীবনব্যবস্থা তৈরির অধিকার দেয়া হয়েছে... আল্লাহর কুরআনকে এত তুচ্ছ প্রমাণিত করা হয়েছে যে, মানুষের তৈরিককৃত পার্লামেন্ট তা অনুমোদন না পর্যন্ত আল্লাহর সত্য কিতাবের কানুনকে আইনের অংশ হতে পারে না। আল্লাহর আইন ব্যতীত অন্য আইনে ফয়সালাকারী আদালতগুলোকে পুলিশ ও সেনাশক্তির মাধ্যমে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি এয়াসাল্লামের উম্মতের উপর চাপিয়ে দেয়া হয়েছে ।

এই ব্যবস্থা আলমে ইসলামকে কি দিয়েছে? ইসলামী শান শওকতের স্থলে আমেরিকা ও ভারতের দাসত্ব । শিল্প-প্রযুক্তিতে উৎকর্ষতার স্থলে অর্থনৈতিক দুরাবস্থা । বিশ্ব শাসন করা তো দূরের কথা, নিজ দেশেও তাদের প্রভু ইংরেজরা তাদের উপর রাজত্ব করছে । ইংরেজের সৃষ্টি করা সেই শ্রেণী, যাদের অনেকের তো বংশক্রমও রক্ষিত নেই, তাদেরকেই মুসলিম বিশ্বের উপর এমনভাবে চাপিয়ে দেয়া

হয়েছে যে, তারা জৌকের মত রক্ত চোষার উপর আছে। দেশ লুণ্ঠন করে, জাতিকে বিক্রি করে । জাতীয় আত্মসম্মানকে বিশ্ববাজারে নিলাম করে। এরপর "সসম্মানে' বিদেয় হয় ।

এই গণতন্ত্র ব্যবস্থাই- যা ওলামায়ে কেরামকে সমাজে তুচ্ছ ও অবজ্ঞেয় বানিয়ে রেখেছে । আর ফাসেক ফুজ্জার ও পাপিষ্ঠদেরকে সম্মানিত, সভ্য এবং বিশিষ্ট (এলিট) সাব্যস্ত করেছে। আল্লাহর আইনের ব্যাপারে যে মূর্খ, জাহেল, সেই হল জজ, বিচারপতি । আর আল্লাহর আইনের আলেমকে ফয়সালা করার অধিকারই দেয়া হয়নি । এই ব্যবস্থা জদ্রজনদের থেকে ভদ্রতা ছিনিয়ে নিয়েছে... । স্বাধীনতার নামে সমাজকে নির্লজ্জ, অশ্লীলতা এবং নগ্নতার অন্ধকূপে নিক্ষেপ করেছে। চারিত্রিক সুকুমারবৃত্ত থেকে বঞ্চিত করেছে। কুলীন, বংশীয় এবং ভদ্র পরিবারগুলোর নারীদেরকে ঘরের বাইরে বের হতে বাধ্য করেছে । যেই নারীকে ইসলাম ঘরের রাণী এবং রাজকন্যার মর্যাদা দিয়েছিল, এই ব্যবস্থা তাদেরকে পুরুষের পশুপ্রবৃত্তির মনরঞ্জনের উপকরণ ব্যবস্থাকারী একটি মেশিনে পরিণত করেছে । এটাই সেই মানবতার শত্রু ব্যবস্থা, যা মধ্যবিত্ত পরিবারগুলোর সুখ-শান্তি ধবংস ও বরবাদ করে দিয়েছে।

মুসলমানদের থেকে দুই বেলার রুটি কে ছিনিয়ে নিয়েছে? পৃথিবীতে যখন খেলাফত প্রতিষ্ঠিত ছিল, উপমহাদেশের মুসলমানদের শিল্পকর্ম গোটা বিশ্বে বিস্তৃত ছিল । ওই সময় গোটা ইউরোপ খাদ্যের জন্যও আমাদের কৃষিকাজের মুখাপেক্ষী ছিল । কিন্তু গণতন্ত্র শিল্প ও কৃষি, কিছুই ছাড়েনি । দেশের বড় বড় শিল্পকারখানা বন্ধ হয়ে বন্ধ হয়ে গিয়েছে। কৃষিক্ষেত্র ধ্বংস হয়ে গিয়েছে । আমরা কৃষি দেশ হওয়া সত্তেও চাল, গম এবং চিনির জন্য আমাদেরকে কেঁদে মরতে হয় । অবস্থা এ পর্যায়ে পৌঁছে গিয়েছে যে, উপার্জনও বন্ধ হয়ে গিয়েছে । একজন সাধারণ দেকানির দোকানও ধ্বংস করে দেয়া হয়েছে।

সাধারণ মানুষেল নিকট পান করার পানি নেই। ক্ষুধায় ছটফট রত শিশুর খাদ্য নেই । রেশন থাকলেও রান্না করার গ্যাস নেই । অথচ ক্ষমতাসীনদের বাচ্চারা পীজা

বার্গারের পিছনেই দৈনিক হাজার হাজার টাকা ওড়াচ্ছে। পানির পরিবর্তে জুস পান করছে । তবে কি এই দেশের জনগণ মানুষ নয়? এরা কি জাতির জননীদের গর্ভ থেকে জন্ম নেয়া পোকা মাকড়?

জনগণ তাদের অধিকারের দাবিতে পথে নামলে লাঠির বাড়ি খায় । ভারতীয় পুলিশদের মতই শুভ্র শশ্রুমন্ডিত বয়বৃদ্ধদেরকে পিচঢালা পথে টেনে হিচড়ে লাণ্ডিত করে । সেনাবাহিনী আমাদেরই সন্তানদেরকে রাজপথে দাঁড় করিয়ে বুলেটে ঝাঝড়া করে দেয়.. । যেনো এটা পাকিস্তান নয়, অধিকৃত কাশ্মীর... । তারা দেশ লুন্ঠন করে, বোন মেয়েদেরকে বিক্রি করে... । তারা দেশের সাথে গাদ্দারী করে, আর জেল খাটি আমরা... । চোরেরা আমাদের ঘর খালি করে, ডাকাতরা আমাদের ঘর লুট করে, পুলিশ ও সেনাবাহিনী এরপরও তাদেরকেই নিরাপত্তা দেয়। আর আদালতে লাঞ্ছিত হই আমরা... ।

আমেরিকা এই জাতির সন্তানদের উপর ড্রোন ও মিজাইল বর্ষণ করে, ভরা বাজারে রক্তের বন্যা বইয়ে দেয় । আর পুলিশ ও সেনাবাহিনী ডলারের বিনিময়ে তাদেরকে নিরাপত্তা দেয়, নিরাপদে সসম্মানে নিজ দেশে পাঠিয়ে দেয় । লাশ পড়ে আমাদের আর ক্ষমতা লাভ করে তারা । আমাদের চুলা জ্বলে না আর তাদের এক একটি কিচিনে কোটি কোটি টাকা ব্যয় হয় । জনগণের ঘর অন্ধকার আর তাদের প্রাসাদের আলোয় চোখ ধেঁধে যায় । জনগণের সামান্য ঝুপড়িও- ছিনিয়ে নিতে চায় আর তাদের সন্তানদের জন্য বড় বড় শহরে ডিফেন্স হাউজিং অথরিটির নামে প্রাসাদ । এরা সাবাই একই রসূনের মূল । এরা সবাই একজন আরেকজনের মোহাফেজ। সেনাবাহিনী রাজনীতিকদের, রাজনীতিকরা সেনাবাহিনীর । গণতন্ত্র, বিচার বিভাগ, সবই এদের ।

হে আল্লাহ! বাহ্যত এরা নিজেরা যুদ্ধ করে কিন্ত জনগণকে চোষার বেলায় এরা সবাই এক । থানায় সাধারণ জনগণ লুণ্ঠিত হয় । আদালতে জনগণ লাঞ্ছিত হয়। ট্যাক্স আদায়কারা ডাকাতি করে । বিদ্যুৎ বিল রূপে যেন হাত বোমা নিক্ষেপ করে যায় । গ্যাস মালিকরা গ্যাস দেয় না। কিন্তু এসব শাসকদের বাসার বিল জনগণ

থেকেই উসুল করে । ব্যাংকগুলো বাড়ি থেকে এবং মহিলাদেরকে গহনা পর্যন্ত বঞ্চিত করেছে। এরা তো সেই লোক যারা ভূমিকম্প ও ঘূর্ণঝরে দুর্গতদের নামে আসা অনুদানও নিজেরো খেয়ে ফেলে ।

পুরনো মুখগুলোগিয়ে নতুন মুখগুলো এলে কি সাধারণ মানুষের দুঃখ ও সমস্যা দূর হবে? সামান্যও কি হ্রাস পাবে? ব্যুরোক্রেসি [এখানে আরবী ইবারত আছে] বা আমলাতন্ত্র, যাদের মুখে মুসলমানদের লেগে গিয়েছে, তা কি ফিরে আসবে? রাজনীতিবিদদের পরস্পরে যে একজন আরেকজনের আত্মীয়, জামাতা, শ্যালক, ভগ্নিপতি, এরা কি এমনি এমনি এই জনগণের জান ছেড়ে দিবে?

কখনোই না, কখনোই না । সব অনিষ্টের মূল হল এই ব্যবস্থা । এই ব্যবস্থা থাকা অবস্থায় শশ্রুমণ্ডিত কোনো ব্যক্তিও যদি দেশের গদিতে বসে, তবুও আমাদের সমস্যার সমাধান হবে না । কারণ এই ব্যবস্থা বিশ্ব শয়তানী ব্যবস্থার সাথে জড়িত । এই ব্যবস্থা বাচিয়ে রাখার জন্য সেখান থেকে সাহায্যের প্রয়োজন হয় । যে ব্যক্তিই এখানে বসবে, সেই এই ব্যবস্থার দাস হয়ে থাকবে । মদের পারমিট বন্টন করতে থাকবে... । ঘুষের বাজার রমরমা করবে... । গণতন্ত্রের গোলাম আল্লাহর সাথে যুদ্ধ অর্থাৎ সুদি কারবার জারি রাখবে... । এর নিরাপত্তার জন্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোকে সক্রিয় রাখবে... ।

আমাদের নতুন মুখের প্রয়োজন নেই... । এরা আমাদের সন্তানের মুখে খাবার দিবে না... । মনে রাখবেন, শৈশবে যারা এক বেলা অনাহারে থাকেনি, উপোষ থাকার যন্ত্রণা সহ্য করেনি, তারা তোমাদের অনাহার-অনিদ্রার কষ্ট কি করে বুঝবে...? অক্সফোর্ড আমেরিকায় পড়ুওয়া শাসকদের এসব সন্তানেরা... এরা সেখান থেকে জগতকে রঙিন বানানোর বিদ্যা অর্জন করে আসে... । শৈশব থেকেই সেই পরিবেশে মদ ও যৌবন তাদের মানবিক জদ্রতা, নৈতিক উৎকর্ষতা, ধর্মীয় মূল্যবোধ এমনকি আত্মীয়তার পবিত্রতাকেও খতম করে দিয়ে থাকে... । এরা শুধুই প্রবৃত্তির দাস। এর জন্য তারা সব কিছুই করতে পারে... । হাটে বাজারে যে বস্তুর মূল্য

আছে, এরা তারই সওদাগার হতে পারে ।

এজন্য প্রত্যেককেই এ বিষয়টি খুব ভালো করে বুঝে নিতে হবে যে, নতুন মুখ আর নতুন শ্রোগান এলেই দেশের ভাগ্য বদলিবে না। নতুন কোনো মুখ যদি এই ব্যবস্থারই কথা বলে, তো বুঝবেন, এ নতুন ডাকাত । আমেরিকা যাকে জনগণকে আরও বেশি লুট করার পারমিট দিয়েছে । কারণ উত্ধ্বমূল্য ও বেকারত্বর সম্পর্ক বৈশ্বিক ইবলিসি ব্যবস্থার হাতে । যে ব্যবস্থা পুরো মুসলিম উম্মাহকে অক্টোপাসের মত গ্রাস করে ফেলেছে । আইএমএফ, বিশ্বব্যাংক এবং তাদের চাপিয়ে দেয়া প্রচলিত এই ব্যবস্থা... আমেরিকা, জাতিসংঘ এবং তাদের বদমায়েশিতে চাপিয়ে দেয়া এই ব্যবস্থাই সব অনিষ্টের মূল। আমাদের জীবন উপকরণ তাদের নিয়ন্ত্রণে... । পরিশ্রম আমাদের, ফল তাদের... । ভূমি আমাদের, ফসল তাদের । সব অনিষ্টের মূল হল এই ব্যবস্থা । এই ব্যবস্থাই তোমাদের দুশমন । তোমাদরে দীনের দুশমন । তোমাদের সন্তানদের দুশমন । নতুন মুখ দেখে আর নতুন শ্লোগান শুনে প্রতারিত হবেন না।

এগুলো সেই গিফট যা এই ব্যবস্থা দিয়েছে। যাতে শতকরা দুই ভাগ সংখ্যালঘু শ্রেণীর মানুষই পাল্টাপাল্টি করে শাসন করে । এটাই সেই গণতন্ত্রের প্রতিশোধ, যা বিশ্ব দাতাসংস্থা (মাল্টিন্যাশনাল) তাদের দুই দুশমন (রোমান ক্যাথলিক খ্রিস্টান এবং মুসলমান) থেকে নিচ্ছে । মানবতা এই শয়তানি ব্যবস্থার বিরুদ্ধে বিদ্রোহ করে আল্লাহর রাষ্ট্র ব্যবস্থার (খেলাফত) ছায়ায় আশ্রয় গ্রহণ করার আগ পর্যন্ত তাদের এই প্রতিশোধ গ্রহণ বন্ধ হবে না।

গণতন্ত্র এমন মরীচিকা, মানুষ যাকে পানি মনে করে তার পিছনে ছুটতে থাকে । কিন্তু পানি হলেই তো তা হাতে পাবে! এটা এমন অন্ধকার গোলক ধাধা, যাতে প্রবেশ করার পর মানুষ তার গন্তব্যের পথই হারিয়ে ফেলে ।

মানবতাও আজ তার পথ হারিয়ে ফেলেছে । আর খেলাফতের আলোয় পথ আলোকিত না হওয়া পর্যন্ত এরা কখনোই সঠিক পথে আসতে পারবে না । এ সময় বিশ্বমানবতাকে এই অন্ধকার অমানিশা ও গোলক ধাধা থেকে উদ্ধার করতে পারে

এক মাত্র আল্লাহ প্রদত্ত ব্যবস্থা । কুরআন সুন্নাহর ব্যবস্থা । খেলাফত ব্যবস্থা । এক মাত্র আল্লাহ প্রদত্ত ব্যবস্থা, যা ফেরেশতাদের সরদার সকল নবীদের সরদারের নিকট এনেছেন । বাকি সবই মিথ্যা, ধোকা ও প্রতারণা ।

আমাদে এমন একটা ব্যবস্থা প্রয়োজন যারা সম্পদের পাহাড় গড়াকে অবৈধ ঘোষণা করবে । এমন একটা ব্যবস্থা দরকার যাতে ধনী-গরিব, শাসক-শাসিত সবার সাথে ইনসাফ করা হয় । এমন ব্যবস্থা দরকার যাতে শাসক রাজা হয় না বরং জনগণের সেবক হয় । যার শরীরে লক্ষ টাকার কোর্ট নয় বরং তালি দেয়া কাপড় শোভা পাবে । যে তার জনগণের গ্রাস ছিনিয়ে নেয়ার পরিবর্তে নিজের পেটে পাথর বেঁধে জনগণকে খাওয়াবে । বিধবা অসহায়দের জন্য নিজ কাঁধে বোঝা বহন করে নিয়ে যাবে এবং তাদের খাবার তৈরি করে দিবে... । যে রাতে মদের নেশায় বুঁদ হয়ে জাতিকে বিক্রি করবে না । বরং নিজের ঘুম বিসর্জন দিয়ে রাতের বেলায় জাতির জন্য আহাজারি করবে । তার প্রজারা যেন ক্ষুধার্ত অবস্থায় না ঘুমায়, কিয়ামতের দিন আল্লাহ তায়ালা যেনো তাকে পাকড়াও না করেন, এ চিন্তায় সব সময় পেরেশান থাকেন।

সুতরাং ওঠো, জাগো । আমাদেরকেই এখন এই ব্যবস্থা উপড়িয়ে ফেলতে হবে। শুধু মিছিল করে কোনো লাভ হবে না । শুধু শ্লোগানে এই হিংস্রদেরকে গদি ছাড়া করা যাবে না। অবুঝ শিশুদের আত্মহত্যাও এদের অন্তরকে গলাবে না। ওঠো, জাগো এবং তোমাদের বুকের ভেতর যে বহ্নিশিখা জ্বলছে, তা তাদের প্রাসাদ পর্যন্ত পৌছিয়ে দাও ।

হে জাতির যুবক ভাইয়েরা আমার! কত দিন নিজের আগুনে নিজের যৌবনকে জ্বালাবে পোড়াবে? বাড়ি থেকে বের হও, স্কুল কলেজ ও মাদরাসা থেকে বেরিয়ে আসো এবং এই তাগুতি ব্যবস্থাকে ভস্ম করে দাও । আমেরিকান ও ভারতীয় এজেন্ট থেকে নিস্কৃতি পাওয়ার এটাও উত্তম সুযোগ । খেলাফত পুনর্জীবন... খেলাফত প্রতিষ্ঠা এই উম্মতের উপর মুসতাহাব বা সুন্নাত নয়, ফরয । খেলাফতহীন এই উম্মত এতিম ।

পঞ্চম অধ্যায়

ইসলামী জীবনব্যবস্থার জন্য সশস্ত্র যুদ্ধ

গণতন্ত্র অথবা “মজলিসে শূরা" নয়: চাই ইসলামী খেলাফত

আমাদের এই আলোচনা থেকে কেউ এ কথা বুঝবেন না যে, গণতন্ত্রের প্রতিই শুধু আমাদের সব বিরাগ ও বিরক্তি । গণতন্ত্র বাদ দিয়ে এই ব্যবস্থায় যৎসামান্য রদবদল করে নতুন এক ব্যবস্থা দেশে চালু করা- যার বাহ্যিক পরিভাষা হবে ইসলাম, আমরা তা গ্রহণ করে নেব- এমন মনে করা ভুল। এমন যে কোনো ব্যবস্থা যাতে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আনীত শরীয়তকে বিনাবাক্যে আইন হিসেবে স্বীকার করা হবে না, কুরআন এবং হাদীস বিচার ব্যবস্থার উৎস ও মূল (Authority) সাব্যস্ত হবে না (এমনকি সালফে সালেহীনের যুগের প্রচিলত পুরনো ইসলামী পরিভাষাও আমরা বাদ দেব না) গণতন্ত্রের মত এগুলোরও একই হুকুম । সুতরাং গণতান্ত্রিক সংসদের নাম পরিবর্তন করে যদি “ইসলামী মজলিসে শূরা” রেখে দিল, আইনে আরও কতিপয় ইসলামী ধারা সংযোজন করল এবং দাড়িওয়ালা কোনো ব্যক্তিকে দেশের প্রধান বানানো হল- এমন নিযাম ও জীবনব্যবস্থার হুকুম গণতনেত্রর মতই । এমন ব্যবস্থার দাড়িওয়ালা পরিচালকও এই আধুনিক প্রতিমার রক্ষক ও তত্ত্বাবধায়ক হবে । এরা বরং দাড়ি ছাড়াদের থেকে আরো অধিক ভয়ঙ্কর হবে ।

সুতরাং এ কথা জানা আবশ্যক যে, সীরাতে মুস্তাকী একটাই । দুনিয়াতে বাস্তবায়ন হওয়ার মত ব্যবস্থা একটাই... । সেটা হল ইসলামী নিযাম...। ইসলামী জীবনব্যবস্থা... ।

পবিত্র কুরআনে আল্লাহ তায়ালা ইরশাদ করেন–

[এখানে আরবী ইবারত আছে]

ইসলামই আল্লাহর নিকট একমাত্র মনোনীত ধর্ম ।

ইসলামের বিপরীতে অন্য সব জীবনব্যবস্থা বাতিল। ভ্রান্ত । আল্লাহর রাসূল খেলাফত ব্যবস্থা প্রতিষ্ঠা করেছেন । আর উম্মত সহস্র বছর বুকের তাজা রক্ত দিয়ে তা রক্ষা করেছে।

আহলে সুন্নাত ওয়াল জামাতের এ বিষয়ের উপর ইজমা রয়েছে যে, বিশ্বের বুকে খেলাফত প্রতিষ্ঠা করা এই উম্মতের উপর ফরয্ । উম্মতের আহলুর রায় (ওলামায়ে কেরাম এবং জাতির নেককার জেষ্ঠ ব্যক্তিগণ) যদি এই ফরয আদায় না করে, তবে গোটা উম্মত গুনাহগার হবে । গণতন্ত্রের দাসত্বের পূর্বে কোনো মুসলমান এ কল্পনই করতে পারত না যে, এই উম্মত খেলাফত ছাড়া বেঁচে থাকতে পারে । খেলাফত কি পরিমাণ ফরয, হযরত নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ইনতিকালের পর হযরত সাহাবায়ে কেরামের এই মোবারক আমল দ্বারা তার গুরুত্ব উপলব্ধি করা যায় । হযরত নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পবিত্র দেহ তিন দিন পর্যন্ত দাফন করা হতে এজন্য বিলম্ব করা হয় যে, সমস্ত সাহাবায়ে কেরাম মদীনার এক মহল্লায় (সাকিফা বনী সাআদ) খলিফা নির্বাচনের জন্য পরামর্শ করছিলেন । হযরত আবু বকর রাযিয়াল্লাহু তায়ালা আনহুর ব্যাপারে যখন সবাই এক মত হলেন, তাকে যখন খলিফা নির্বাচিত করা হল, এরপর গিয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দাফন করা হয় ।

বলার অপেক্ষা রাখে না যে, খেলাফতের এই গুরুত্ব সাহাবায়ে কেরাম হযরত নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকেই শিখে ছিলেন । এর দ্বারা আপনারা অনুমান করতে পারেন যে, হযরত সাহাবায়ে কেরাম খেলাফতবিহীন এতটুকু সময়ও বেঁচে থাকা পছন্দ করেননি যে, আগে নবিজির দাফকার্য সম্পন্ন হোক ।

এজন্য সালফে সালেহীন খলিফা নির্বাচনে তিন দিন পর্যন্ত বিলম্ব করার অবকাশ দিয়েছেন । তিন দিনের ভেতর যদি খলিফা নিযুক্ত না হয় তবে নামা রোযার মত খেলাফত প্রতিষ্ঠা করাও প্রতিটি উম্মতের উপর ফরয হয়ে যাবে। ইহা ছাড়ার কারণে পুরো উম্মত গুনাহগার হবে । কারণ খেলাফত ফরযে কেফায়া হওয়ার ব্যাপারে সমস্ত উম্মতের ইজমা রয়েছে । আর আহলে ইলমগণ এটাও জানেন যে, ফরযে কিফায় নির্দিষ্ট সময়ের ভেতর (তিন দিন) আদায় করা না হলে, তা ফরযে আইন হয়ে যায় । অর্থাৎ এখন এটাকে প্রতিষ্ঠা করা প্রতিটি বুদ্ধিমান প্রাপ্ত বয়স্ক মুসলমানের উপর ফরয হয়ে যায় ।

খেলাফত ছাড়া জীবন যাপন করা কেমন?

হযরত নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিভিন্ন হাদীসে তা বর্ণনা করেছেন–

[এখানে আরবী ইবারত আছে]

যে ব্যক্তি খলিফার হাতে বায়আত না হওয়া অবস্থায় মারা গেল, সে জাহেলিয়াতের মৃত্যু বরণ করল ।

[এখানে আরবী ইবারত আছে]

যে ব্যক্তি এমন অবস্থায় মারা গেল যে, তার উপর কোনো ইমাম (খলিফা) নেই, সে জাহেলিয়াতের মৃত্যু বরণ করল ।

[এখানে আরবী ইবারত আছে]

যে ব্যক্তি দল এবং ইসলাম থেকে আলাদা হল এবং সেই অবস্থায়ই মারা গেল, সে জাহেলিয়াতের মৃত্যু বরণ করল

খোলাফত ছাড়া জীবন যাপন করা কেমন, তা হাদীসগুলোতে স্পষ্টই রয়েছে । বাকি এ বিষয়ে আলোচনা করা এখানে প্রাসঙ্গিক নয় । বিধায় এতটুকুতেই শেষ করা হল।

খেলাফতের (শরীয়ত প্রবর্তন) জন্য সশস্ত্র যুদ্ধ

এক দল লোক রয়েছে, যারা বড় উচ্চকণ্ঠে এ কথা বলে যে, শরীয়ত প্রবর্তনের জন্য এখানে অস্ত্র হাতে নেয়া উচিত নয় । (প্রত্যেক জায়গার সরকারি লোক তাদের দেশের সম্পর্কে এটাই বলে থাকে । এমনকি ভারতের সরকারি আলেমরা হিন্দুদের বিরুদ্ধে পর্যন্ত অস্ত্র হাতে নেয়াকে হারাম বলে ।) তাদের বক্তব্য হল (তাগুতি) আইনের অধীনে শান্তিপূর্ণ আন্দোলনের মাধ্যমেই এখানে ইসলাম প্রবর্তন করা সম্ভব । এমনকি অনেকে তো এ কথা পর্যন্ত বলেন যে, এই "পবিত্র" ব্যবস্থার বিরুদ্ধে প্রতিরক্ষার ক্ষেত্রেও অস্ত্র হাতে নেয়া জায়েয নেই । অথচ তাদের দাবির পক্ষে তাদের নিকট কোনো দলিল-প্রমাণ নেই ।

সর্বপ্রথম আমরা এটা দেখি যে, শরীয়ত প্রবর্তনের জন্য সশস্ত্র আন্দোলনকে শরীয়ত কোন নামে জানে? কুরআন, হাদীস এবং ফিকাহ'র কিতাবগুলোর ভাষ্য দেখলে সহজেই জানা যায় যে, শরীয়ত প্রবর্তনের জন্য সশস্ত্র আন্দোলনকে শরীয়তে "কিতাল ফি সাবিলিল্লাহ' বলা হয় । যার সামান্য পরিমাণ ইলম রয়েছে, এ বিষয়ে তার কোনো দলিলের প্রয়োজন নেই।

আয়েম্মায়ে আরবাআ এবং সমস্ত সালফে সালেহিনী এ বিষয়ের উপর একমত (ইজমা) যে, কিতাল ফি সাবিলিল্লাহ এই উম্মতের উপর ফরয ॥ আর যে ব্যক্তি ফরয অস্বীকার করে, সে ইসলাম থেকে খারেজ ।
এবার আপনারাই চিন্তা করুন যে, "শরীয়ত প্রবর্তনের জন্য সশস্ত্র আন্দোলন করা আমরা জায়েয মনে করি না' এ কথা কে বলতে পারে? পবিত্র কুরআনের এক আয়াত নয় বরং গোটা কুরআনই তার মাননেওয়ালাদেরকে এ কথার দাওয়াত

দিচ্ছে যে, তারা যেনো ইবাদতের ক্ষেত্রে আল্লাহর সাথে অন্য কাউকে শরিক না করে । আর আহলে ইলমের নিকট এ বিষয়টি গোপন নয় যে, এক আল্লাহর ইবাদত গায়রুল্লাহর আইনবিজয়ী থাকা অবস্থায় হতেই পারে না । আর বুঝমান প্রতিটি মুসলমানই এ কথাটি বুঝতে পারবেন যে, যতক্ষণ পযর্ত ইবলিসি ব্যবস্থার বিজয় ও ক্ষমতা বিদ্যমান থাকবে, ততক্ষণ পর্যন্ত তারা আল্লাহর নিযাম বাস্তবায়নই হতে দিবে না। কারণ. এতে তাদের লাগামহীন প্রবৃত্তি পূজার যবনিকাপাত ঘটবে । এ কারণে আল্লাহ তায়ালা শরীয়ত প্রবর্তনের জন্য কিতাল ফরয করেছেন । জ্বি হ্যা, মুস্তাহাব বা সুন্নাত নয় (যদিও একজন খাঁটি রাসূল প্রেমিকের জন্য সুন্নাত হওয়াই যথেষ্ট ছিল) বরং ফরয করেছেন । পবিত্র কুরআনে ইরশাদ করেন–

[এখানে আরবী ইবারত আছে]

আর তোমরা তাদের বিরুদ্ধে লড়াই কর যতক্ষণ না ফিতনার অবসান হয় এবং দীন পূর্ণরূপে আল্লাহর জন্য হয়ে যায় । [সূরা আনফাল : ৩৯]

আর নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন–

[এখানে আরবী ইবারত আছে]

আমাকে নির্দেশ দেয়া হয়েছ যে, আমি যেনো ততক্ষণ পর্যন্ত কিতাল করি, যতক্ষণ না তারা লা ইলাহা ইল্লাল্লাহর (নিযামের বিজয়) স্বীকার করে ।

সুতরাং হে আল্লাহর বান্দারা! গণতন্ত্রে সাফল্যমন্ডিত হওয়ার জন্য নিজ মুখে এত বড় কথা কেনো বল? পাহাড়ের উপর রাখা হলেও তো পাহাড় আল্লাহর ভয়ে কেঁপে উঠবে । "শরীয়ত প্রবর্তনের জন্য কিতাল (তথা সশস্ত্র যুদ্ধ) আমরা জায়েয মনে করি না অথবা আমরা এই বিশ্বাস লালন করি না এই কথার অর্থ মর্ম এবং হুকুম কি,

দয়া করে তা আহলে ইলমের নিকট জিজ্ঞাসা করে জেনে নিবেন ।

এখন আসুন দেখি এদের সম্পর্কে ফুকাহায়ে আহনাফের শীর্ষ ইমাম আবু বকর

- জাসসাস রহিমাহুল্লাহ কি বলেন–

[এখানে আরবী ইবারত আছে]

আর তা এটাই বুঝাচ্ছে যে, প্রতিরোধ না করার নির্দেশ নবী
সাল্লাল্লাহু আলাইহ ওয়াসাল্লামের শরীয়তে প্রমণিত নেই।
ওয়াজিব হল, কোনো মুসলমানকে যখন কেউ হত্যা করার ইচ্ছা
করে, তাকে হত্যা করা (অর্থাৎ নিজের পক্ষ হতে প্রতিরোধ
করা) জরুরি । যদি তার পক্ষে এটা সম্ভব হয়... ।

এরপর গিয়ে বলেন–

[এখানে আরবী ইবারত আছে]

আর এর পক্ষে নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের
এই হাদীস দলিল, যা হযরত আবু সাঈদ খুদরি রাযিয়াল্লাহু
তায়ালা আনহু থেকে বর্ণিত রয়েছে । তিনি বলেন, রাসূলুল্লাহ
সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, তোমাদের মধ্যে
কেউ কোনো মন্দ কাজ হুতে দেখলে তার উচিত তা হাত দ্বারা
বাধা দেয়া । হাত দিয়ে বাধা দেয়ার শক্তি না থাকলে মুখ দ্বারা
বাধা দিবে । মুখ দ্বারা বাধা দেয়ার শক্তিও যদি না রাখে, তাহলে
মনে মনে ঘৃণা করবে । আর এটা ঈমানের নিমস্তর ।'
যাহোক, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মন্দ
কাজকে হাত দিয়ে প্রতিরোধ করার নির্দেশ দিয়েছেন । আর
মন্দ কাজ প্রতিরোধ করা যখন একমাত্র কতলের মাধ্যমেই
সম্ভব, তখন তার প্রতিরোধকারীর জন্য কতল করা জরুরি ।

হাদীসের বাহ্যিক মর্ম এটাই দাবি করে...

আর হাশবিয়া ফিরকার মাযহাব হল, কোনো ব্যক্তিকে যদি কেউ হত্যা করার ইচ্ছা করে, তবে সে ওই হত্যাকারীর সাথে যুদ্ধ করবে না এবং তার প্রতিরোধও করবে না। বরং বিনা প্রতিরোধেই খুন হয়ে যাবে । বিষয় যদি এমনই হয় যেমন এই ফেরকার মাযহাব, প্রতিরোধ করা ছাড়াই খুন হয়ে যাবে । তবে এই হুকুম তো প্রতিটি নিষিদ্ধ কাজের বেলায়ই প্রয়োগ হবে। কোনো পাপী গুনাহ করতে চাইল, বা সম্পদ লুট করতে চাইল, আমরা তাকে তা করতে দেব । এভাবে তো আমর বিল মারুফ এবং নাহি আনিল মুনকার তরক হয়ে যাবে । পাপী ও জালেমরা বিজয়ী হবে । শরীয়তের নাম চিহ্ন মুছে যাবে । আমার জানা মতে ইসলাম এবং মুসলমানের জন্য এর চেয়ে ক্ষতিকর কথা আর কিছুই নেই।

তাদের এই কথা মুসলমানদের সমস্ত বিষয় এবং তাদের নাগরিকদের উপর ফাসেকদের দখল সুগম করে দেয় । এক পর্যায়ে বাজে লোকেরা শাসক হয় । তারা আল্লাহর আইন বাদ দিয়ে অন্য আইন দিয়ে ফয়সালা করে । তাদের এই কথার কারণে ইসলামী সীমান্ত নিশ্চহ্ন হয়ে যায় এবং দুশমনরা বিজয় লাভ করে।

ইমাম আবু বকর জাসসাস রহমাতুল্লাহি আলাইহি এ কথা বলেছেন যে-

[এখানে আরবী ইবারত আছে]

অন্যায় কাজ বন্ধ করার কয়েকটি সুরত হতে পারে ।এক,

তরবারি (অস্ত্র) ছাড়া বন্ধ করা সম্ভব নয়। যদি কেউ

অন্যায়কারীর কাছে আসে, এ মতাবস্থায় যে সে অন্যায় কাজে লিপ্ত রয়েছে, এ ক্ষেত্রে তার জন্য আবশ্যক হল, সে তাকে তরবারির মাধ্যমে বাধা দিবে । যেমন কেউ দেখতে পেল, এক ব্যক্তি তাকে কিংবা অন্য কোনো ব্যক্তিকে হত্যা করবে, অথবা তার সম্পদ ছিনতাই করবে, অথবা কোনো মহিলার সাথে অপকর্ম করছে । আর সে এ কথা জানে যে, তাকে মুখে বাধা দিলে সে শুনবে না। অন্যায় কাজ হতে ফিরে আসবে না। এমনকি ধস্তাধস্তি করেও তাকে ফিরাতে পারবে না। এমন পরিস্থিতিতে তার জন্য আবশ্যক হল, সে তাকে (অন্যায় কাজে লিপ্ত ব্যক্তি) হত্যা করবে। কারণ নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমাদের কেউ যদি কোনো অন্যায় কাজ হতে দেখে, সে যেনো সেই অন্যায় কাজকে হাত দ্বারা বন্ধ করে ।" সুতরাং অন্যায়কারীকে হত্যা করা ছাড়া যখন অন্যায় বন্ধ করা সম্ভব হবে না, তখন তাকে হত্যা করা তার উপর (যে দেখছে) ফরয

[এখানে আরবী ইবারত আছে]

এই উম্মতের সালফে সালেহীন, ওলমা ও ফুকাহায়ে কেরামের মধ্য হতে কেউই এর (প্রতিরোধের) উজুবকে অস্বীকার করেনি । শুধু হাশবিয়া ফেরকা এবং কতিপয় গণ্ুমূর্খ আহলে হাদীস ছাড়া... । তারা বিদ্রোহী দলের সাথে কিতাল করাকে এবং সশস্ত্র আমর বিল মারুফ এবং নাহি আনিল মুনকারকে অস্বীকার করেছে। তারা এমন আমর বিল মারুফ এবং নাহি আনিল মুনকার, যাতে অস্ত্র ব্যবহার করতে হয়, ফিতনা সাব্যস্ত করেছে...।

এ পৃষ্ঠাতে তিনি আরও বলেছেন-

[এখানে আরবী ইবারত আছে]

কারণ তারা (হাশবিয়া এবং কতিপয় গণমূর্খ আহলে হাদীস) মানুষকে (এমন কথা শুনিয়ে যে অন্যায় কাজ বন্ধ করার জন্য শক্তি ব্যবহার করা জায়েয নেই, শান্তিপূর্ণ আন্দোলনের মাধ্যমে আমাদেরকে এ কাজ করতে হবে ।) ইসলামের সাথে বিদ্রোহকারীদের সাথে কিতাল করা এবং শাসকের জুলুম নির্যাতন ও অন্যায়ের বিরুদ্ধে পদক্ষেপ নেয়া থেকে বসিয়ে দিয়েছে। যার ফলে দুশ্চরিত্র, অগ্নিপূজক এবং ইসলামের দুশমনদের বর্তমান সময়ে যিন্দিক শিয়া, কাদিয়ানী, আগাখানি প্রমুখ) বিজয়ের পথ উন্মুক্ত হয়েছে । এই ধারা এ পর্যায়ে পৌঁছেছে যে, ইসলামী মানচিত্রের সীমানা সঙ্কোচিত হচ্ছে। নৃশংসতা ব্যপকতর হচ্ছে। ইসলামী দেশগুলো ধ্বংস হচ্ছে। পতনের, দিকে দ্রুত ধাবিত হচ্ছে ধর্ম ও পৃথিবী । যিন্দিকেরা (যেমন শিয়া, কাদিয়ানী, আগাখানি, স্যেকুলার এবং যারা প্রকাশ্যে আল্লাহর হদ ও জিহাদ অস্বীকার করে) গালি শিয়া এবং সানাবিয়া, খরমিয়া, মজদাকিয়া ক্ষমতায় এসেছে । এগুলো আমর বিল মারুফ এবং নাহি আনিল মুনকার ছাড়ার কারণে এবং জালেম শাসকের বিরুদ্ধে প্রতিবাদ প্রতিরোধ না করার কারণেই হয়েছে ।

আজ যদি ইমাম আবু বকর জাসসাস রহিমাহুল্লাহ আমাদের এই যুগের হাশবিয়াদেরকে দেখতেন, যারা মিম্বার এবং মিহরাবে দীড়িয়ে কাদিয়ানী মতবাদ

প্রচার করে, দাবি করে এবং ফিকহে হানাফী দ্বারা দলিল দেয় যে, এই দেশে (এরা চাই ভারতে হোক কিংবা আমেরিকা ও ব্রিটেনে হোক, কিংবা ইসরাইলেই হোক না কেনো) আমরা সব ধরনের সশস্ত্র আন্দোলনের বিরোধী । এখানে যখন ইসলামী পুলিশ, ইসলামী সেনাবাহিনী এবং ইসলামী আদালত বিদ্যমান রয়েছে, তখন আইন হাতে তুলে নেয়ার এবং লাঠি হাতে রাস্তায় নামার কারো প্রয়োজন কি? যেনাকারী ও বাজে মহিলাদেরকে শক্তি প্রয়োগের মাধ্যমে প্রতিহত করার দরকার কি? নিজের কিংবা অন্য কারো ইজ্জতের উপর আক্রমণকারী পুলিশ ও সেনাবাহিনীর মোকাবেলা করার অধিকার কোথায়? কারো জনবসতিকে আহমাদাবাদ এবং সুরত বানিয়ে দেয়া হলে, তাদের মসজিদগুলোকে মন্দিরে পরিণত করা হলেও বা সশস্ত্র আন্দোলন করা বৈধতা কোথায়?

সুতরাং সমস্ত আহলে সুন্নাত ওয়াল জামাতকে জেনে রাখা উচিত যে, যারা শরীয়ত প্রবর্তনের জন্য সশস্ত্র আন্দোলনকে লাঠিয়াল ইসলাম অথবা তালেবানী ইসলাম বলে উপহাস করে এবং শক্তি প্রয়োগকে অবৈধ মনে করে, তারা আহলে সুন্নাত নয় । তারা হাশবিয়া চেতনার দল। এদের কারণেই মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উম্মতের উপর পাপী, দুশ্চরিত্র, যেনাকারী, মদ্যপায়ী, সতিত্ব বিক্রেতা ও নারীর সওদাগর শাসক. এবং জেনারেলরা বিজয়ী হয়েছে । এরা হাশবিয়া গ্রুপ । এরা কাদিয়ানীদের দোসর । তাই এদের কথা শোনা যাবে না, মানা যাবে না।.... বাহ্যত এদেরকে যেমনই দেখা যাক না কেনো?

আপনি নিজেই ভাবুন! তাদের এই কথা যদি মেনে নেয়া হয় তো আত্মসম্মান কি করে সহ্য করবে যে, কারো বোন, মেয়ে অথবা স্ত্রীর সাথে কোনো জালেম জুলুম করছে, তার শ্ীতাহানী করছে, আর এই আত্মসম্মানহীন ব্যক্তি তার মাথার কাছে দাঁড়িয়ে কাকুতি মিনতি করতে থাকবে যে, দেখো ভাই, লোকটা হারাম কাজ করছে। আল্লাহ এবং তার রাসূল এমন ঘৃণ্য কাজ করতে নিষেধ করেছেন...? আপনিই বলুন, পৃথিবীর বুকে এর চেয়ে বেশরম ও আত্মমর্যাদাহীন মানুষ আর কেউ হতে পারে? আল্লাহর রাসূল সত্য বলেছেন_

পূর্ববর্তী নবীদের বাণী হতে যে বিষয়গুলো পাওয়া গিয়েছে, তার মধ্যে এটাও একটা যে, যখন তোমার মধ্যে লজ্জা থাকবে না, তখন তোমার যা ইচ্ছা কর।

একই পয়েন্ট ইমাম আবু বকর জাসসাস রহমাতুল্লাহি আলাইহি উল্লেখ করেছেন যে, অন্যায় কাজ থেকে বিরত রাখার জন্য যদি শক্তি প্রয়োগ ছেড়ে দিতে হয়, তবে এই নিয়ম অন্য সব মন্দ কাজের বেলায়ও মানতে হবে । অর্থাৎ তাদের সামনে যত যাই হবে, শুধু 'শান্তিপূর্ণ আমর বিল মারুফ এবং নাহি আনিল মুনকার'-এর দাওয়াত দিতে থাকবে ।

যখন এ কথা প্রমাণিত হল যে, আমর বিল মারুফ এবং নাহি আনিল মুনকারের জন্য অস্ত্র হাতে নেয়া ফরয, যখন এ ছাড়া অন্য আর কোনো সুরতে কাজ হবে না। তো জেনে রাখুন দুনিয়াতে সব চেয়ে বড় মুনকার হল কুফরি । আর এই কুফরকে খতম করার জন্য এবং দাপট নিশ্চহ্ন করার জন্য অস্ত্র হাতে নেওয়াও ফরয । এমনকি হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস রাযিয়াল্লাহু তায়ালা আনহু বলেন, ওই সব কাফেররা যখন তোমাদের কথা মানে না, তোমরা তাদের সাথে কিতাল কর ।

তোমরা সর্বোত্তম উম্মত

পবিত্র কুরআনে উম্মতে মুহাম্মাদিয়াকে অন্যান্য উম্মতের উপর এ কারণেই শ্রেষ্ঠত্ব দেয়া হয়েছে । আল্লাহ তায়ালা ইরশাদ করেন–

[এখানে আরবী ইবারত আছে]

তোমরা হলে সবেত্তিম উম্মত, যাদেরকে মানুষের জন্য বের করা হয়েছে । তোমরা ভাল কাজের আদেশ দেবে এবং মন্দ কাজ থেকে বারণ করবে, আর আল্লাহর প্রতি ঈমান আনবে ।

[সূরা আল ইমরান : ১০৩]

আসুন, মুফাসসিরে কুরআন হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস রাযিয়াল্লাহু তায়ালা

আনহুর নিকট এই আয়াতের তাফসীর পড়ি । যাতে আমাদের সবার অন্তর থেকে সব ধরনের ওয়াসওয়াসা এবং শয়তানী কুমন্ত্রণা বের হয়ে যায়। সেই সাথে আমাদের যেন এই কথা জানা হয়ে যায় যে, কোন সেই আমল যার কারণে এই উম্মতকে অন্যান্য উম্মতের উপর শ্রেষ্ঠত্ব দান করা হয়েছে । আর কোন সেই আমল যা ত্যাগ করার কারণে এই উম্মত আজ দুয়ারে দুয়ারে হোঁচট খাচ্ছে । এই আয়াতে কারিমার তাফসীরে হযরত আবদুল্লাহ ইবনে আবব্বাস রাযিয়াল্লাহু তায়ালা আনহু বলেন–

[এখানে আরবী ইবারত আছে]

তোমরা তাদেরকে নির্দেশ দিতে থাক যে, তারা এর সাক্ষ্য দিক যে, আল্লাহ ছাড়া কোনো মা'বুদ নেই । আর আল্লাহ তায়ালা যা নাযিল করেছেন, তা স্বীকার করে । আর তোমরা তাদের সাথে এর উপর কিতাল করতে থাক (অর্থাৎ তারা যখন এটা মানবে, তেমারা তাদের সাথে কিতাল কর ।) এবং লা ইলাহা ইল্লাল্লাহ সবচেয়ে বড় কল্যাণের কাজ । আর এই কালেমা অস্বীকার করা সবচেয়ে বড় মন্দ কাজ । [তাফসীরে কাবীর ৮/১৮০]

ইমাম বুখারী রহমাতুল্লাহি আলাইহি হযরত আবু হুরাইরা রাযিয়াল্লাহু আনহুর সূত্রে এই আয়াতের তাফসীর ইহা বর্ণনা করেছেন যে–

[এখানে আরবী ইবারত আছে]

তোমরা মানুষদের (কাফেরদের) জন্য উত্তম মানুষ । (কারণ) তোমরা তোদের সাথে কিতাল করে) তাদের গর্দান শিকল পড়িয়ে তাদেরকে আনো (যার কারণে তারা যখন তোমাদের সাথে থাকে এবং কাছে থেকে ইসলাম দেখে, তখন এর ব্যবহার ও ইনসাফ দারা প্রভাবিত হয়ে) ইসলাম করুল করে । (এভাবে তাদের সাথে তোমাদের কিতাল করা তাদের জন্য রহমতের

কারণ হয়ে যায়। এজন্য তোমারা এসব কাফেরদের জন্য
সবচেয়ে উত্তম মানুষ ।[সহীহ বুখারী : ৪১৯১]

এটা আল্লাহর আইন, যিনি আহকামুল হাকিমীন । ইহাকে উপহাসের বস্তু বানানো অথবা যার মন চাইল মানল আর যার মন চাইল এর বিরোধিতা করল, এর বিরুদ্ধে বিদ্রোহ করল, এমন বলা আল্লাহর আইনের অবমাননা ।

পৃথিবীর কোনো দেশে গিয়ে যদি আপনি সেখানকার আইনের বিরোধিতা করেন, তো আপনাকে এমন না করার জন্য আবেদন. করা হবে না। বলা হবে না, এমন কাজ কর না । বরং আইন প্রয়োগকারী সংস্থার মাধ্যমে আপনাকে বাধা দেয়া হবে। আর যদি এ কথা বলেন যে, আমি এ দেশের আইন শৃঙ্খলা মানি না, তবে বুঝবেন, মানুষের তৈরিকৃত আইনের বিরুদ্ধে বিদ্রোহ করলে কত ধানে কত চাল হয়!

সুতরাং আপনি নিজেই ইনসাফের সাথে ফয়সালা করুন যে, মানুষের তৈরিকৃত আইনের বিরুদ্ধে বিদ্রোহ করলে যখন ক্ষমা করা হয় না, তো আল্লাহর আইন কি নাউযুবিল্লাহ ইবলিসের আইনের চেয়েও তুচ্ছ ও অবজ্ঞেয় হয়ে গেল? যার মনে চাইবে মানবে, আর যার মনে চাইবে না পশ্চাতে ছুড়ে ফেলবে? তাকে শাস্তি দেয়ার জন্য কুরআন বিশ্বাসীদের নিকট শক্তিও থাকবে না? দুনিয়ার সামনে তার আইনকে অপমানিত করা হবে! হেয় ও অবজ্ঞা করা হবে, যারা ইচ্ছা এই আইন দিয়ে ফয়সালা করাবে, আর যার ইচ্ছা ইবলিসের ব্যবস্থা অনুযায়ী ফয়সালা করাবে, এই জন্যেই কি আল্লাহ তায়ালা এই উম্মতকে শ্রেষ্ঠত্ব দান করেছেন?

আমর বিল মারুফ এবং নাহি আনিল মুনকার ত্যাগ করা

ইমাম ইবনে কাসির রহমাতুল্লাহি আলাইহি বলেন–

হযরত কাতাদা রাযিয়াল্লাহু তায়াল আনহু বলেন,আমার নিকটে
এই রেওয়ায়ত পৌঁছেছে যে, একবার হযরত ওমর ফারুক
রাযিয়াল্লাহু তায়ালা আনহু হজ করেন। তিনি এই আয়াত

তিলাওয়াত করেন- [এখানে আরবী ইবারত আছে] এরপর বলেন, যে ব্যক্তি এই শ্রেষ্ঠ উম্মত হওয়া পছন্দ করে, তার উচিত সে যেনো আল্লাহর বর্ণিত এই শর্ত পুরা করে। (অর্থাৎ আমর বিল মারুফ এবং নাহি আনিল মুনকার । [তাফসীরে ইবনে কাসির, সূরা আলে ইমরান-১১০]

ইমাম ইবনে কাসির রহমাতুল্লাহি আলাইহি সামনে গিয়ে বলেন-

> আর যেই মুসলমান এই বৈশিষ্ট্য থেকে বঞ্চিত থাকল, তো সে ওই আহলে কিতাবের মত হয়ে গেল, আল্লাহ তায়ালা যাদের তিরস্কার করেছেন । তাদের সম্পর্কে আল্লাহ তায়ালা বলেন_
>
> [এখানে আরবী ইবারত আছে]
>
> তারা পরস্পরকে মন্দ থেকে নিষেধ করত না, যা তারা করত । তারা যা করত, তা কতইনা মন্দ!

ফায়দা : এখানে এ কথাটি আবারও স্মরণ রাখবেন যে, হযরত ওমর ফারুক করেন । সুতরাং এখানে আমর বিল মারুফ দ্বারা উদ্দেশ্য ইসলামের হুকুম আর নাহি আনিল মুনকার ছারা উদ্দেশ্য কুফর থেকে বাধা প্রদান । আল্লামা জালালুদ্দীন সুয়ুতী রহমাতুল্লাহি আলাইহি তার “আল ইতকান ফি উলুমিল কুরআন' গ্রন্থে বর্ণনা করেছেন যে, আবুল আলিয়া রহমাতুল্লাহি আলাইহি বলেন-

> কুরআনের প্রতিটি আমর বিল মারুফ দ্বারা উদ্দেশ্য ইসলাম । আর নাহি আনিল মুনকার দ্বারা উদ্দেশ্য মূর্তির (গায়রুল্লাহ) উপাসনা।

পবিত্র কুরআনে আল্লাহ তায়ালা ইরশাদ করেন-_

> . [এখানে আরবী ইবারত আছে]
>
> কেন তাদেরকে রববানী ও ধর্মবিদগণ তাদের পাপের কথা ও হারাম ভক্ষণ থেকে নিষেধ করে না? তারা যা করছে, নিশ্চয় তা কতইনা মন্দ! [সূরা মায়েদা : ৬৩]

[এখানে আরবী ইবারত আছে]

বনী ইসরাঈলের মধ্যে যারা কুফরি করেছে তাদেরকে দাউদ ও মারইয়াম পুত্র ঈসার মুখে লা'নত করা হয়েছে । তা এ কারণে যে, তারা অবাধ্য হয়েছে এবং তারা সীমালঙ্ঘন করত । তারা পরস্পরকে মন্দ থেকে নিষেধ করত না, যা তারা করত । তারা যা করত, তা কতইনা মন্দ! [সূরা মায়েদা : ৭৮-৭৯]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন-_

[এখানে আরবী ইবারত আছে]

শপথ সেই সত্ত্বার, যার কজায় মুহাম্মাদের জীবন! আমার উম্মতের কতিপয় মানুষ কবর থেকে বানর ও শূকরের আকৃতিতে বের হবে । (এরা হবে সেই মানুষ) যারা পাপীদের সঙ্গে চাটুকারিতার মাধ্যমে কাজ করবে (তাদেরকে বাধা দেয়ার চেষ্টা করবে না) । আর শক্তি থাকা সত্ত্বেও নাহি আনিল মুনকারের ব্যাপারে চুপ থাকবে ।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন_

[এখানে আরবী ইবারত আছে]

কোনো জাতি যখন কোনো জালেমকে জুলুম করতে দেখেও বাধা দেয় না। তারা অন্যায় কাজ হতে দেখেও তা প্রতিরোধ করে না, আল্লাহ তায়ালা তাদের উপর ব্যাপক (আ'ম) আযাব চাপিয়ে দিবেন ।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন-

[এখানে আরবী ইবারত আছে]

তোমরা ভালো কাজের নির্দেশ অবশ্যই দিবে এবং মন্দ কাজ
হতে অবশ্যই বাধা দিবে । অথবা আল্লাহ তায়ালা তোমদের
উপর নিকৃষ্ট মানুষ চাপিয়ে দিবেন, যারা তোমাদেরকে নিষ্ঠুর
শাস্তি দিবে । তখন তোমাদের ভলো মানুষেরা দুআ করবে, কিন্তু
তাদের দুআ কবুল করা হবে না । তোমরা ভালো কাজের নির্দেশ
অবশ্যই দিবে এবং মন্দ কাজ হতে অবশ্যই বাধা দিবে । অথবা
আল্লাহ তায়ালা তোমাদের উপর এমন মানুষ পাঠিয়ে দিবেন,
যারা তোমাদের ছোটদের প্রতি দয়াশীল হবে না এবং
বড়দেরকে সম্মান করবে না।

আল্লাহ তায়ালা হযরত ইউশা বিন নুন আলাইহিস সালামের নিকট ওহী প্রেরণ
করেন যে, তোমার কওমের চল্লিশ হাজার নেককার এবং ষাট হাজার গুনাহগারকে
ধ্বংস করব । হযরত ইউশা আলাইহিস সালাম আল্লাহকে বললেন, হে আল্লাহ!
গুনাহগারদেরকে ধ্বংস করবেন, তা তো বুঝলাম । কিন্তু নেককারদের ধবং
করবেন কেনো?
আল্লাহ তায়ালা উত্তর দিলেন, আমি যাদের প্রতি রাগাস্থিত হতাম, এরা (এসব
নেককাররা) তাদের উপর রাগান্বিত হত না। এরা তাদের (গুনাহগার) সাথে
পানাহার করত ।

[এখানে আরবী ইবারত আছে]
আল্লাহ তায়ালা বনী ইসরাইলের এক নবীর নিকট ওহী প্রেরণ
করেন যে, আপনি আপনার কওমকে বলুন, তারা যেন আমার
দুশমনদের প্রবেশের স্থানে প্রবেশ না করে। আমার দুশমনদের
পানাহারের জায়গায় পানাহার না করে। আমার দুশমনদের
বাহনে যেনো আরোহনও তারা না করে। (যদি এমন করে)

তাহলে তারা আমার অন্যান্য দুশমনদের মতই দুশমন হয়ে যাবে ।

[এখানে আরবী ইবারত আছে]
হযরত মালিক বিন দিনার রহমাতুল্লাহি আলাইহি বলেন, আমি তাওরাতে পরেছি, যার প্রতিবেশি কোনো খারাপ কাজ করে, আর সে তাকে তা থেকে বাধা দেয় না, তবে তাকেও ওই খারাপ কাজের শরিক মনে করা হবে ।

আমর বিল মারুফ এবং নাহি আনিল মুনকারের প্রতিদান

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন–

[এখানে আরবী ইবারত আছে]

জালেম শাসকের বিরুদ্ধে ইনসাফের কথা বলা উত্তম জিহাদ ।

এর দ্বারা উদ্দেশ্য সেই হক যা ওই শাসকের কাছে খারাপ লাগে । কিন্তু "আইনের সীমা'র ভেতর থেকে যদি "হক' বলার অনুমতি তাগুতি আইন দিয়ে থাকে, এরপর যদি হক কথা বলেন, তবে সে এই হাদীসের ফযিলত পাবে না। কারণ এই হাদীসে ফযিলত বলছিল, এটা এমন হক, যা বলার কারণে জীবন যাওয়ার আশঙ্কা রণাঙ্গন থেকেও বেশি থাকে । কেননা ইসলামে প্রতিদানের আধিক্যতা কষ্ট ও বিপদের আধিক্যতার কারণে হয়ে থাকে।

[এখানে আরবী ইবারত আছে]

আমার উম্মতের মধ্যে এমন একটা কওম থাকবে, যারা পূর্বের উম্মতের মত প্রতিদান পাবে। (এরা হবে সেই সব লোক, যারা) ফিতনাকারীদের সাথে কিতাল করবে এবং অন্যায়কারীদেরকে বাধা দিবে ।

আমর বিল মারুফ ও নাহি আনিল মুনকারের সর্বোচ্চ স্তর : কিতাল

ইমাম কাফাল রহমাতুল্লাহি আলাইহি বলেন–
অন্যান্য উম্মতের উপর এই উম্মতের শ্রেষ্ঠত্ব কারণ হল, এই উম্মত আমর বিল মারুফ ও নাহি আনিল মুনকারের সর্বোচ্চ স্তর অর্থাৎ কিতালের উপর আমল করে। কারণ আমর বিল মারুফ কখনো অন্তর দ্বারা হয়, কখনো মুখ দ্বারা হয় আর কখনো হাত দ্বারা হয়। এর মধ্যে সবচেয়ে শক্তিশালী স্তর হল কিতাল। কেননা কিতালে জীবনকে হুমকির মধ্যে ফেলতে হয়। সব চেয়ে মারুফ ও ভালো কাজ হল দীন, তাওহীদ এবং রেসালাতের উপর ঈমান আনা । আর সবচেয়ে মুনকার ও মন্দ কাজ হল আল্লাহর দীন অস্বীকার করা। তো জিহাদের মাধ্যমে দীনকে সবচেয়ে ক্ষতিকর জিনিস (কুফর) থেকে রক্ষা করা হয়। যাতে মানুষ সবচেয়ে বড় লাভ, দীন পর্যন্ত পৌঁছতে পারে ! বিধায় ইবাদতের মধ্যে জিহাদের মর্যাদা মহান হওয়া অনাবশ্যক। তো জিহাদ যখন (যা ইবাদাতের মধ্যে সবচেয়ে উত্তম এবং মহান) আমাদের শরীয়ত অর্থাৎ শরীয়তে মুহাম্মাদীতে অন্যান্য শরীয়তের তুলনায় অধিক গুরুত্ ও শক্তির সাথে পাওয়া গিয়েছে, বিধায় নিসন্দেহে এটা অন্যান্য উম্মতের উপর আমাদের উম্মতের শ্রেষ্ঠত্বের কারণ । [তাফসীরে কাবীর : ৮/১৯৩]

ইমামুল হারামাইন রহমাতুল্লাহি আলাইহি ইরশাদ করেন–
আমার নিকট এ ব্যাপারে অধিক উত্তম মত হল যা উসিলবিদগণ বলেছেন। তা হল, জিহাদ একটি “কহরি দাওয়াত'। (অর্থাৎ ইসলাম এমন একটি দাওয়াত, এমন একটি আহ্বান, যার পিছনে একটা শক্তি কার্যকর থাকে ।) এ জন্য যত বেশি সম্ভব (জিহাদ) করা উচিত। পৃথিবতে হয় মুসলমানরা থাকবে না হয় যিম্মিরা (যে কাফের ইসলামী হুকুমতকে ট্যাক্স দিয়ে থাকে) থাকবে।

এই উম্মতের নিদর্শন : বক্ষে কুরআন কাঁধে তলোয়ার

শরহে সিয়ারে কাবীর গ্রন্থে রয়েছে, তাওরাতে এই উম্মতের এই বৈশিষ্ট্যবর্ণনা করা হয়েছে–

[এখানে আরবী ইবারত আছে]

কিতাবুল্লাহ থাকবে তাদের বুকে আর তলোয়ার থাকবে তাদের কাঁধে ।

যেই দাওয়াত ও শরীয়তে জিহাদের প্রকৃতি-মানসিকতা সবচেয়ে বেশি এবং উচ্চ মানের পাওয়া যাবে, সেটাই সর্বশ্রেষ্ঠ দাওয়াত এবং সেটাই সর্বশ্রেষ্ঠ শরীয়ত। শাহ অলিউল্লাহ মুহাদ্দিসে দেহলভী রহমাতুল্লাহি আলাইহি তাঁর 'হুজ্জাতুল্লাহিল বালিগা' গ্রন্থে এভাবে বলেছেন–

সমস্ত শরীয়তের মধ্যে সবচেয়ে পরিপূর্ণ শরীয়ত হল যাতে জিহাদের হুকুম রয়েছে। কেননা আল্লাহ তায়ালা, যিনি তাঁর বান্দাদেরকে কিছু কাজ করার আর কিছু কাজ না করার নির্দেশ দিয়েছেন। এর দৃষ্টান্ত এমন যে, যেমন এক ব্যক্তির গোলাম অসুস্থ। সে তার কাছের মানুষদের মধ্যে হতে একজনকে ওই গোলামকে ওষুধ খাওয়ানোর নির্দেশ দিয়েছেন। এখন সে যদি ওই অসুস্থ গোলামকে জোর করে তার মুখে ওষুধ ঢেলে দেয়, তবে তার এই কাজকে অসৌজন্যমূলক মনে করা হবে না। তবে স্নেহ ও ভালোবাসার দাবি হল, আগে তাকে ওষুধের উপকারিতা বর্ণনা করা, যাতে সে খুশি মনে তা পান করে।

কিন্তু এমন অনেকেই রয়েছে, যাদের ভেতর ক্ষমতার মোহ, নেতৃত্বের লোভ, প্রবৃত্তির তাড়না, অনৈতিক স্বভাব এবং শয়তানি কুমন্ত্রণা প্রবল থাকে। পূর্ব পুরুষের প্রথা-এতিহ্য তাদের ভেতর গভীরভাবে বদ্ধমূল থাকে। এই শ্রেণীর লোকেরা এ ধরনের উপকারিতার বাণী কানে তোলে না। নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে সব বিষয়ের নির্দেশ দিয়েছেন, তা নিয়ে চিন্তা করে না এবং তার উপকারিতা নেয়ে ভাবে না। এই শ্রেণীর মানুষদের ক্ষেত্রে দয়ার দাবি হল, শুধু উপকারিতার কথা বলেই ক্ষ্যান্ত না হওয়া বরং তাদের সাথে কঠোরতাও করা, তিতা ওষুধ যেমন

জোরপূর্বক পান করানো হয়। আর এটাই তাদের প্রতি দয়া। আর পরাজিত করার পথ হল, যে বেশি দুষ্ট হবে, তাকে তেমন শক্তি দিয়েই হত্যা করা। অথবা তাদের ক্ষমতা ও শক্তিকে নির্মূল করা। তাদের সম্পদ ছিনিয়ে নেওয়া, যাতে তারা একদম কাবু হয়ে যায়।

এই সুরতে তাদের অনুগামী ও বংশধরেরা সন্তুষ্টি ও আনুগত্যের সাথে ঈমান গ্রহণ করবে। (যেমন মক্কা বিজয়ের পর হয়েছিল। -লেখক) কারণ নেতারা কেবল তাদের নেতৃত্ব রক্ষার জন্যই তাদের প্রজা ও অনুগামীদেরকে হক ও সত্য থেকে বিরত রাখে। এ বিষয়টিই নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রোমের কায়সারের নিকট লিখে পাঠিয়েছিলেন যে তোমার হাতেই (তোমার) সেবকদের বিপদ। এজন্য অনেক সময় মানুষকে পরাজিত করা তার ঈমান গ্রহণের কারণ হয়। এদিকেই হাদীসের ভেতর ইঙ্গিত রয়েছে।

[এখানে আরবী ইবারত আছে]

আল্লাহ তাদের প্রতি সন্তুষ্ট হবেন,কিয়ামতের দিন যাদেরকে শিকল পড়িয়ে জান্নাতে প্রবেশ করানো হবে ।তা ছাড়া আল্লাহ তায়ালার তাদেরকে হকের দিকে হিদায়াত দেয়া এবং জালেমদের থেকে নিষ্কৃতি দেয়া মানুষের জন্য আল্লাহর পরিপূর্ণ রহমত।

হযরত শাহ সাহেব রহমাতুল্লাহি আলাইহি এরপর বলেন-

কুরাইশ এবং আরবদের থেকে তোমাদের শিক্ষা গ্রহণ করা উচিত, যারা সত্যের দিক থেকে সবচেয়ে দূরে ছিল। দুর্বলদের প্রতি নির্মম জালেম ছিল এবং নৃশংসভাবে পরস্পরের রক্তপাত ঘটাতে । নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের সাথে জিহাদ করেন এবং তাদের অবাধ্যদেরকে, যারা ছিল ক্ষমতাবান এবং বজ্জাত, তাদেরকে হত্যা করেন। অবশেষে আল্লাহর হুকুম প্রাকাশ হয় এবং সবাই নবীজির ফরমাবরদার হয়ে যায়। এদের বিরুদ্ধে যদি শরীয়তে জিহাদের নির্দেশ না থাকত, তবে তারা কিভাবে রহমত (ঈমান গ্রহণ করা। _লেখক) লাভ করত? এরপর আল্লাহ তায়ালা যখন আরব-আজমের উপর নারাজ হলেন, তাদের সম্পদ ও রাজত্ব

নিশ্চহ্ন করার নির্দেশ দেন। হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অন্যান্য সাহীবদেরকে হুকুম দিলেন, তোমরা এ পথে লড়াই কর, যাতে আল্লাহর উদ্দেশ্য পূরণ হয়। (অর্থাৎ আল্লাহ তায়ালার দীন বিজয়ী করে খেলাফত প্রতিষ্ঠা করা। -লেখক) তারা এ বিষয়ে ফেরেশতাদের মত হয়ে গেলেন। তারা আল্লাহর নির্দেশ পুরা করার চেষ্টায় আত্মনিয়োগ করেন।

কেউ এই প্রশ্ন করতে পারেন যে, মানুষকে হত্যা করা এটা কেমন ভদ্রতা? এর জবাবে শাহ সাহেব রমাতুল্লাহি আলাইহি বলেন-
তাদের এই আমল (কিতাল) সমস্ত আমলের মধ্যে মর্যাদাপূর্ণ । তাদের সাথে হত্যা সম্বন্ধযুক্ত হয় না। বরং এর সম্বন্ধ নির্দেশদাতার সাথে হয়। আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

[এখানে আরবী ইবারত আছে]

তোমরা তাদেরকে হত্যা করনি, আল্লাহ তায়ালা তাদেরকে
হত্যা করেছেন। [সূরা আনফাল : ১৭]

এ ছাড়া জিহাদ এবং দাওয়াত বিষয়ে মুহাদ্দিস ও ফুকাহায়ে কেরাম অনেক সবিস্ত রে আলোচনা করেছেন। এখানে তার অবকাশ নেই। এখানে কেবল জিহাদের ফধিলতের কারণগুলো আলোচনা করা হচ্ছে।

জিহাদের ফাযায়েলের কারণসমূহ

এই আমল উত্তম হওয়ার অসংখ্য কারণ কুরআন এবং হাদীসে বর্ণিত হয়েছে। এখানে আমরা শুধু জিহাদের ফাযায়েলের কারণগুলো আলোচনা করব।
জিহাদের ফাযায়েলের কারণসমূহের দিকে ইঙ্গিত করে শাহ অলিউল্লাহ মুহাদ্দিসে দেহলভী রহমাতুল্লাহি আলাইহি তার "[এখানে আরবী ইবারত আছে] গ্রন্থে বলেন-
জিহাদের ফাযায়েলের ভিত্তি কয়েকটি উসুলের উপর :

১. জিহাদে তাদবীরে ইলাহী (আল্লাহর ব্যবস্থাপনা, পৃথিবীতে আল্লাহর নিযাম ও ব্যবস্থা প্রতিষ্ঠা করে শাস্তি ও নিরাপত্তা প্রতিষ্ঠা করা এবং মানুষের কল্যাণের জন্য কাজ করা) এবং তার ইলহাম (আল্লাহ তায়ালা যখন পৃথিবীতে কোনো কাজ করাতে চান, তা তার কোনো বান্দার অন্তরে উদয় করে দেন যে, তুমি এই কাজকর). উভয়টি বিদ্যমান রয়েছে। (অর্থাৎ ইবাদতও ।) এজন্য জিহাদ করা অফুরন্ত রহমত লাভের কারণ । আর এই যুগে (অর্থাৎ শাহ সাহেবের জামানায় যখন খেলাফত প্রতিষ্ঠিত ছিল। তাহলে বর্তমান সময়ের ব্যাপারে কেমন মনে করেন? -লেখক) জিহাদ ত্যাগ করা বড় নেয়ামত থেকে বঞ্চিত থাকা।

২. জিহাদ একটি কঠিন এবং ক্লেশজনক আমল । এই আমলে অনেক কঠিন কষ্ট সহ্য করতে হয়। জান-মাল কুরবান করা এবং বাড়ি-ঘর ছাড়তে হয়। এমন কঠিন আমল কেবল সেই ব্যক্তিই করতে পারে, আল্লাহর দীনের উপর যার অকপট ঈমান রয়েছে এবং দুনিয়ার বিপরীতে আখেরাতকে প্রাধান্য দিয়েছে। আর আল্লাহর উপর রয়েছে পরিপূর্ণ ভরসা এবং আস্থা।

৩. এমন ইচ্ছা (জিহাদ) অন্তরে ঠাই তখনই নেয়, যখন ফেরেশতাদের সাথে তাদের সাদৃশ্যতা অর্জিত হয়। (শাহ সাহেব এটাকে মুজাহিদদের মর্যাদার কথা বর্ণনা করেছেন, শর্ত বলেননি)।

৪. জিহাদ শাআয়িরে ইলাহী (নামায মসজিদ ইত্যাদি) দীন এবং আল্লাহ্র সন্তুষ্টির সমস্ত কাজ হেফাজতের মাধ্যম ।

শাহ সাহেব রহমাতুল্লাহি আলাইহি এগুলোকে জিহাদকারীদের ফাযায়েলের কারণ বর্ণনা করেছেন যে, আল্লাহ তায়ালা তার এই বন্দাদের এত ফযিলত ও মর্যাদার কথা কেনো বলেছেন? যারা জিহাদ করেন, আল্লাহর নিকট তাদের এত বেশি ফযিলত যে, ফেরেশতাদের সাথে তাদের সাদৃশ্যতা হয়। শাহ সাহেব রহমাতুল্লাহি আলাইহি এগুলোকে মুজাহিদদের ফযিলতের কারণ হিসেবে বর্ণনা করেছেন, শর্ত হিসেবে নয়।

আফসোস, মুসলমানরা শাহ সাহবের বর্ণনাকৃত ফাযায়েলকে জিহাদের শর্ত মনে

করে বসে আছে।

হিন্দুস্তানের মুসলমানদের উপরও জিহাদ ফরযে আইন

দিল্লির জমিনের উদর থেকে কি আর কোনো শাহ অলিউল্লাহ মুহাদ্দিসে দেহলভী জিহাদের জন্য প্রস্তুত করবেন?
দিলি থেকে উঠে বালাকোটে রক্ত-মাটিতে একাকার হয়ে যাওয়া জামাতের কোনো ওয়ারিশ কি আর বেঁচে নেই, যে নাকি কুফরি ব্যবস্থার বিরুদ্ধে দাঁড়িয়ে আল্লাহর রাস্তায় জীবন কুরবান করার চেতনা লালন করে?
ইউপির মাটিতে কি এমন কোনো মা নেই, যিনি তার সন্তানদেরকে সেই ঘুম পাড়ানি গান শোনাবেন, যা শুনে যুবকেরা পর্যটনকেন্দ্র ও খেলার মাঠ ছেড়ে শামেলীর ময়দান প্রস্তুত করবে?... (শামেলীতে হক্কানী ওলামায়ে কেরাম ইংরেজদের বিরুদ্ধে জিহাদ করেছিলেন।
বিহারের মাটি কি এতই অনুর্বর হয়ে গিয়েছে যে, আজিমাবাদের মুজাহিদদের মত আরেকটি জামাত তৈরি করার যোগ্যতা নেই?
বাংলার মাটির উপর কোন কাফেরের নজর লেগেছে যে, আরেকজন সিরাজুদ্দৌলার দর্শন থেকে বঞ্চিত?
দক্ষিণ হিন্দুস্তানের মুসমানরা শেরে মাইসুরের সেই বাক্যকে ভুলিয়েই দিয়েছে, যা শুনলে আজো কাফেরদের আত্মা কেঁপে ওঠে...!
গুজরাটের মাটি, যেখানে মুসলমানদের প্রথম পা পড়েছে, যেখানে কুফর ও শিরকের শ্লোগানের বিপরীতে তাকবিরের ধ্বনি প্রথম গুঞ্জরিত হয়েছে। সেখানকার কি হল যে, তাকবির তো এখনও হচ্ছে কিন্তু সোমনাথ কেঁপে উঠছে না কেন...???
এই প্রশ্নগুলো এমন, যা ইতিহাসের একজন ছাত্রের হিন্দুস্তানের মুসলমানদেরকে জিজ্ঞাসা করার অধিকার রয়েছে। আজ যখন পৃথিবীর সর্বত্র জিহাদের আওয়াজ বুলন্দ হচ্ছে, প্রতিটি দেশের মুজাহিদ আফগানিস্তানে জিহাদে শরিক হওয়ার পর

নিজ নিজ দেশে আল্লাহর দীনকে বুলন্দ করার জন্য জিহাদ চালিয়ে যাচ্ছে। তখন বিশ্ব জিহাদী নেতৃত্ব হিন্দুস্তানের ওলামায়ে কেরাম এবং সাধারণ মুসলমানদেরকে এ কথা জিজ্ঞাস করার অধিকার রাখে যে, হিন্দুস্তানের মুসলমান, প্রত্যেক যুগে ইসলামের দুশমন শক্তির বিরুদ্ধে জিহাদের ঝাঁণ্ডা বুলন্দ করেছে। ওলামায়ে হিন্দ ইসলামের দুশমনদের বিরুদ্ধে কঠিন প্রতিকূল পরিস্থিতিতে, পৈশাচিক নির্যাতন নিপীড়ন সত্বেও জিহাদ ছাড়েনি। কিন্তু আজ কি হল যে, জিহাদের ময়দান হিন্দুস্ত ানের মুসলমান শূন্য। অথচ হিন্দুস্তানে জিহাদের ব্যাপারে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিশেষ ফযিলত বর্ণনা করেছেন। ইরশাদ করেন-

[এখানে আরবী ইবারত আছে]

আমার উম্মতের দুটি জামাতের উপর আল্লাহ তায়ালা জাহান্নামের আগুনকে হারাম করেছেন। একটা হল সেই জামাত, যারা হিন্দুস্তান থেকে জিহাদ করবে। আরকেটি হল সেই জামাত যারা হযতর ঈসা বিন মারয়াম আলাইহিমাস সালামের সঙ্গী হবে।

অন্য হাদীসে ইরশাদ করেন-

[এখানে আরবী ইবারত আছে]

(হযরত আবু হুরায়রা রাযিয়াল্লাহু তায়ালা আনহু বলেন-) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের থেকে গযওয়ায়ে হিন্দের প্রতিশ্রুতি নিয়েছেন। আমি (অর্থাৎ আবু হুরায়রা রাযি.) যদি সেই জিহাদ পাই, তবে এই জিহাদে আমার জান-মাল সব ব্যয় করব। যদি শহিদ হই তবে “আফজালুশ শুহাদা' ও উত্তম শহীদদের অন্তর্ভুক্ত হব। আর যদি ফিরে আসি, জাহান্নাম মুক্ত আবু হুরায়রা হব।

সতর্কবাণী

হিজাদে হিন্দের এই ফযিলত কেবল তারাই পাবে যারা আল্লাহর দীনকে বুলন্দ করার জন্য হিন্দুস্তান থেকে জিহাদ করবে। আর যদি কেউ নিছক জাতীয় অথবা দেশপ্রেমের কারণে যুদ্ধ করে, তারা এই ফযিলত পাবে না।

সুতরাং বন্দুস্তানের হে মুসলমানেরা! রহমাতুললিল আলামীন যেই জিহাদের এত ফযিলত বর্ণনা করেছেন, সেই জিহাদ করা কতই না সৌভাগ্যের বিষয়! আল্লাহ তায়ালা আপনাদেরকে এই সুযোগ দান করেছেন, আপনারা এই ফযিলত হাসিল করুন। আর হযরত আবু হুরায়ারা রাযিয়াল্লাহু তায়ালা আনহুর বাক্যমালা বলছে- যারা এই জিহাদে শহীদ হবে, তারা উত্তম শহীদদের অন্তর্ভুক্ত হবে। আর যারা গাজী হয়ে ফিরবে, তাদেরকে জাহান্নাম থেকে মুক্ত করে দেয়া হবে।

দিল্লির জামে মসজিদের “আযমত" আপনাদের অতীত স্মৃতিকে তাজা করে যে এই মাটিতে হিন্দুদের মন্দিরের ঘুন্টি এবং শিঙ্গার বিজয় নয় বরং তাকবিরের ধ্বনিই চুতুর্দিকে গুপ্ররিত হওয়া উচিত... ।

জামে মসজিদের সামনের লালকিল্লা হিন্দুদের হাতে তোমাদের পরাজিত হওয়া এবং দাঙ্গায় কচুকাটা হওয়ার কারণে রক্তাশ্রু ঝরাচ্ছে। যেই কিল্লায় ব্যালথাকারের পূর্বপুরুষ তোমাদের আসলাফের নিকট জীবন ভিক্ষার জন্য আসত, আজ সেই লাল কিল্লাকে তোমাদের তরুণদের জন্য টর্চারসেলে রূপান্তর করা হয়েছে... ।

তোমাদের বিজয়ের প্রতীক কুতুব মিনার, তোমাদেরকে কি এ কথা বোঝানোর জন্য যথেষ্ট নয় যে, যেই জমিনে একবার মুসলমানদের কদম পড়ে, সেখানে অহর্নিশ মসজিদের শাসনই থাকা উচিত। মসজিদ এবং মসজিদওয়ালাদেরই সেখানে বিজয়ী এবং শাসক থাকা উচিত? কারণ তারাই শুধু আল্লাহকে মানে। বাকি সবাই আল্লাহদ্বোহী। সুতরাং আল্লাহদ্রোহীরা কখনো আল্লাহবিশ্বাসীদের উপর শাসন করতে পারে না, রাজত্ব করতে পারে না। আল্লাহর দুশমনেরা আল্লাহর দোস্তদের থেকে

অধিক সম্মানিত হতে পারে না। তোমরা রক্তপাত ও মৃত্যুর ভয় কেনো কর?
তোমরা তো সেই জাতি যারা পানিপথে একাধিকবার ময়দান শোভিত করেছ...
আল্লাহ তোমাদেরকে জ্ঞান-বুদ্ধি দান করেছেন। তোমরা নিজেরাই ফয়সালা কর
যে, পানিপথের রক্তপাত ভালো ছিল নাকি আহমাদাবাদ ও সুরতে ঘটে যাওয়া
দাঙ্গা...?

হিন্দুদের সামনে মাথা নতকারীরাই বেশি জ্ঞানী, নাকি যারা শামেলীর ময়দানে গিয়ে
কালের ফেরাউনের সামনে সিনাটান করে দাঁড়িয়েছিল...?

পদ-পদবী ও ক্ষমতা নিয়ে যারা মুসলমানদেরকে গোলাম বানিয়েছে, তারা
তোমাদের আইডল, নাকি যারা তোমাদের আযাদী ও ইজ্জতের জন্য ফাঁসিকাষ্ঠে
করেছেন... যারা তাদের মাদরাসাকে হুমকির মধ্যে ফেলেছেন... নিজেদের পদ
কুরবানি করেছেন... সহায় সম্পত্তিহারা হয়েছে... কিন্তু এরপরও কাফেরদের
গোলামী কবুল করেননি???

বল, কারা তোমাদে আইডল, কারা তোমাদের আদর্শ...!

দুর্বলতা তো তোমাদের আপত্তি হতে পারে না। তোমরা তো এখনো মাইসুরের
বাঘকে ভোলোনি... । নিঃশ্বাস চলাচলের নাম তো জীবন নয়... । জীবন তো সম্মান
ও আত্মসম্মানের নাম। এ দুটো যদি থাকে আর নিঃশ্বাস ফুরিয়ে যায়, জাতি তবু
মরে না, চিরদিনের জন্য অমর হয়ে থাকে... । কিন্তু এ দুটি যদি মারা যায়, তবে সে
জাতি বেঁচে থেকেও মৃত... যদিও হাজার বছর নিঃশ্বাস চলাচল করে'।

তোমাদের গুরুজন শেরে মাইসুর তো তোমাদেরকে এই রহস্যই বুঝাতে
চেয়েছেন। ভারতীয় পুলিশের বুয়েনেটের ছায়ায় কয়েকটা শারিরীক ইবাদত করার
নামই যদি ধর্মের স্বাধীনতা হয়, তবে দিল্লি এবং লক্ষ্মৌ'র সেসব
আল্লাহওয়ালাদেরও এই স্বাধীনতা ছিল, যারা ঘর-বাড়ি ছেড়ে বালাকোটে
কাফেরদের সাথে যুদ্ধ করতে করতে শাহাদতের পিয়ালা পান করেছেন, দূর দেশে

সমাধিস্থ হয়েছেন...!

হে যুবক ভাইয়েরা! তোমরা কি বাবরী মসজিদের শাহাদতের দিনকে ভুলতে পারবে? এর পরে ঘটে যাওয়া দাঙ্গা... প্রতিটি ঘরে ঘরে তোমাদের যুবকদের লাশ আর লাশ... হিন্দুদের বিজয়ের দিন... একটু স্মরণ কর! সেদিন হিন্দুদের কেমন আনন্দের দিন ছিল...! মনে হচ্ছিল তারা তোমাদের থেকে হাজার বছেরের গোলামী বদলা নিচ্ছে... । না কখনোই না... তোমরা ভুলতে চাইলেও সেই দিনের কথা ভুলতে পারবে না...। নিজেদেরকে ধোকা দিয়ো না...। সেই স্পৃহার কথা স্মরণ কর যখন তোমরা ভারতীয় পুলিশের গুলির সামনে সিনা টান করে অগ্রসর হচ্ছিলে...। সেই জাগরণ... সেই উদ্যম... সেই ক্রোধ... সেই ঝড়... যা তোমাদের বক্ষে জেগেছিল, তা আবার জাগাতে হবে... । তাদেরকে জিহাদের মাত্র একটা স্ফুলিঙ্গ দেখাতে হবে... । জি হটা...! গোটা বিশ্বের মুসলমান আজ এই কুফরি ব্যবস্থার বিরুদ্ধে সোচ্চার হয়েছে। আফগানিস্তানকে দেখো... । তালেবান শুধু আল্লাহর মদদের উপর ভরসা করে দুনিয়ার প্রভু আমেরিকা এবং তাদের প্রযুক্তিকে তুষ বানিয়ে দিয়েছে... । গোটা বিশ্বের মুসলমান এই পবিত্র মাটি থেকে জিহাদ শিখেছে এবং নিজ নিজ দেশে আল্লাহ্‌র নিযাম ও আইনকে বুলন্দ করার জন্য হিজাদের ময়াদন জীবন্ত করেছে। জিহাদের ময়দান এখন হিন্দের মুসলমানদের অপেক্ষায়....হিন্দের নওজোয়ানদের অপেক্ষায়... ।

হে নওজোয়ান! সে সব ভীতুদের কথায় কান দিয়ো না যারা হিন্দুস্তানের শক্তির ভয় দেখায়। জিহাদের শক্তি যদি আমেরিকাকে নাকানিচুবানি খাওয়াতে পারে, তবে হিন্দুদের মত ভীতুরা তোমাদের সামনে কয় দিন দীড়াতে পারবে? তা ছাড়া এই বাহু তো তোমাদেরকে বহুবার পরীক্ষা করেছে! এরা শুধু অসহায় দুর্বল শিশু, নারী এবং বৃদ্ধ মুসলমানদেরকে মারতে পারে...। হিন্দু মায়েরা তাদের সন্তানদেরকে তালেবান এবং ইসলামের মুজাহিদদের মোকাবেলা করা শিক্ষা দেয়নি... । মনে রেখো, হিন্দু একটি ধূর্ত দুশমন। যারা তোমাদেরকে ধূর্ত শ্লোগান দ্বারা তোমাদেরকে

গোলাম বানিয়ে রেখেছে। ময়দানে এরা তোমাদের মোকাবেলা করতে পারবে না। জাগো...! জাগো...! আল্লাহর জন্য জাগো...! হিন্দুদের গোলামীর শৃঙ্খল থেকে বের হওয়ার জন্য ইজ্জতের রাস্তায় বেরিয়ে আসো... । দিল্লি হিন্দুদের নয়, তোমাদের... । সেখানে হিন্দুদের তরঙ্গা নয়, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ঝাণ্ডা উড়বে । আমাদের প্রিয়তম নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ভবিষ্যতবাণী বাস্তবায়নে সময় সন্নিকটে । তোমরা হিন্দুস্তানের বিরুদ্ধে জিহাদ করবে আর হিন্দুনেতাদেরকে জিঞ্জির পরাতে থাকবে। তোমাদের বুযুর্গ-গুরজন নেয়ামতুল্লাহ শাহ অলি রহমাতুল্লাহি আলাইহির ভবিষ্যতবাণী- সীমান্ত প্রদেশ এবং উপজাতি কবিলার আত্মমর্যাদাবোধওয়ালা মুসলমান বাহাদুর বাঘের মত উঠবে এবং দিল্লি, দক্ষিণ, পাঞ্জাব এবং গোটা ভারতকে জয় করবে... । জি হ্যা, সীমান্ত ও উপজাতি অঞ্চলে- ইনশাআল্লাহ লশকর তৈয়ার হচ্ছে, যারা গোটা উপমহাদেশে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের শরীয়ত প্রবর্তন করবে।

হে হিন্দুস্তানের যুকেরা! আমাদের সবার মনিব প্রিয়তম নবী হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে কথা বলেছেন, তা অবশ্যই সত্য প্রমাণিত হবে। সমস্ত হিন্দু শক্তি এবং ভারতের এসব টেকনোলজি আমার প্রিয়তম সত্য নবীর কথাকে ভূল প্রমাণিত করতে পারবে না। হিন্দুস্তানের মাটিতে আবারও মুহাম্মাদে আরাবীর ঝাণ্ডা উড়বে । মুজাহিদরা এই মাটি জয় করবেন। তারা এখানে আবার ইসলামী হুকুমত প্রতিষ্ঠা করবেন... ।
তাই এই ফযিলত অর্জন করার জন্য, নিজেকে এই জিহাদে শরিক করার জন্য, জিহাদের জন্য বেরিয়ে পড়। জিহাদের জন্য প্রস্তুতি গ্রহণ কর। জিহাদ ফরযে আইন হওয়ার সুরতে জিহাদের প্রশিক্ষণ নেয়া প্রতিটি মুসলমানের জন্য ফরয । হিন্দুস্তানের উপর জিহাদ আজ ফরয হয়নি, ইংরেজরা যেদিন হিন্দুস্তান দখল করে, সে দিনই ফরযে আইন হয়েছে। এরপর হিন্দুদের হাতে মুসলমানদের রক্তপাত এই ফরযকে আরও মজবুত করেছে। এরপরও যদি কারো সন্দেহ থেকে থাকে তো

বাবরি মসজিদের শাহাদত তো সব দলিলই পূর্ণ করে দিয়েছে...

সহায় সম্পত্তি লুট করা কিংবা আমাদের বোন মেয়েদের সম্ভ্রমহানি করা... এগুলো কয়েকজন কট্টোরপন্থি হিন্দুদের কাজ নয়। এগুলোর সাথে ভারতী রাষ্ট্র অর্থাৎ এন্টেলিজেন্স, বিউরোক্রেসি (Bureaucracy-আমলাতন্ত্র), পুলিশ এবং সেনাবাহিনী- সবাই জড়িত। আমাদের ক্ষতস্থানে ব্যান্ডেজ বাধার জন্য কখনো কংগেস আমাদের শুভাকাঙ্খি হয়ে ময়দানে আসে । কখনো অন্য কোনো দলকে সামনে আনা হয়। মনে রাখবেন, [এখানে আরবী ইবারত আছে] সমস্ত কাফের এক ও অভিন্ন। সুতরাং এরা শুধু ধোকা দেয়ার জন্য মায়াকান্না করে। তা ছাড়া ভেতরে ভেতরে সবাই আমাদেরকে নিশ্চিহ্ন করার জন্য অথবা আমাদের রক্তধারাকে হিন্দু বানানোর জন্য এক।

আপনারা খুব ভালো করেই. জানেন যে, হিন্দুরা এমন নীচু শত্রু, শক্তিই যাদের একমাত্র ভাষা । কমজোর শত্রুদের সাথে দলিল-প্রমাণ বা সংলাপ করা তাদের ধাতে নেই। যে মার খাচ্ছে তাকে আরো মারো... যে দলিত হচ্ছে তাকে আরো নিষ্পেষিত কর...। এগুলোর দ্বারা তারা খুব তৃপ্তি পায়, সুখ অনুভব করে। তোমরা কি ভারতের প্রাচীন বাসিন্দাদের অবস্থা দেখোনি? হিন্দুরা প্রথমে তাদের উপর নিষ্ঠুর নির্যাতন চালায়, তাদের অসংখ্য মানুষকে হত্যা করে। বাকিদেরকে জোরপূর্বক হিন্দু বানায়। তাদের জাতিকে নিশ্চিহ করার জন্য তাদের ইতিহাসকেই বিকৃতি করে ফেলেছে। শেষে তাদেরকে সুইপার এবং চামার সাব্যস্ত করে অচ্ছুত বানিয়ে রেখেছে। তারা যখন এই অবস্থানকেই অবচেতনভাবে মেনে নিয়েছে এবং ব্রাহ্মণরা যখন নিশ্চিত হয়েছে যে, বিদ্রোহের আর কোনো লক্ষণ নেই, এবার তারা এদের জন্য কয়েকটি ক্ষেত্রে চাকরি কোটা এবং কিছু সুযোগ সুবিধা দিয়েছে... । যারা তাদের ধর্মও গ্রহণ করে নিয়েছে, তাদের সাথেই ব্রাহ্মণদের এই আচরণ । এবার আপনারা আপনাদের ব্যাপারে তাদের ঘৃণা এবং দুশমনির মান পরিমাণ অনুমান করতে পারেন। এরা হল মুসলমানদের আদি দুশমন... । আমাদের আর

তাদের ইতিহাসই হল শত্রুতার ইতিহাস... ।

আমার ভাইয়েরা ধোকা খেয়ো না... প্রতারিত হয়ো না...! ক্ষমতা তাদের হাতে। তাদের পলিসি হল, শিক্ষা ব্যবস্থার উপর ব্রাহ্মণদের নিয়ন্ত্রণ... । এই ময়দানে তারা তোমাদেরকে কখনোই সামনে এগুতে দিবে না। উপরে উঠতে দিবে না। তোমরা মুসলমান হয়ে কি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানগুলোতে ভর্তি হতে পার? সেনাবাহিনীর গুরুত্বপূর্ণ পদে কি তোমাদের স্থান হয়? এ ক্ষেত্রেও তারা তোমাদেরকে ধোকা দেয়। গুরুত্বপূর্ণ কিছু উচ্চপদে মুসলমানি নামধারী কাদিয়ানীদেরকে বসায়। যাতে মুসলমানরা তৃপ্ত থাকে, নিশ্চিন্ত থাকে। অথচ যাদেরকে ডিসপ্লে করা হয় এরা তো হিন্দুদের থেকেও নিকৃষ্ট, হিন্দুদের থেকেও বড় মারাত্মক। যারা মুসলমানদের মত নাম ধারণ করলেও মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দুশমন এবং প্রিয় নবীজির সাথে ধৃষ্টতাকারী। এদের ঘরে ঘরে মন্দির, এরা মুসলমান হতে পারে কি করে?

এজন্য ব্রাহ্মণদের গোলামি থেকে মুক্তি, ভারতীয় জুলুম থেকে আযাদী এবং নিজেদের হারানো সম্মান ও প্রতাপ ফিরে পাওয়ার পথ একটাই- যা ইমামুল আম্বিয়া হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে বলে দিয়েছেন। এই উম্মতের যিল্লতির কারণ জিহাদ ত্যাগ করা। যত দিন পর্যন্ত এরা আবার জিহাদের ময়দানে ফিরে না আসবে, তত দিন পর্যন্ত এদের যিল্লতি ও লাঞ্ছনার বিভিষিকা দূর হবে না।

ওই দেখো...! মুসলিম বিশ্বের প্রতিটি খেত্তা থেকে জিহাদের ডাক তোমাদেরকে পয়গাম দিচ্ছে, মুসলিম উম্মাহর নতুন ভোর উদয় হয়েছে। শরীরে বিস্ফোরক বেঁধে কাফেরদের সারির ভেতর প্রবেশকারী আত্মমর্যাদাশীল বোনেরা তোমাদের আত্মমর্যাদাকে জাগিয়ে দিচ্ছে যে, হে হিন্দুস্তানের ভাইয়েরা! আল্লাহ তায়ালা জাহাদের ভেতর এমন শক্তি রেখেছেন, কাফেরদের বিয়াল্লিশটি দেশ মিলেও তার মোকাবেলা করতে পারবে না। প্রভুত্বে দাবিদার আমেরিকা তার অত্যাধুনিক ড্রোন এবং স্যাটেলাইট থাকা সত্ত্বেও তার হেডকোয়ার্টার পেন্টাগন এবং কাবুলে

বেসক্যাম্প বাগরামকে রক্ষা করতে পারে না...। মাত্র কয়েকজন ফিদায়ী নওজোয়ান আল্লাহর মদদে তা ধ্বংস করতে পারে।

ইয়ামান এবং সিরিয়াকে দেখো...! দজলা ও ফুরাতের (ইরাক) মাটি থেকে ভেসে তোমাদের মুজাহিদ ভাই, অস্ত্র সজ্জিত হয়ে, হাতের তালুতে জীবন নিয়ে, জান্নাতের বিনিময়ে জীবন বিক্রেতা... । নওল কিশোরও রয়েছে, তারুণ্যদীপ্ত যুবকও রয়েছে, তোমাদের মা-বোনেরাও রয়েছে, রয়েছে শুভ্র শশ্রুর এই উম্মতের বয়জেষ্ঠরাও...। সবাই তোমাদের অপেক্ষায় রয়েছে। এরা সবাই হিন্দের মুসলমানদের সাথে রয়েছে। মুহাম্মাদের রবের কসম! একবার তোমরা জিহাদের জন্য দাঁড়িয়ে যাও, দেখবে, ফিলিপাইন থেকে মারাকিশ পর্যন্ত সমস্ত মুজাহিদ তোমাদের সাথে রয়েছে। মক্কা-মদীনার রাজপুত্ররা, সিরিয়া ও ফিলিস্তিন, মিশর ও লিবিয়া, আলজেরিয়া ও মারাকিশ- সবাই একত্রিত হয়ে এদিক থেকে আসতে থাকবে, যেখান থেকে প্রতি যুগে হিন্দুস্তানে ইসলামের ঝাণ্ডা উড়ানো হয়েছে। খোরাসান, আফগানিস্তান শুধু তোমাদের আহ্বানের অপেক্ষায়। এরপর দেখবে, তোমরা যেখানে অশ্রু ফেলবে, এরা সেখানে রক্ত ঝরাবে। যে সব হাত তোমাদের নিঃস্পাপ শিশু ও নিরাপরাধ মা-বোনদেরকে জীবন্ত পুড়িয়ে মেরেছে, এরা সে সব হাত কেটে টুকরো টুকরো করে ফেলবে। বদর ও হুনাইনের রবের কসম! এরা নিকৃষ্ট হিন্দুদের জনবসতিকে পানিপথ বানিয়ে দিবেন। আপনারা একবার আপনাদের ভাইদেরকে ডাক দিয়ে দেখুন...। এরা তো তাদের জীবন বিক্রি করেছেই এজন্য যে, যাতে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লারেম উম্মত হৃত সম্মান ফিরে পায়...। কাফেরদের গোলামী থেকে মুক্তি পেয়ে আল্লাহর বান্দা হয়। কাফেরদের জীবনব্যবস্থার সাথে বিদ্রোহ করে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আনীত সত্য জীবনব্যবস্থা অনুযায়ী জীবন যাপনকারী হয়....।

আর বিলম্ব নয়...। আর একজন বোনের ওড়নায় হাত দেয়ার পূর্বেই... জেগে ওঠো...। আর একবার মুসলমানদেরকে একত্রিত করে তেল ঢেলে জীবন্ত পুড়ে মারার পূর্বেই... তোমাদের ভাইদেরকে ডাক দাও...। হে মুহাম্মাদ বিন কাসিম ও

গজনবীর সন্তানেরা...! হে আওরঙ্গজেব ও আবদালীর জানেশীনরা...! ওঠো... জেগে ওঠো...। তোমাদের যিল্লতি ও লাঙ্কনার উপাখ্যান তো অনেক লিখিত হয়েছে। এবার তোমরা আল্লাহ এবং তার রাসূলের দুশমনদের প্রতিটি জনবসতিকে পানিপথ বানিয়ে দাও। সময়ের দাবি আরেকটি পানিপথ মঞ্চস্থ করা। প্রিয়, এখনি ওঠো...। আল্লাহর ঘর অনেক ধ্বংস করা হয়েছে... । এটা জিহাদের যুগ... জেগে ওঠার যুগ...। জেগে ওঠো... মূর্তিভরা এ সব মন্দিরকে সোমনাথ বানিয়ে দাও... । ইবরাহীম আলাইহিস সালামের প্রিয় সুন্নাতকে যিন্দা কর। অস্ত্র হাতে নাও আর ব্রাহ্মনদের সামনে ঘোষণা কর....

[এখানে আরবী ইবারত আছে]

কে কার জন্য যুদ্ধ করে

ঈমানদাররা শরীয়ত প্রবর্তনের (খেলাফত) জন্য যুদ্ধ করে । আর যারা এই শরীয়ত প্রবর্তনকে অস্বীকার করে অথবা বিরোধিতা করে, তারা শয়তানের পথে যুদ্ধ করে।

[এখানে আরবী ইবারত আছে]

যারা ঈমান এনেছে তারা লড়াই করে আল্লাহর রাস্তায়, আর যারা কুফরী করেছে তারা লড়াই করে তাগূতের পথে। সুতরাং তোমরা লড়াই কর শয়তানের বন্ধুদের বিরুদ্ধে। নিশ্চয় শয়তানের চক্রান্ত দুর্বল । [সূরা নিসা : ৭৬]

আল্লাহ তায়ালা এই আয়াতে যুদ্ধকারীদের স্পষ্ট পার্থক্য নির্ণয় করে দিয়েছেন। যারা আল্লাহকে এক বিশ্বাস করে, তার নাযিলকৃত আইন ও সংবিধান সত্য স্বীকার করে, যেই মহান ব্যক্তিত্বের উপর এই আইন ও সংবিধান নাধিল করা হয়েছে, তার উপর ঈমান এনেছে, তবে এটা কি করে হতে পারে যে, তারা এগুলোর জন্য কিতাল করবে না? এর প্রতিবন্ধিতায় দাঁড়িয়ে যাওয়া ব্যবস্থাকে নিশ্চিহ করার জন্য যুদ্ধ

করবে না? সুতরাং যার অন্তরে ঈমান থাকবে, সে অবশ্যই আল্লাহর রাস্তায় কিতাল করবে। এমনিভাবে যারা আল্লাহর বিপরীতে অন্য কাউকে ইলাহ ও মা'বুদ মেনেছে, আল্লাহ প্রদত্ত ব্যবস্থা প্রত্যাখ্যান করে অন্য আইন গ্রহণ করেছে, তারাও অবশ্যই তাগুতের ব্যবস্থার জন্য কিতাল করবে।

বিধায় বিশ্বে চলমান সন্ত্রাসের যুদ্ধে কারো কোনো সন্দেহ থাকা উচিত নয় যে, যে যেই নিযাম ও ব্যবস্থা (দীন) বিশ্বাস করে, মানে, সে তার জন্যই যুদ্ধ করছে। যারা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলইহি ওয়াসাল্লামের শরীয়ত এবং তার আনীত ব্যবস্থার উপর ঈমান এনেছে, এবং এর বিপরীত প্রতিটি শরীয়ত ও জীবনব্যবস্থাকে বাতিল মনে করে, তারা শরীয়ত প্রবর্তনের জন্য কিতাল করছে। আর যারা শরীয়ত প্রবর্তন চায় না, খেলাফত ব্যবস্থা চায় না, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ব্যবস্থা রক্ষা করার জন্য যুদ্ধ করছে।

উভয় দলের শেরীয়ত প্রবর্তনের জন্য লড়াইকারী এবং শরয়ীত বিরোধী জীবনব্যবস্থার জন্য লড়াইকারী) ভাষণ বিবৃতি গভীর ভাবে পড়লে এই যুদ্ধ আরো সহজে বুঝে আসবে । অমুসলিম দেশ হোক কিংবা মুসলিম দেশ, উভয় দলের ভাষণ-আচরণ, দাবি-শ্রোগান এবং জীবন যাপন পদ্ধতি দেখে যে কোনো সুবিবেচক মানুষ অতি সহজে সিদ্ধান্ত নিতে পারে যে, কে কার জন্য যুদ্ধ করছে?

বাংলাদেশ হোক বা পাকিস্তান, আফগানিস্তান হোক বা ইরাক, সিরিয়া-ইয়ামান হোক বা মিশর এবং পশ্চিমা ইসলামী দেশ, [এখানে আরবী ইবারত আছে] (আল্লাহর রাস্তায় যুদ্ধকারী) এর শ্লোগান, দাবি এবং জীবন পদ্ধতি এক। আর [এখানে আরবী ইবারত আছে] (তাগুতের পথে যুদ্ধকারী) এর শ্লোগান, দাবি এবং লাইফ স্টাইল সবার অভিন্ন।

সুতরাং এই যুদ্ধে কারা হক আর কারা বাতিল, এই বিতর্ক একেবারেই অনর্থক। সারা বিশ্বের তাগুতদের রক্ষিদেরও এ বিষয়ে কোনো সন্দেহ থাকার কথা নয় যে, এদের বিরুদ্ধে যুদ্ধকারী দল (মুজাহিদ) কি চায়? এদের সঙ্কল্প কি?

অনুরূপভাবে তাদেরকেও নিরাশ হতেই হবে যারা এই উম্মতকে জিহাদ থেকে বিরত রাখতে, কুফরির প্রতি অনুগত থাকতে এবং তাগুতের ব্যবস্থার প্রতি সন্তুষ্ট থাকার পাঠ দিয়ে যাচ্ছে । এই উম্মত যেই জিহাদকে শহীদদের মাটি, সুসংবাদের ভূমি- আফগানিস্তান থেকে শিখেছিল, তা এখন অনেক স্তর অতিক্রম করে এমন স্তরে পৌঁছেছে যে, ইহুদী সুদখোরদের বানানো সুদি ব্যবস্থা মুজাহিদদের বন্দুক এবং আত্মোৎসর্গকারীদের আক্রমণে বনিয়াদীভাবেই হুমকির মুখে।

অন্যদিকে সাধারণ মুসলমানদের মধ্যে ইসলামী জাগরণের যে ঢেউ শুরুহয়েছে, তাকে খেলাফতের চেয়ে নিচের কোনো রাষ্ট্র ব্যবস্থার দ্বারা ঠান্ডা করা যাবে না। এই উম্মতকে এখন ইবলিসের দাঁড় করানো ব্যবস্থা, দাজ্জালি শ্লোগান এবং অন্তসারশূন্য প্রতিশ্রুতির দ্বারা ভুলানো যাবে না। এই জাগরণের একমাত্র মনজিল খেলাফত... । হয় শরীয়ত না হয় শাহাদত... । খেলাফত পুনর্জীবিত হবেই হবে... ।

জিহাদকে শরীয়তের রেখাতে প্রতিষ্ঠিত রাখার জন্য এবং খেলাফতকে সঠিকার্থে পৃষ্ঠপোষকতা করতে হবে। অবস্থা দৃষ্টে মনে হচ্ছে, আল্লাহ করলে বিশ্ব কুফরি শক্তিগুলো বেশি দিন ময়দানে মুজাহিদদের মোকাবেলা করতে পারবে না। আল্লাহ তায়ালা এই উম্মতের উপর রহম করবেন এবং সারা বিশ্বে কুফর লাঞ্ছিত ও অপমানিত হবে।
এমনিভাবে সাধারণ মুসলমানদেরকেও মুজাহিদদের পাশে দাঁড়ানো উচিত এবং শয়তানের আওয়াজ, মিডিয়ার দূষিত প্রোপাগাণ্ডা থেকে আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা করে খেলাফত কায়েমের জন্য নিজেদের জান মাল এবং জবান- সবই ওয়াকফ করা উচিত। খেলাফত কায়েম করা মুজাহিদদের উপর যতটা ফরয, সমান ফরয প্রতিটি মুসলমানের উপরই। কিয়ামতের দিন এর ব্যাপারে সবাইকেই প্রশ্ন করা হবে। আর হক্কানী ওলামায়ে কেরামের সব্ চেয়ে বড় দায়িত্ব হল, খেলাফতের

পক্ষে সাধারণ মানুষের মানসিকতা তৈরি করা, জনমত গড়ে তোলা এবং খেলাফত প্রতিষ্ঠার পথে যারা প্রতিবন্ধক, তাদের হুকুম স্পষ্টভাষায় বর্ণনা করা ।

প্রচলিত বিশ্বব্যবস্থা বিদ্যমান থাকাকালীন মুসলমানরা সুদ থেকে বাচতে পারবে না। এই ব্যবস্থায় না মুসলিম ব্যবসায়ী তার ব্যবসাকে বাচাতে পারবে, না কৃষক তার জমিন থেকে কোনো কিছু উপার্জন করতে সক্ষম হবে। ক্রমাগত বেকারত্ব বৃদ্ধি পাবে। ন্যায় বিচার অরোণ্যরোদন হবে। কুফরি ব্যবস্থা নিরাপত্তা দেয়ার সামর্থ্যই রাখে না। এই ব্যবস্থা মুসলমানদেরকে যদি কিছু দিতে সক্ষম হয়, তা হল আত্মহত্যা, গণকবর, জনবসতির ধ্বংসস্তূপ। এই উম্মতের কন্যাদেরকে ধরে নিয়ে ৮৬ বছর কাফেরদের কয়েদখানা বন্দিত্ব, তাও এক মিলিয়ন চল্লিশ কোটি মুসলমান বিদ্যমান থাকা অবস্থায়... । এই ব্যবস্থায় নির্লজ্জতা ব্যপকতর হয়, অশ্লীলতা ডালভাত...। রূপ-সৌন্দর্য সস্তা, আত্মসম্মানহীনতার জয়জয়কর...। এই ব্যবস্থা জুলুমকে আর্ট এবং শিল্প বানায়... । ঈমান বিক্রয়ের বিনিময়ে ক্ষমতা দেয়... । যে লজ্জা ও আত্মসম্মান উপহার দেয়, তাকে বিশ্ব এওয়ার্ডে ভূষিত করে... ।

তাই স্মরণ রাখবেন, এই যুদ্ধ হল জীবনব্যবস্থার যুদ্ধ। আমরাও এর উপর ঈমান রাখি যে, আমরা এবং সারা দুনিয়ার আমাদের সকল সাথী কারো সাথে ব্যক্তিগত শত্রুতা, রাজনৈতিক দ্বন্দ্ব, অর্থনৈতিক স্বার্থের জন্য যুদ্ধ করে না। বরং আমাদের যুদ্ধের একমাত্র উদ্দেশ্য আল্লাহর দুনিয়া আল্লাহর ব্যবস্থা অনুযয়ী পরিচালিত হবে। আল্লাহর জমিনে আল্লাহর কুরআন বাস্তবায়তি হবে । আমরা এ কথাও দ্ব্যর্থহীনভাবে স্বীকার করছি যে, আমাদের দুশমনও (বিশ্ব সাম্জ্যবাদ ও তার জোট) তার উদ্দেশ্যে একদম পরিস্কার। তারাও এজন্য যুদ্ধ করছে যে, দুনিয়াতে এই ইবলিসের তৈরিকৃত গণতান্ত্রিক জীবনব্যবস্থা, বিশ্ব অর্থ ব্যবস্থা এবং তাগুতি লাইফ স্টাইল বাকি থাকুক। মানুষ আল্লাহর ইবাদতের পরিবর্তে ইবলিসের ইবাদত করুক। বিশ্বের কোনো প্রান্তেই এমনকি গুহা-জঙ্গল ও পাহাড়েও মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আনীত জীবনব্যবস্থা প্রতিষ্ঠিত না হোক। কারণে এতেই যে এই ইবলিসি জীবনব্যবস্থার মৃত্যু ।

তাই প্রিয় মুসলমান ভাইয়েরা আমার! এই যুদ্ধ কুফর এবং ইসলামের... । এই যুদ্ধ মুহাম্মাদী নিযাম এবং ইবলিসি মিশনের... এই যুদ্ধ হল লাইফ স্টাইলের... । জি হ্যা, এই যৃদ্ধ, লাইফ স্টাইল এবং জীবন পদ্ধতির যুদ্ধ... ।

বলুন, এই পৃথিবীকে কিভাবে চালানো হবে... বিচার ব্যবস্থা কেমন হবে... অর্থ ব্যবস্থা কেমন হবে... যার দ্বারা শুধু মুসলমানরাই নয় বরং গরীব কাফেররাও তাদের অধিকার পাবে...?

এগুলো কে ভালো বলতে পারে? তারা, যারা নাকি নিজের মাকেও ব্যক্তি স্বার্থে বিক্রি করে। যারা নিজের মেয়েদেকে উপহার দিয়ে ইবলিসি মিশন সফল করে... । নাকি সেই সত্ত্বা, যিনি এই উম্মতের আনন্দের জন্য সব কষ্ট বুকে ধারণ করেছেন... । যিনি এই উম্মতকে সুখি করার জন্য সব ক্ষত অন্তরে লুকিয়ে রেখেছেন। আপনিই ফয়সালা করুন, ইবলিসের তৈরিকৃত জীবনব্যবস্থা অনুযায়ী চলে মানুষ সফলতার শীর্ষে পৌঁছতে পারবে নাকি আল্লাহ প্রদত্ত জীবনব্যবস্থা শরীয়ত প্রবর্তন করে?

প্রিয় ভাইয়েরা আমার! ধোকা খাবেন না, প্রতারিত হবেন না। মিডিয়ার কথা কানে তুলবেন না। আপনারা মুসলমান, আপনার জবান কেনো কুফরির পক্ষে চলবে? আপনার সহমর্মিতা কিভাবে ইবলিসি দাজ্জালি শক্তি পাবে? কিয়ামতের দিন কি জবাব দিবেন? কি করে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মুখোমুখি হবেন? রাসূল প্রেমকিদের কাতারে তাকে কিভাবে উঠানো হতে পারে, যে নাকি একটি কথার মাধ্যমে হলেও আমেরিকা অথবা এই তাগুতি গণতান্ত্রিক জীবনব্যবস্থার জন্য যুদ্ধকারী শক্তির পক্ষে সহযোগিতা করে? ধোকা... প্রতারণা... প্রবঞ্চনা... গলাবাজি....। আল্লাহর দোহায় লাগে, এসব গলাবাজিতে কান দিবেন না....। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, শেষ জামানায় শয়তানেরা মানুষের আকৃতিতে এসে ওয়াজ করবে, ভাষণ দিবে । সুতরাং তোমরা তাদের বংশ পরিচয় জেনে নিয়ো।

টিভিতে কারা চাপাবাজি করে? কেউ শিয়া, কেউ কাদিয়ানি, কেউ পারভেজি...। কেউ আধুনিক মুরতাদ (স্যেকুলার), কেউ যিন্দিক...। কেউ ইরানে পড়েছে, কেউ ইসরাইলে দুই বছরে কাটিয়ে এসেছে... । কেউ ডেনমার্কের দূতাবাস থেকে ফান্ড নিয়ে আমেরিকায় কাফেরদের কুকুর ধোওয়ায়, কেউ আমেরিকা ও ব্রিটেনের ভিসার জন্য "মুসলিহাত'এর চাদর পরিধান করে হক বাতিলকে মুখে ও কলমে এলিয়ে ফেলতে চায়। কারো শিক্ষক ওহিদুদ্দিন খান, কেউ বা গামেদির খলিফা... । আল্লাহর দোহায়... ধোকা খাবেন না, এটা ঈমানের বিষয়... পরকালের ব্যাপার... । ওই দিন কেউ কোনো কাজে আসবে না, উপকারে আসবে না। পথভ্রষ্টরা পথভ্রষ্টকারীদেরকে গালমন্দ করবে, ধিক্কার দিবে, কিন্তু তা কোনোই কাজে আসবে না... । ওয়ায়েজিন, মুবাল্লিগীন, কায়েদীন... সবাই সেদিন ভোল পাল্টাবে...। সাফ সাফ বলে দিবে, আমরা তো তোমাদেরকে বিপথে নেইনি, তোমাদের ভেতরই তো ভেজাল ছিল, তোমাদের অন্তরেই তো খাদ ছিল।

প্রিয় মুসলমান ভাইয়েরা! অন্তরের খাদ ও ভেজাল থেকে আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা করুন। অন্তরের এই খাদ পরিস্কার করার উত্তম পদ্ধতি হল জিহাদ। অলসতা অনেক হয়েছে, আর বিলম্ব করেন না...। নফসের এই ধোকায় পড়েন না যে, ইমাম মাহদী আসলে জিহাদ করব। পবিত্র কুরআন এই বাহানাকেও অন্তরের খাদ বলেছে।

[এখানে আরবী ইবারত আছে]

তারা যদি সত্যি জিহাদে বের হওয়ার ইচ্ছা রাখত তবে কিছুটা হলেও তো প্রস্তুতি নিত। [সূরা তাওবা : ৪৬]

সুতরাং জিহাদের প্রস্তুতি তো নিন। এ সময়ের জিহাদের যে প্রস্তুতি এবং যে মাধ্যমে জিহাদ করা হচ্ছে, তার প্রস্তুতি গ্রহণ প্রত্যেক মুসলমানের উপর ফরয। ইমাম মাহদীর যুগে কি অস্ত্র হবে, আমরা তার যিম্মাদার নোই। সে সম্পর্কে আমাদেরকে

জিজ্ঞাসাও করা হবে না। আমাদেরকে এ কথাই জিজ্ঞাসা করা হবে যে, কি করে এসেছো । ঠিক আছে, আপনার কথাই মেনে নিলাম যে, ইমাম মাহদীর সময় তো ক্লাশিংকফ থাকবে না... সুতরাং তা চালানো শিখে লাভ কি? তাহলে আমার প্রশ্ন তরবারি চালানো কি শিখেছেন? চার পাঁচ কিলো ওজনের তরবারি হাতে তুলে কতক্ষণ ঘুরাতে পারেন? এক হাতে তরবারি আর এক হাতে ঘোড়ার লাগাম ধরে কিভাবে যুদ্ধ করতে পারবেন? অগ্নিঝরা দুপুরে তপ্ত মরুভূমিতে কয়দিন পায়ে হাটতে পারবেন? কখনো বরফ ঢাকা পাহাড়ে থেকে দুশমনদের সাথে যুদ্ধ করার অভিজ্ঞতা কি রয়েছে? টিভির স্ক্রিন ছাড়া কখনো কি স্বচক্ষে রক্তে রঙিন রনাঙগণ দেখেছেন?

হে এক আল্লাহ বিশ্বাসীরা! কথাগুলো আসলে এমনই । যাদেরকে জিহাদ করতে হয় তারা এ কথা চিন্তা করে না যে আগামীকাল ক্লাশিংকভ থাকবে কি থাকবে না। তারা শুধু এটা দেখে যে, তাদের রব আজ কি হুকুম করেছেন। তাদের উপর কি ফরয করেছেন। ব্যাস, তারা শুধু নিজেদের জীবন কিতালের রাস্তায় আল্লাহর নিকট বিক্রি করে দেন। জান্নাতের বিনিময়ে... জান্নাতের দৃশ্য এবং প্রিয়তম প্রভুর দর্শনের আশায়... মহান রবের সাক্ষাতের ব্যাকুল আগ্রহে... মালিকের সাথে ব্যবসা করে... লাভজনক ব্যবসা... যে ব্যবসায় কোনো প্রকার লস নেই... বড় লাভবান ব্যবসা । জন্য... বিলম্ব করো না... । উভয় জগতের বাদশা যেন আবার রাগ করে ঘোষণা না করেন–

[এখানে আরবী ইবারত আছে]

নিশ্চয় তোমরা প্রথমবার বসে থাকাই পছন্দ করেছ, সুতরাং তোমরা বসে থাকো পেছনে (বেসে) থাকা লোকদের সাথে। (সূরা তওবা : ৮৩]

কারো বসে থাকায় আল্লাহর জিহাদের কোনো ক্ষতি হতে পারে না। আল্লাহ তায়ালা কারোই মুখাপেক্ষী নন। সুতরাং ওঠো, হে উম্মতে মুহাম্মাদীর নওজোয়ানরা ওঠো...! যেই নবীর ভালোবাসার দাবি কর, তার ব্যবস্থা প্রবর্তনের জন্য বেরিয়ে

আসো... । এর মোকাবেলায় দাঁড়ানো ব্যবস্থার রক্ষীরা তাদের ব্যবস্থাকে বাচানোর হিন্দু, বৌদ্ধ এবং তারাও যারা মুখে মুখে নবীজির কালেমা পড়ে কিন্তু অন্তর... তাদের জীবন... নবীজির দুশমনদের সঙ্গে রয়েছে... । এরাও শয়তানের ব্যবস্থা রক্ষা করার জন্য শেষ নিঃশ্বাস পর্যন্ত লড়াই করে যাওয়ার শপথ করেছে... । প্রিয়, তোমরাও তোমাদের প্রিয়তম নবী হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিযাম ও জীবনব্যবস্থা প্রতিষ্ঠা করার শপথ কর...। বিশ্ব জুড়ে একটাই শ্লোগান উচ্চকিত কর.... হয় শরীয়ত, না হয় শাহাদত... হয় শরীয়ত, না হয় শরীয়ত। প্রিয়, সফলতার পথ এটাই ।

[এখানে আরবী ইবারত আছে]

সমাপ্ত

সময়ের অন্যতম ইসলামি স্কলার মাওলানা আসেম ওমর
দা.বা. ও শাইখ ড. আব্দুল্লাহ আযযাম রহ. এর
সদ্য প্রকাশিত কয়েকটি মূল্যবান বই-

○ ইমাম মাহদীর শত্রু-মিত্র/ মাওলানা আসেম ওমর

○ ইসলাম ও গণতন্ত্র মাওলানা আসেম ওমর

○ আফগানিস্তানে আমি আল্লাহকে দেখেছি/ শাইখ ড. আব্দুল্লাহ আযযাম রহ.

○ এসো কাফেলাবদ্ধ হই/ শাইখ ড. আব্দুল্লাহ আযযাম রহ.

○ যুবক ভাইদের প্রতি বিশেষ বার্তা/ শাইখ ড. আব্দুল্লাহ আযযাম রহ.